CMYK

ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA

গৌরবের ৬৮ তম বছর

অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com

JAGARAN ■ 28 November 2021 ■ আগরতলা ২৮ নভেম্বর ২০২১ ইং ■ ১১ অগ্রহায়ন ১৪২৮ বঙ্গাব্দ, রবিবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা







### রামচন্দ্রঘাটে উন্মত্ত যুবকের নজিরবিহীন নৃশংসতা

# দুই শিশুকন্যা, বড় ভাই, অটোযাত্রী ও পুলিশ অফিসারসহ পাঁচজনকে শাবল দিয়ে কোতল

**নিজস্ব প্রতিনিধি, খোয়াই, ২৭ নভেম্বর।।** উন্মত্ত ব্যক্তির নৃশংসতার শিকার হয়েছেন দুই শিশু কন্যা ও পুলিশ আধিকারিক সহ পাঁচজন। বধ্যভূমি ত্রিপুরায় খোয়াই জেলায় উত্তর রামচন্দ্রঘাট এলাকায় ভিড় চৌমুহনীর শেওরাতলি। শুক্রবার গভীর রাতে প্রদীপ দেবরায় তাঁর দুই অবুঝ সন্তান মন্দিরা দেব রায় ও আরতি দেব রায়, বড় ভাই অমলেশ দেব রায়, অটো যাত্রী কৃষ্ণ দাস এবং খোয়াই থানার সেকেন্ড অফিসার সত্যজিত মল্লিককে শাবল দিয়ে এলোপাথারি আঘাত দিয়ে খুন করেছে। তাঁর স্ত্রী মিনা পাল দেব রায় এবং অটো যাত্রী কর্ণবীর দাসকেও খুনের চেষ্টা করেছে। তাঁরা বর্তমানে আশঙ্কাজনক অবস্থায় জিবি হাসপাতালে চিকিতাধীন রয়েছেন।

ত্রিপুরা পুলিশের মহানির্দেশক ভি এস যাদব জানিয়েছেন, উন্মত্ত ওই ব্যক্তিকে পুলিশ গ্রেফতার করেছে। তাঁর নৃশংস আক্রমণ প্রতিরোধ করতে গিয়ে খোয়াই থানার পুলিশ আধিকারিক শহীদ হয়েছেন। খোয়াই জেলা পুলিশ সুপার কিরণ কুমার রাও বলেন, ওই ব্যক্তি গতকাল বিকেলেও স্বাভাবিক ছিলেন। তবে, তিনি দুয়েক দিন ধরে মানসিক অবসাদগ্রস্তের মতো আচরণ করছিলেন, স্থানীয় জনগণের রিপোর্টে এমনটা পুলিশ জানতে পেরেছে। কর্বত্যরত অবস্থায় পুলিশ আধিকারিক সত্যজিত মল্লিকের শহীদ হওয়ার গভীরভাবে মর্মাহত হয়েছেন ত্রিপুরার মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব। কেন্দ্রীয় সামাজিক ন্যায় ও ক্ষমতায়ণ মন্ত্রকের রাষ্ট্র মন্ত্রী প্রতিমা ভৌমিকও ওই ঘটনায় গভীর দুঃখ প্রকাশ করেছেন। খোয়াই জেলার অতিরিক্ত পুলিশ সুপার রাজীব সেনগুপ্ত জানিয়েছেন, শহীদ সত্যজিত মল্লিকের শেষকৃত্য পূর্ণ রাষ্ট্রীয় মর্যাদায় সম্পন্ন হবে।



শহীদ পুলিশ ইনস্পেক্টর সত্যজিৎ মল্লিক (বাঁয়ে) এবং শহীদ পুলিশ অফিসারকে অন্তিম শ্রদ্ধা জানানো হয় খোয়াই থানায় (ডানে)।

শুক্রবার রাত খোয়াই জেলায় শেওরাতলি এলাকা নৃশংস হত্যালীলার সাক্ষী রইল। নৃশংসতা এতটাই কঠোর স্থানীয় জনগণ তা ভাষায় প্রকাশ করতে পারছেন না। জন্মদাতা পিতা নিজের সাত বছরের কন্যা সন্তান এবং এক বছর বয়সী কন্যা সন্তানকে শাবল দিয়ে কুপিয়ে হত্যা করেছে। খুনি প্রদীপ দেব রায়ের নৃশংসতায় হতবাক হয়ে পরেন তার স্ত্রী ও পরিবারের সদস্যরা। খোয়াই জেলা পুলিশ সুপার স্থানীয় জনগণের উদ্বৃতি দিয়ে বলেন, শুক্রবার রাত ১১তা নাগাদ নিজ ঘরেই প্রথমে বড় মেয়ে মন্দিরা দেব রায় এবং কোলের শিশু ছোট মেয়ে আরতি দেব রায়কে শাবল দিয়ে এলোপাথারি কুপিয়ে খুন করেছে প্রদীপ। তার স্ত্রী মিনা পাল দেব রায় এগিয়ে আসলে তাকেও শাবল কুপিয়েছে প্রদীপ। চিতার শুনে বড় ভাই অমলেশ দেব রায় ছুটে আসেন। তাকেও শাবল দিয়ে এলোপাথারি আঘাত করেন প্রদীপ। তাতে বাড়ির ভেতরেই দুই কন্যা সন্তান ও তার বড় ভাইয়ের মৃত্যু হয়েছে।

পুলিশ সুপার আরও বলেন, বাড়িতে হত্যাযজ্ঞ শেষ করে প্রতিবেশীদের বাড়িঘরে হামলা চালিয়েছিল প্রদীপ। সেখান থেকে রাস্তায় ☛ ৬ এর পাতায় দেখুন

## পাকিস্তানের সাথে যুক্ত সংস্থা ত্রিপুরায় ভুয়ো ছবি ও ভিডিও প্রচার করেছে ঃ ডিজিপি

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৭ নভেম্বর।।** পাকিস্তানের সাথে যুক্ত সংস্থা ত্রিপুরায় ভুয়ো ছবি ও ভিডিও প্রচার করেছে। আজ ত্রিপুরা পুলিশের মহানির্দেশক ভি এস যাদব এই দাবি করেছেন। তাঁর দাবি, বাংলাদেশে হিন্দুদের উপর আক্রমনের পর ত্রিপুরায় বিক্ষোভকে ঘিরে যেমনটা প্রচার করা হয়েছে, তেমন পরিস্থিতি ছিল না।

ত্রিপুরা পুলিশের মহানির্দেশক ভি এস যাদব এদিন বলেন, সামাজিক মাধ্যমে ভুয়ো খবর ছড়ানোর কারণে সারা দেশে ত্রিপুরা বদনাম হয়েছে। শুধু তাই নয়, ত্রিপুরায় কিছুটা অশান্তির পরিবেশ কায়েম হয়েছিল। তাই, বিভিন্ন ধারায় মামলার পাশাপাশি ইউএপিএ ধারাতেও মামলা রুজু হয়েছে।

তাঁর দাবি, ত্রিপুরার পরিস্থিতি সর্বত্রই স্বাভাবিক রয়েছে। কিন্তু, ভুয়ো খবর চারিদিকে ছড়ানো হয়েছে। মসজিদে ভাংচুর এবং অগ্নিকান্ডের ভুয়ো ছবি এবং ভিডিও প্রচার করা হয়েছে। তিনি বলেন, তদন্তে বেরিয়েছে ওই সমস্ত ভুয়ো ছবি এবং ভিডিও প্রচারের সংস্থাগুলি পাকিস্তানের যুক্ত রয়েছে।

## পুর ও নগর নির্বাচনে গণনা বয়কটের সিদ্ধান্ত সিপিএমের

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৭ নভেম্বর।।** গণনা বয়কটের সিদ্ধান্ত নিয়েছে সিপিএম। আগরতলা পুর নিগম সহ পাঁচটি পুর সংস্থায় পুণ:ভোটের দাবি জানিয়েছিল বামেরা। সেখানেই গণনায় অংশ নেবে না সিপিএম। আজ এ-কথা সাফ জানিয়েছেন সিপিএম রাজ্য সম্পাদক জিতেন্দ্র চৌধুরী। তাঁর বক্তব্য, নির্বাচনে গণ হারে রিগিং, ছাপ্পা ভোট হয়েছে। সাথে বড় মাত্রায় সন্ত্রাস দেখেছে ত্রিপুরাবাসী। এই পরিস্থিতিতে গণনা বয়কটের সিদ্ধান্ত নেওয়া ছাড়া অন্য পথ খোলা ছিল না সিপিমের।

এদিন তিনি বলেন, নির্বাচনের পরেই সন্ত্রাস এবং ছাপ্পা ভোটের বিরোধিতায় পুন:ভোটের দাবি তুলেছিল বামেরা। আগরতলা পুর নিগম, বিলোনিয়া পুর পরিষদ, ধর্মনগর পুর পরিষদ, খোয়াই পুর পরিষদ এবং মেলাঘর পুর পরিষদে ভোট বাতিল করে পুন:ভোটের দাবি জানানো হয়েছে। কিন্তু, এই দাবি পূরণের কোন লক্ষণ দেখা যাচ্ছে না। এছাড়াও পাঁচটি আসনে পুন:ভোটের দাবি জানানো হয়েছে। ওই দাবি পূরণ আদৌ হবে বলে মনে হচ্ছে না। কারণ, নির্বাচন কমিশন বিজেপির এজেন্ট হিসেবে কাজ করছে।

তিনি বলেন, নির্বাচনে সন্ত্রাস দেখেছে রাজ্যবাসী। গণনা-তেও তার ব্যতিক্রম হবে বলে মনে হচ্ছে না। তাই, সিপিএম গণনা বয়কটের সিদ্ধান্ত নিয়েছে। প্রসঙ্গত, আগামীকাল সকাল ৮টা থেকে ১৩টি গণনা কেন্দ্রে পুর ভোটের গণনা শুরু হবে। গণনা কেন্দ্রের বাইরে কড়া নিরাপত্তা ব্যবস্থা করা হয়েছে। সিপিএম এবং বামফ্রন্ট পৃথকভাবে নির্বাচন কমিশনের কাছে গণনা কেন্দ্রে নিরাপত্তা সুনিশ্চিত করার দাবি জানিয়েছে।

## বেপরোয়া স্কুলবাস পিষে মারল পথচারীকে, চালককে মারধর

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৭ নভেম্বর।।** শনিবার অভয়নগর এ জি অফিসের রাস্তা মুখে অক্সিলিয়াম স্কুলের বাস গাড়ির ধাক্কায় ঘটনাস্থলেই মৃত্যু এক পথচারীর। মৃতের নাম বেনু দেববর্মা। বাড়ি বড়জলা এলাকায়। রাজধানী আগরতলা শহর এলাকাতেও পথদুর্ঘটনা ক্রমাগত বৃদ্ধি পেয়ে চলেছে।

শনিবার অভয়নগর এ জি অফিসের রাস্তা মুখে অক্সিলিয়াম স্কুলের বাস গাড়ির ধাক্কায় ঘটনাস্থলেই মৃত্যু এক পথচারীর। মৃত পথচারীর নাম বেনু দেববর্মা বলে জানা গেছে। তার বাড়ি বড়জলা এলাকায়। দুর্ঘটনার পর পরই স্থানীয় জনগণ উত্তেজিত হয়ে উঠেন। স্কুল বাসের চালককে আটক করে বেধড়ক মারধর করে স্থানীয়রা। ঘটনার খবর পেয়ে পুলিশ দ্রুত ঘটনাস্থলে ছুটে আসে।

সেখান থেকে দুর্ঘটনাগ্রস্ত গাড়ির চালককে উদ্ধার করে থানায় নিয়ে যায় পুলিশ। দুর্ঘটনার খবর পেয়ে সাংবাদিকরা ঘটনাস্থলে ছুটে গেলে চিত্র সাংবাদিকদের ছবি তুলতে আপত্তি করেন স্থানীয়রা। তাতে চিত্র সাংবাদিকদের মধ্যে ক্ষোভের সঞ্চার হয়।স্থানীয় প্রত্যক্ষদর্শীরা জানিয়েছেন ☛ ৬ এর পাতায় দেখুন

## কৈলাসহরে গৃহবধূকে খুন করে ফাঁসি দেয়ার অভিযোগ

**নিজস্ব প্রতিনিধি, কৈলাসহর, ২৭ নভেম্বর।।** ঊনাকোটি জেলার কৈলাশহর পুরো পরিষদ এর অন্তর্গত কালিপুর ১৩ নং ওয়ার্ড এলাকায় ঘটনার খবর পেয়ে ছুটে আসে কৈলাশহর মহিলা থানার সেকেন্ড ওসি ও ঙ্গছঞ্চ সমুদ্র দেববর্মা সহ বিশাল পুলিশ ও টিএসআর বাহিনী। ঘটনার বিবরণে জানা যায় কৈলাশহর যুবরাজনগর ২নং ওয়ার্ডের বাসিন্দা স্বপন দাসের মেয়ে সংগীতা দাসের গত দুই বছর আগে কালিপুরের বাসিন্দা দেবেশ দাসের সাথে বিয়ে হয়।

তাঁদের একটি কন্যা সন্তান ও রয়েছে। বিয়ের পর থেকেই স্বামী দেবেশ দাস ও শাশুড়ি মিলে পন নিয়ে স্ত্রীর উপর প্রতিদিন নির্যাতন চালাত বলে অভিযোগ মৃতার পরিবারের। তবে অবশেষে আজ শ্বশুরবাড়িতে সঙ্গীতা দাসের ঝুলন্ত মৃতদেহ উদ্ধার হয় । পরিবারের অভিযোগ স্বামী ও শাশুড়ি মিলে তাকে ফাঁসিতে ঝুলিয়ে মারা হয়েছে। তবে এই ঘটনার বিষয়ে মৃতার পরিবার সুষ্ঠু তদন্ত ও উপযুক্ত দোষীদের শাস্তির দাবি জানান। পাশাপাশি এই ঘটনার বিষয়ে কৈলাশহর মহিলা থানার পুলিশ স্বামী দেবেশ দাসকে আটক করে ও একটি মামলা হাতে নিয়ে তদন্ত শুরু করেছে। ঘটনাকে কেন্দ্র করে গোটা কৈলাসহরে তীব্র চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে।

## অটো ও টমটম চালকদের রক্তক্ষয়ী সংঘর্ষ চন্দ্রপুরে

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৭ নভেম্বর।।** অটোচালক ও টমটম চালক দের মধ্যে বিভাগ কে কেন্দ্র করে রণক্ষেত্রে পরিণত হল চন্দ্রপুর আই এস বি টি। দুই পক্ষের সংঘর্ষে বেশ কয়েকজন আহত হয়ে হাসপাতালে চিকিৎসাধীন। ঘটনাকে কেন্দ্র করে এলাকায় তীব্র ক্ষোভ ও উত্তেজনা বিরাজ করছে।

চন্দ্রপুর আই এস বি টিতে শনিবার টমটম চালক ও অটোচালকদের মধ্যে বিরোধের জেরে শনিবার সংঘর্ষের ঘটনা ঘটেছে। তাতে কয়েকজন আহত হয়ে হাসপাতালে চিকিৎসাধীন। ঘটনার সূত্রপাত শুক্রবার থেকেই। ঘটনা সম্পর্কে বিস্তারিত বিবরণ দিয়ে আইসিটি পরিচালন কমিটির কর্মকর্তারা জানান, শুক্রবার টমটম চালক ও অটোচালকদের মধ্যে বাকবিতণ্ডা হয় ।দুপক্ষই মারমুখী হয়ে ওঠে।

শনিবার বিষয়টি মীমাংসা করে দেওয়ার কথা ছিল। সে অনুযায়ী মীমাংসার উদ্যোগ গ্রহণ করা হয়। টমটম চালক ☛ ৬ এর পাতায় দেখুন

## আজ ভোট গণনা



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৭ নভেম্বর।।** আর মাত্র কয়েক ঘন্টা। ত্রিপুরায় পুর নির্বাচনের গণনা হবে সকাল ৮টা থেকে। চলবে বিকেল চারটা পর্যন্ত। ১৩টি গণনা কেন্দ্রকে ঘিরে সকাল থেকেই কৌতুহল থাকবে চরমে। বিরোধীরা গণনা নিয়ে ভীষণ চিন্তায় রয়েছেন। কারণ তাঁরা মনে করছেন, পর্যাপ্ত নিরাপত্তা সত্ত্বেও গণনা কেন্দ্রে কারচুপি হবেই।

ত্রিপুরায় পুর নির্বাচনে বিজেপি, তৃণমূল কংগ্রেস, বামফ্রন্ট, কংগ্রেস সহ অন্যান্য রাজনৈতিক দল প্রতিদ্বন্দ্বিতা করেছে। ২২২টি আসনে মোট ৭৮৫ জন প্রার্থীর ভাগ্য ইভিমের বাক্সে বন্দী রয়েছে। আগরতলা পুর নিগম সহ ১৪টি পুর ও নগর সংস্থায় নির্বাচন হয়েছে। নির্বাচনে ভোটের হার ছিল ৮১.৫৪ শতাংশ। বিজেপি ভোট শান্তিপূর্ণভাবে সম্পন্ন হয়েছে বলে দাবি করেছে। কিন্তু, সিপিএম ও তৃণমূল কংগ্রেস সহ বিরোধীরা নির্বাচন প্রহসনে পরিণত হয়েছে বলে অভিযোগ করেছে।

আজ সকাল থেকেই গণনার শেষ মুহুর্তের প্রস্তুতি পর্যালোচনা করা হয়েছে। নিজ নিজ গণনা কেন্দ্রে জেলা ও মহকুমা প্রশাসন পুলিশকে সাথে নিয়ে সার্বিক পরিস্থিতি খতিয়ে দেখেছে। ইতিমধ্যে, সমস্ত গণনা কেন্দ্রের ২০০ মিটার ব্যাসার্ধের ভেতরে ১৪৪ ধারা জারি করা হয়েছে। সেখানে আইন অমান্য হলে কঠোর আইনি প্রদক্ষেপ নেওয়া হবে বলে পুলিশ জানিয়েছে।

আজ পশ্চিম ত্রিপুরা জেলা শাসক দেবপ্রিয় বর্ধন জেলা ও মহকুমা প্রশাসনের আধিকারিকদের সাথে নিয়ে গণনা কেন্দ্র পর্যবেক্ষণ করেছেন। তিনি সাংবাদিকদের মুখোমুখি হয়ে বলেন, রাজ্য নির্বাচন কমিশনের নির্দেশিকা মেনে সমস্ত ব্যবস্থা করা হয়েছে। আগামীকাল গণনা নির্বিঘ্নে সম্পন্ন হওয়ার জন্য প্রস্তুতি চূড়ান্ত। পশ্চিম জেলা পুলিশ মানিক দাস বলেন, গণনা কেন্দ্রে এবং তার আশেপাশে নিরাপত্তায় কোন খামতি রাখা হয়নি। কেন্দ্রীয় আধা সামরিক বাহিনী সহ পর্যাপ্ত পুলিশ ও টিএসআর বাহিনী মোতায়েন করা হয়েছে।

## শহীদ পুলিশ অফিসারের স্ত্রীকে চাকরী দেওয়ার ঘোষণা মুখ্যমন্ত্রীর

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৭ নভেম্বর।।** উন্মত্ত ব্যক্তির নৃশংস হামলায় শহীদ হয়েছেন খোয়াই থানার সেকেন্ড অফিসার ইন্সপেক্টর সত্যজিত মল্লিক। আজ তাঁর বাসভবনে গিয়ে শেষ শ্রদ্ধা জানিয়েছেন ত্রিপুরার মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব। সেই সঙ্গে ঘোষণা করেছেন, খোয়াইয়ের ঘটনায় নিহতদের প্রত্যেককে আপদকালীন ১ লক্ষ টাকা করে ক্ষতিপূরণ দেওয়া হবে। পাশাপাশি শহীদ সত্যজিত মল্লিকের স্ত্রীর চাকুরীর ব্যবস্থা করবে ত্রিপুরা সরকার এবং তাঁর শিশু কন্যার পড়াশুনার দায়িত্ব নেওয়া হবে। আজ খোয়াই থেকে আগরতলায় ইন্দ্রনগর স্থিত শহীদ পুলিশ আধিকারিকের মরদেহ পৌছাতেই কান্নার আওয়াজে পরিবেশ ভারী হয়ে উঠেছিল। আজ খোয়াইতে শহীদ পুলিশ আধিকারিক সত্যজিত মল্লিককে গার্ড অব অনার দেওয়া হয়েছে। আইজিপি আইন-শৃঙ্খলা অরিন্দম নাথ, খোয়াই জেলা পুলিশ সুপার কিরণ কুমার রাও, খোয়াই জেলা শাসক স্মিতা মল এবং স্থানীয় বিধায়কগণ তাঁর প্রতি শেষ শ্রদ্ধা জানিয়েছেন।

### শহীদ পুলিশ অফিসারকে শ্রদ্ধা



শহীদ পুলিশ অফিসারের বাড়িতে শ্রদ্ধা জানাতে গিয়েছেন মুখ্যমন্ত্রী।

এদিন মুখ্যমন্ত্রী বলেন, ত্রিপুরা পুলিশের সাহসী আধিকারিক কর্তব্যরত অবস্থায় শহীদ হয়েছেন। তাঁর মর্মান্তিক মৃত্যুতে অত্যন্ত ব্যথিত হয়েছি। তাঁর কথায়, নির্দয়ী প্রদীপ দেব রায়ের নৃশংসতা ভাষায় প্রকাশ করা সম্ভব নয়। শহীদ পুলিশ আধিকারিক এবং নিহত আরও চারজনের পরিবারের ☛ ৬ এর পাতায় দেখুন

## সাংবাদিক ও আইনজীবিদের বিরুদ্ধে ইউএপিএ-তে মামলা পর্যালোচনার নির্দেশ মুখ্যমন্ত্রীর, জানালেন পুলিশের ডিজি

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৭ নভেম্বর।।** সাংবাদিক ও আইনজীবিদের বিরুদ্ধে ত্রিপুরা পুলিশের দায়ের বেআইনি কার্যকলাপ প্রতিরোধক আইনে [Unlawful Activities (Prevention) Act 1967 (UAPA)] মামলা পর্যালোচনার জন্য পুলিশের মহানির্দেশককে (ডিজিপি) নির্দেশ দিয়েছেন মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব। মুখ্যমন্ত্রীর নির্দেশ পেয়েই ডিজিপি ভিএস যাদব এডিজি ক্রাইম ব্রাঞ্চকে সমস্ত মামলা পর্যালোচনার নির্দেশ দিয়েছেন। ইতিমধ্যে ক্রাইম ব্রাঞ্চ পর্যালোচনা শুরু করে দিয়েছে। আজ এ-কথা জানিয়েছেন ত্রিপুরা পুলিশের মহানির্দেশক ভি এস যাদব। তাঁর কথায়, সাংবাদিক এবং আইনজীবিদের বিরুদ্ধে ইউএপিএ ধারায় মামলায় পর্যাপ্ত রয়েছে, ক্রাইম ব্রাঞ্চকে তা নিশ্চিত করার নির্দেশ দেওয়া হয়েছে।

প্রসঙ্গত, বাংলাদেশে হিন্দুদের উপর হামলার ঘটনার প্রতিবাদে ত্রিপুরায় বিভিন্ন স্থানে বিক্ষোভ প্রদর্শন হয়েছে। বিশ্ব হিন্দু পরিষদ সহ বিভিন্ন সংগঠন প্রতিবাদে সোচ্চার হয়েছে। এমনই এক বিক্ষোভ কর্মসূচিকে ঘিরে পানিসাগর থানাধীন রোয়া বাজার এলাকায় উত্তেজনার পরিস্থিতি তৈরী হয়েছিল। ওই ঘটনাকে কেন্দ্র করে সামাজিক মাধ্যমে গুজব ছড়ানো হয়েছে।

নেটিজেনদের একাংশ ত্রিপুরার বাইরের হিংসার ছবি এনে রাজ্যের ঘটনা উল্লেখ করে প্রচার করেছে। তাতে, মসজিদে অগ্নিকান্ড এবং ভাংচুরের ঘটনা দেখানো হয়েছে। ত্রিপুরা পুলিশ তদন্তে নেমে এধরনের কোন ঘটনার প্রমাণ পায়নি। কিন্তু, গুজব সারা দেশে এতটাই ছড়িয়ে পড়েছিল যে বিভিন্ন সংগঠন ত্রিপুরায় পরিস্থিতির খোজ নেওয়ার জন্য ছুটে আসেন।

সত্য অনুসন্ধানের নামে দিল্লিস্থিত আইনজীবীদের এক প্রতিনিধি ত্রিপুরায় এসে বিভিন্ন এলাকা ঘুরে দেখেন। বহু সাংবাদিক ত্রিপুরায় ওই গুজবের সত্যতা যাচাই করতে আসেন। কিন্তু দেখা গেছে, ত্রিপুরায় সত্যের খোজে এসে অনেকেই উল্টে গুজব ছড়িয়েছেন। এমনই আইনজীবী মুকেশ, আইনজীবী আনসারুল হক আনসারী এবং সাংবাদিক শ্যাম মীরা সিং ত্রিপুরার ঘটনা নিয়ে সামাজিক মাধ্যমে বিভিন্ন মন্তব্য করেছেন। সত্যের সাথে মিল না রেখেই তাঁরা ওই সমস্ত পোস্ট দিয়েছেন অভিযোগ এনে তাঁদের বিরুদ্ধে মামলা হয়েছে। ত্রিপুরা পুলিশ তাঁদের বিরুদ্ধে ইউএপিএ-তে মামলা রুজু করেছে।

শুধু ওই তিন জন নয়, ত্রিপুরা সম্পর্কে সামাজিক মাধ্যমে গুজব রটানোর অভিযোগে পুলিশ ১৪০ জনের বিরুদ্ধে মামলা নিয়েছে। তার মধ্যে ১০২ জনের বিরুদ্ধে ইউএপিএ-তে মামলা হয়েছে। বহু টুইটার একাউন্ট বন্ধ করার জন্য নোটিশ পাঠিয়েছে। পুলিশ জানিয়েছে, গুজব ছড়িয়েছে সামাজিক মাধ্যমে এমন ১২৮টি পোস্ট চিহ্নিত হয়েছে। তাতে, ৯৪টি টুইটার পোস্ট, ৩২টি ফেইসবুক পোস্ট এবং ২টি ইউটিউব পোস্ট রয়েছে। ত্রিপুরা পুলিশের দাবি, এখন পর্যন্ত ১২৪ জন সাক্ষীর জবানবন্দী রেকর্ড করা হয়েছে। যা প্রমাণ করেছে, ত্রিপুরায় সাম্প্রদায়িক সম্প্রীতি নষ্ট হওয়ার মত কোন ঘটনাই ঘটেনি।

এদিকে, দুই আইনজীবী এবং এক সাংবাদিক ত্রিপুরা পুলিশের দায়ের করা এজাহার বাতিল করার আবেদন ☛ ৬ এর পাতায় দেখুন

## চড়িলামে স্বর্ণালঙ্কার ছিনতাইকারীকে ধরে গণধোলাইয়ের পর দেয়া হল পুলিশে

**নিজস্ব প্রতিনিধি, চড়িলাম,২৭ নভেম্বর।।** শনিবার সকাল ৯টায় বিশালগড় থানাদিন উত্তর চড়িলাম গ্রাম পঞ্চায়েতের ফকিড়ামুরা এলাকা থেকে স্বর্ণের জিনিস পরিষ্কারের নাম করে স্বর্ণের চেইন নিয়ে যাওয়ার সময় ছিনতাইবাজকে আটক করে ফকিরামুরা এলাকার জনগণ। ঘটনার বিবরণে জানা যায় শনিবার সকালে ফকিরামুরা মসজিদের পাশে মনোয়ারা বেগমের বাড়িতে স্বর্ণের চেইন পরিষ্কার করে দেওয়ার নাম করে দুই যুবক আসেন।

মনোয়ারা বেগমকে এক পেকেট পাউডার দিয়ে বলেন স্বর্ণের চেইন পরিষ্কার করে দেবে তখন ওই মহিলা গতকালকে দক্ষিণ চড়িলাম এবং ছেচরীমাই গ্রাম পঞ্চায়েতের দুই মহিলার কাছ থেকে স্বর্ণের চেইন নিয়ে যাওয়ার ঘটনা গতকালকে শুনেছেন। সে ঘটনার পর মনোয়ারা বেগমের বাড়িতে যখন ওই দুই যুবক যায় তখন মহিলার সন্দেহ হয়। মহিলা মনোয়ারা বেগম না করে দিলে তখন দুই যুবক বাড়ি থেকে বের হয়ে যায়। সেই মুহূর্তেই মনোয়ারা বেগমের দেবর বাড়িতে ঢুকতেই এক যুবককে ধরে ফেলে।

আরেক যুবক বাইক দিয়ে দ্রুত পালিয়ে যায়। ওই যুবককে ধরে ফকিরামুরা কালী মন্দিরের সামনে একটি গাছের সাথে বেঁধে উত্তম-মধ্যম ☛ ৬ এর পাতায় দেখুন

CMYK

জাগরণ আগরতলা ◻ বর্ষ-৬৮ ◻ সংখ্যা ৫২ ◻ ২৮ নভেম্বর ২০২১ ইং ◻ ১১ অগ্রহায়ণ ◻ রবিবার ◻ ১৪২৮ বঙ্গাব্দ

## আইন-আদালতের প্রশ্ন উঠিলেই আতঙ্কিত

প্রশ্ন উঠলেই যে মানুষ আতঙ্কিত হইয়া যায়। এর কারণ তিনটি। 'সময়,' 'খরচ' ও 'ভাষা। ভারতে ১০ লাখে বিচারকের সংখ্যা ২০। যা মার্কিন যুক্তরাষ্ট্রে ১০০-র উপরে, কানাডায় ৭৫। কাজেই রায় নিয়া বিতর্ক ও একের পর এক আবেদন করিয়া সময় নষ্টের যে প্রচেষ্টা চলে, সেটারও সীমা থাকা উচিত। মিছিলে যাইতেছ, যাও। তবে মামলায় ফাঁসিও না।' এটা সন্তানের প্রতি অভিভাবকের চিরন্তন সতর্কবাণী। স্বাধীনতার 'প্ল্যাটিনাম জুবিলি'-তে এই কথা বলাই যায় যে, সংবিধান ও আইনের অধীনে নাগরিকদের সামাজিক ব্যবহার ও চরিত্র গড়িয়া উঠিয়াছে। স্বদেশি শাসকের হাতে আইন আসিবার পরেও অভিভাবকদের কেন এই শঙ্কা? সংবিধান-স্বীকৃত অধিকার আদায়ে কড়া নাড়িতে হয় আদালতের। আদালত আম-নাগরিকের নজরে সমস্যার সমাধান, না, খোদ সমস্যা?উপনিবেশের শাসন-কাল থেকেই নাগরিক ও প্রশাসনের মাঝে একটা সচেতন ফারাক রাখা ছে। নাগরিক অধিকার আমাদের সংবিধান মৌলিক অধিকারের মাধ্যমে নিশ্চিত করিয়াছে। মুশকিল হইতেছে, তাহার সীমানা সংখ্যাগরিষ্ঠের অজানা। উলটোদিকে, নাগরিকদের কর্তব্য বিষয়ে দায়বদ্ধতা নাই। আইন এই পরিসরে শাসক ও নাগরিককে নিয়ন্ত্রণ করে। অধিকার ও কর্তব্য- এই দ্বন্দ্বে আইন ভাঙিয়া নাগরিকরা বিপত্তি বাধায়। আসে পুলিশ ও আদালত। অথচ পুলিশ ও আদালতের নামে আম-নাগরিকের কপালে ভাঁজ পড়ে। বাস্তব উদাহরণ, পুলিশের তদন্তকারীরা সাক্ষীর নাম লিখিতে চাইলে ভিড় পাতলা হয়। কারণ, মানুষ সাক্ষ্য দেওয়াকে কর্তব্য বলিয়া ভাবে না। জনমানসে ধারণা, আদালত বেশ সময় ও ঝক্কির ব্যাপার। মামলা শুরু হইলে চট করিয়া শেষ হয় না। সময় মানেই 'অর্থ'। এই চেতনা থেকে নাগরিকরা সরিয়া আসে। স্পটইংরেজ আমলে বঙ্কিমচন্দ্র বলিয়াছিলেন, মামলা বড়লোকদের বিষয়। দুটো সমস্যা উঠিয়া আসে। এক 'বড়লোকের বিষয়', এই তকমা দূর করিয়া গরিব নাগরিকদের নাগালে আনা। পরেরটা লম্বা সময় ধরিয়া চলে মামলা। যে-কারণে নাগরিকরা এড়িয়ে যায়। সমস্যার থেকেও সময় তাদের কাছে বেশি দামি।আদালতের পরিকাঠামো ও মানবসম্পদ জনসংখ্যার অনুপাতে কম। ভারতে ১০ লাখে বিচারকের সংখ্যা ২০, মার্কিন যুক্তরাষ্ট্রে ১০০-র উপরে, কানাডায় ৭৫। আগামী বছরের ক্যালেন্ডারে ২২০ দিন কাজের খবর প্রকাশিত হইতেই বিতর্ক। পরলোকগমন করলে ছুটি অতিরিক্ত। আমাদের দেশে বিচারকের সংখ্যা বাড়াইতে হইবে। বিচারকের সংখ্যা না৷ বাড়াইলে মামলার দ্রুত নিষ্পত্তি করা সম্ভব হইবে না। দেশের বিচার ব্যবস্থার প্রতি মানুষের যথেষ্ট আস্থা রহিয়াছে। বিচার ব্যবস্থাকে মানুষের প্রয়োজনে যথাসময়ে বিচারকার্য সম্পন্ন করিতে পারিবে একদিকে যেমন অপরাধ প্রবণতা কমিবে, ঠিক তেমনি মানুষ যথাসময়ে বিচার পাইবে। গণতান্ত্রিক রাষ্ট্রেরে জনগণের এটাই বড় প্রত্যাশা। এই প্রত্যাশা পূরণ করিতে হইবে। অন্যতায় মানুষ বিচার ব্যবস্থার প্রতি বিশ্বাস হারাইবেন। রাষ্ট্রশক্তিক এ ব্যাপারে সঠিক পদক্ষেপ গ্রহণ করিতে হইবে।

## নিজেদের দাবিতে ফের রাস্তায় নামলেন এসএসকেএম হাসপাতালের নার্সরা

কলকাতা, ২৭ নভেম্বর (হি.স.): ফের রাস্তায় নামলেন এসএসকেএম হাসপাতালের নার্সরা। বেতন বৈষম্য ও বদলির নির্দেশ প্রত্যাহারের দাবিতে শনিবার হাসপাতালের সামনে থেকে মিন্টো পার্ক পর্যন্ত বিশাল মিছিল করেন তাঁরা। নার্সদের সংগঠনের তরফে জানানো হয়েছে, যতদিন না প্রশাসনের কেউ তাঁদের সঙ্গে আলোচনায় বসছেন ততদিন আন্দোলন চলবে।নার্সদের অভিযোগ, দীর্ঘদিন ধরে তাঁরা বেতন বৈষম্যের শিকার। তার সঙ্গে নতুন উপদ্রব হিসাবে যুক্ত হয়েছে হঠকারি বদলির নির্দেশ। সরকার কানে তুলে গুঁজে বসে রয়েছে। ওদিকে ১৫ দিন ধরে অবস্থান বিক্ষোভে বসে রয়েছেন নার্সরা। ১৩ দিন ধরে চলছে অনশন। তবু হেলদোল নেই কারও।এদিনের মিছিলে কোনও বাধা দেয়নি পুলিশ। তবে মিছিলের জেরে মধ্য কলকাতার একাংশে সাময়িক যানজট তৈরি হয়। নার্সদের সংগঠনের পক্ষে জানানো হয়েছে, তাঁদের দাবি শুনতে হবে সরকারকে। নইলে আন্দোলন চালিয়ে যাবেন তাঁরা।

## প্রযুক্তিগত বিভ্রাটে ব্যস্ত সময়ে ব্যাহত মেট্রো পরিষেবা

কলকাতা, ২৭ নভেম্বর (হি.স) : সপ্তাহ খানেক আগেই এক যুবকের আত্মহত্যার চেষ্টার জেরে ফের ব্যাহত হয়েছিল মেট্রো পরিষেবা। শনিবার সকালেই ফের বিঘ্নিত মেট্রো পরিষেবা। মেট্রো সূত্রে খবর, প্রযুক্তিগত ত্রুটির জন্য দক্ষিণেশ্বর থেকে পরিষেবা ব্যাহত হয়েছে। দ্রুত পরিস্থিতি স্বাভাবিক করার চেষ্টা চালাচ্ছেন ইঞ্জিনিয়াররা।

এর আগে রবিবার বেশ কিছুক্ষণ ব্যাহত হয় মেট্রো পরিষেবা। সে দিন দুপুর ১২ টা ৫১ মিনিট নাগাদ ১৭ বছরের এক কিশোর কবি সুভাষগামী একটি মেট্রোর সামনে ঝাঁপ দিয়ে আত্মহত্যার চেষ্টা করে। তবে ছেলেটির বেশি আঘাত লাগেনি বলেই জানিয়েছে মেট্রো কর্তৃপক্ষ। ড্রাইভার তড়িঘড়ি ছেলেটিকে উদ্ধার করে। তাই ছেলেটির প্রাণ বাঁচানো সম্ভব হয়েছে ছেলেটির। সঙ্গে সঙ্গেই চিকিৎসার জন্য হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে তাকে।ঘণ্টাখানেকের মধ্যেই মেট্রো পরিষেবা স্বাভাবিক হয়ে যায়। মেট্রো স্টেশনে আত্মহত্যার ঘটনা নতুন কিছু নয়। গত বছর ৩ নভেম্বর এসপ্ল্যানেড মেট্রো স্টেশনে আত্মহত্যার চেষ্টা করেন এক যাত্রী। যার জেরে মধ্য কলকাতার একটি অংশে মেট্রো পরিষেবা বন্ধ রাখতে হয়েছিল। ১১ অক্টোবর ২০২০-র করোনা পরিস্থিতিতে বেলগাছিয়া স্টেশনে লাইনে ঝাঁপ দিয়েছিল এক তরুণী। ব্যাহত হয়েছিল মেট্রো পরিষেবা।

## দিনহাটায় সীমান্ত পরিদর্শনে কেন্দ্রীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী নিশীথ প্রামাণিক

দিনহাটা, ২৭ নভেম্বর (হি. স.) : কোচবিহারের দিনহাটায় সীমান্ত পরিদর্শন করলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী নিশীথ প্রামাণিক। শনিবার ভারত-বাংলাদেশ সীমান্তবর্তী সাহেবগঞ্জ থানার অন্তর্গত চৌধুরীহাট বিএসএফ ক্যাম্প এবং দিনহাটা থানার অন্তর্গত গিতালদহ বিএসএফ ক্যাম্প এলাকা পরিদর্শন করেন নিশীথ।

এদিন তিনি চৌধুরীহাট ও গিতালদহ ক্যাম্পে বিএসএফের সঙ্গে সাক্ষাৎ করেন। সীমান্ত পরিদর্শনে তাঁর এই সফর বলে বিএসএফ সূত্রে জানা গিয়েছে। এদিন সীমান্তের স্থানীয় সাধারণ বাসিন্দাদের সঙ্গেও কথা বলেন কেন্দ্রীয় মন্ত্রী। হিন্দুস্থান সমাচার / সোনালি

## পনেরো মিনিটে হাতসাফাই, সাতভরি সোনা ও দশ হাজার টাকা

রামপুরহাট, ২৭ নভেম্বর (হি. স.) : এ যেন ভেল্কি বাজি! সাত মিনিটে হাত সাফাই! চুরি গেল প্রায় সাত ভরি সোনার গহনা সহ নগদ দশ হাজার টাকা। রামপুরহাট শহরের পৌরসভার এলাকার ১৬ নং ওয়ার্ডে সাহা পাড়ায় একাই থাকেন শিখা সাহা।

বীরভূমের রামপুরহাটে বেশ কিছু দিন ধরে প্রায়ই চুরির ঘটনা ঘটছে এবার চুরির ঘটনা ঘটলো ২০ মিনিটের মধ্যে তাও আবার দিনের আলোয়। বাড়ির মালিক শিখা সাহা জানান, সকালে নিজের রুম থেকে ৯.৩০ মিনিটে কিছু কাপড় মেলতে ছাদে যান তিনি। সেই সময় তাঁর সাথে ছিলেন বাড়ির কাজের মাসি। কিছুক্ষণ পর প্রায় ৯.৪৫ মিনিটে নিজের রুমে ফিরে এসে দেখেন আলমারির পাল্লা ভেজানো। তারপর সব কিছু ঠিক আছে কিনা দেখে বুঝতে পারেন যে আলমারিতে রাখা সোনা আর টাকা সব চুরি গেছে। রামপুরহাট থানার পুলিশ এসে ঘটনার তদন্ত শুরু করেছে। হিন্দুস্থান সমাচার / হেমাভ

# পোলিও দমনে জাদুকর সল্ক

### কৌশিক রায়

(কোভিভ অভিমারি, রক্তরবী অসুর বা গ্রীপ সর্ব দানব হিদ্রা'র মতো নবরদপ দিয়ে বারংবার দেখা দিচ্ছে আমাদের আতফিত, প্রিয়জনের মৃত্যুতে শোকবিহল অভির সামনে। করোনা প্রতিষেধক টীকা বাজারে এলেও বহুরূপী এই অতিমারিটির বিষদংশন থেকে আমানের যে সহজে মুক্ত নেই সেটা আমরা উপল করতে পারছি মানবসভ্যতার এই সংকটকাল, আমাদের জীবনের মধ্যাহ্নেই অন্ধকার নিয়ে আসে স্প্যানিস ফ্লু আর প্লেগের ভয়াবহতার কথাই মনে করায়। চিকিৎসাবিজ্ঞানের অভূতপূর্ব উন্নতি সত্ত্বেও কোভিড দুঃশাসন থেকে মোটেই সু নই আমরা। এই দুঃসময়েই প্রতিষেধক বা ভ্যাকদিনের জন্ম দেওয়া দুইজন চিকিৎসকের নাম অশ্যই স্মর্তব্য- জলাতঙ্ক রোগের প্রতিষেধকদাতা ডা. এডওয়ার্ড জেনার । তবে, প্রতিষেধক মহাস্ত্রের ত্রিরশূলটি সম্পূর্ণভাবে নির্মিত হতে পারে আর একজন চিকিৎসা মহারথীর জন্য। তিনি হলেন পোলিও মায়েলাইটিস রোগের প্রতিষেধকের আবস্কারক মার্কিন যুক্তরাষ্ট্রের জোনাস এওয়ার্ড সল্ক।

জন্ম থেকেই অনিশ্চয়তা এবং অবহেলার শিকার ছিল পোলিওর রাহুগ্রাস থেকে অগণিত নরনারী ও শিশুকে চিরমুক্তি দেওয়া জোনাস সহ ভীবন। নিউইয়র্ক শহরের ধনে ও উত্নাসিক সমাজে কোনওক্রমে

মাথাগোঁজার ঠাঁই নেওয়া, জোনাস সল্কের বাবা ও মা ড্যানিয়েল সল্ক ও ডোরা প্রেসি ছিলেন শরণার্থী, আশকেনাজি ইহুদি গোত্রভুক্ত মানুষ। বর্তমান বাইলোরুশিয়ার রাজধানী, মিনস্কে জন্ম হয়েছিল ডোরার। দারিদ্র্য ও বঞ্চনার সাথে আবাল্য লড়াই করার ফলে বিদ্যালয় শিক্ষার গন্ডিই পেরোতে পারেননি ডোরা। তবুও পণ্ডিত বিদ্যাসাগরের মা ভাগবতীদেবী এবং ছত্রপতি শিবাজী মহারাজের মা জিজাবাঈয়ের মতোই তিনিও জোনাস সল্ককে শিখিয়েছিলেন সহমর্মিতা এবং মানবসেবার মূল্যকে। সেই শিক্ষাই পরবর্তীকালে ডা. জোনাস সল্ককে পোলিও ভ্যাকসিন আবিস্কারের অনুপ্রেরণা জুগিয়েছিলে। জোনাসের দুই ভাই হেরমান ও এবং লীঔ পরবর্তীকালে নামকরা শিশু মনোস্তাত্ত্বিক হয়েছিলেন।

অনেকবারই দারিদ্র্য আর কর্মসংস্থানের অনিশ্চয়তার জন্য বাসার ঠিকানা বদল করতে হয়েছে জোনাস সল্কের বাবা মাকে। কখনও তাঁরা থেকেছেন ইস্ট বারলেসের বস্তি, কখনওবা মার্কিন দুনিয়াতে অপরাধের হেঁসেল ঘর ব্রংক্সের এল্স্মোর প্লেস শহরতলিতে। আবারও কখনওবা আরভের্ন অঞ্চলের ক্যুইন্স বীট স্ট্রিটে। সব জায়গাতেই তাঁদের চরিত্রে সেঁটে দেওয়া হয়েছে। 'বিজাতীয় ইহুদি'র লজ্জাজনক তকমা। এইরকম প্রতি কূল, জাতবিচারের পরিস্থিতির শিকার হয়েই, ডা. ভীমরাও রামজি আম্বেদকরের মতোই জোনাস সল্কও, বিদ্যার্জনের ক্ষেত্রে তাঁর সাফল্য এবং অধ্যাবসায়ের সম্যক পরিচয় ছিলেন। সেই সময়কার বিখ্যাত মার্কিন বিদ্যালয় টাউনসেন্ড হ্যারিস হাইস্কুলের সবচেয়ে সেরা ছাত্র হয়ে উঠলেন তিনি। জোনাস সল্কের জীবনীকার ডা. ডেভিড ওশিন্স্কি লিখেছেন শরণার্থী ও মেধাবী শিক্ষার্থীদেরকে শিক্ষাদানের ক্ষেত্রে বেশ বড়ো মাপের ভূমিকা নিয়েছিল এই টাউনসেন্ড হাইস্কুল-যেখান থেকে একজন অসুসন্ধিৎসু, গ্রন্থকীট ছাত্ররূপে জোস সল্কের চিকিৎসা অভিযান শুরু হয়। এই বিদ্যালয়ের সুবিশাল পাঠক্রম, অনেক শিক্ষার্থীই শেষ করতে পারত না। জোনাস সল্কের কাছে সেই পাঠক্রম, কোনও বাধারই সৃষ্টি করতে পারেনি। সিটি কলেজ অব নিউইয়র্কে রসায়নশাস্ত্রের পরীক্ষাতে আশাতীত সাফল্য পেলেন জোনাস সল্ক। অবশ্য পরে তিনি বলেছিলেন, চিকিৎসাবিজ্ঞানের ব্যাপার-স্যাপার অত বেশি ভালোলাগতো না তাঁর। তিনি ভাবতে ভালোবাসতেন শুধু মানুষ ও প্রকৃতিকে নিয়ে।

নিউইয়র্ক বিশ্ববিদ্যালয়ের চিকিৎসাবিজ্ঞান নিয়ে পড়বার সময় ওই বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন কৃতি ছাত্র ডা. ওয়াল্টার রীডের প্রতি আকৃষ্ট হন জোনাস সল্ক। রীড পীতজ্বর প্রতিরোধ করার ওষুধ আবিস্কার করেছিলেন। এই বিশ্ববিদ্যালয়ে পড়াশোনা করতে গিয়ে জাতিবৈষম্যের শিকার হতে হয়নি ইহুদি রক্তধারী জোনাস সল্ককে। কেননা আশেপাশের পেনসিলভ্যানিরা কোনেইল আর কলম্বিয়া বিশ্ববিদ্যালয়গুলিতে 'জাতের নামে বজ্জাতি'র অহসায় শিকার হতে হত ইহুদি এবং অন্যান্য সংখ্যালঘু মেধাবী শিক্ষার্থীকে। অবশ্য, প্রথমদিকে চিকিৎসাবিদ্যা না পড়ে জৈব রসায়ন বা বায়োকেমিস্ট্রি পড়তে শুরু করেন জোনাস সল্ক। তবে, পোলিও রোগের মহামারীসম বিভীষিকা প্রত্যক করতে শুরু করলেন। অর্থব হয়ে যাওয়া, হাত পা নিয়ে পোলিও রোগগ্রস্ত শিশুরা যে দুর্বিষহ এবং মৃতপ্রায় জীবনযাপন করছে সেটা দেখে ব্যথিত হয়েছিলেন ডা. সল্ক। তাই, মিশিগান বিশ্ববিদ্যালয়ের টমাস ফ্লান্সিস ল্যাবরেটরিতে তিনি গবেষণা শুরু করলেন পোলিও মায়েলাইটিস বাইরাসকে বধ করার জন্য। মার্কিন সেনাবাহিনীর আর্থিক আনুকূল্যে তিনি এবং ডা. চামাস ফ্রান্সিস,। ইনফ্লুয়েঞ্জা জীবানুর পৃথকীকরণ এবং এই রোগের প্রতিষেধকও তৈরি করতে



সক্ষম হলেন। সেই সময় মার্কিন দেশে ন্যাশনাল ইনস্টিটিউট অ্যান্ড ফাউন্সেশন ফর ইনফ্যান্টাইল প্যারালাইসিসের অধিকর্তা ছিলেন হ্যারি ওয়েভার। তাঁর উৎসাহে, পোলিও রোগের ভাইরাসের বিভিন্ন প্রকরণ সম্পর্ক গবেষণা শুরু করলেন জোনাস সল্ক। পোলিও রোগ প্রতিরোধ অভিযানে তাঁকে সাহায্য করতে এগিয়ে এলেন জুলিয়াস ইয়াঙ্গনার, বায়রন বেনেট, জেমস লিউইস আর সচিব লোরেইন ফ্রিডম্যানের মতো মানবসেবাতে নিবেদিত প্রাণ চিকিৎসক এবং স্বেচ্ছাসেবীরা। উৎসাহ দিলেন পক্ষাঘাতগ্রস্ত মার্কিন রাষ্ট্রপ্রধান ফ্রাঙ্কনিল ডেলানো রুজভেল্টও। বিষে বিষে বিষক্ষয়! পোলিও ভাইরাসের দেহের অংশবিশেষ দিয়েই পোলিও প্রতিষেধক তৈরি করতে হবে এর জন্য ১৯৫৫ সালে ৬৭ মিলিয়ন মার্কিন ডলার অর্থ মঞ্জুর করল মার্কিন সরকার। তবে, জীবন্ত পোলিও ভাইরাস নিয়ে কাজ করতে সাহাস পেলেন না জোনাস সল্ক । কেননা গবেষণাগারে সংক্রমণের আশঙ্কা ছিল। সেজন্য মৃত পোলিও ভাইরাস দিয়ে কাজ শুরু হল। অবশ্য সেই সময়েই ওরাল পোলিও ভ্যাকসিন তৈরি করে ফেলেছিলেন অ্যালবার্ট স্যারিন। ১৯৫২ সালের ২ জুলাই তারিখে গবেষণাগারে রাখা প্রাণীদের ওপর পোলিও ভ্যাকসিনের সফল প্রয়োগ ঘটালেন জোনাস সল্ক। এরপর জিটি ওয়াটসন হোম ফর ক্রিপলড চিলড্রেন এবং পোলক স্টেট হাসপাতালের পক্ষাঘাতগ্রস্ত শিশুদের ওপর পোলিও টিকার প্রয়োগ করা হয়। ১৯৫৩ সালে নিজের ছেলেমেয়ে ও স্ত্রী ডোনা লিন্ডসে'কেও পোলিও প্রতিষেধক দেন জোনাস সল্ক। ১৯৫৫ সালের এপ্রিল মাসের মধ্যে ১০ লক্ষ শিশু, এই প্রতিষেধকের মাধ্যমে পোলিও রোগমুক্ত হয়। বিশ্বের অন্যতম বৃহৎ স্বাস্থ্য সুরক্ষা অভিযান ছিল এই পোলিও টিকাকরণ। অংশ নিয়েছিলেন ২০ হাজার চিকিৎসক, আড়াই লক্ষের মতো স্বেচ্ছাসেবক এবং ১৮ লক্ষ ছাত্রছাত্রী। এরা স্বেচ্ছায় গিনিপিগ হয়ে শরীরে পোলিওর টিকা নেয়। লক্ষ কোটি মানুষের জীবন নিরাপদ করা চিকিৎসক জাদুকর ডা. জোনাস সল্ক, চিরদিনই ছিলেন অথি সাধারণ জীবনযাত্রায় বিশ্বাসী ও প্রচারবিমুখ। এই সাধাসিধে জামাইকে জোনাস সল্কের প্রথম স্ত্রীর বাবা, পছন্দই করতে পারতেন না। প্রথমা স্ত্রীর সাথে বিবাহবিচ্ছেদও জোনাস সল্কের ৫৫ বছর বয়সে ফরাসী চিত্রাঙ্কন। শিল্পী ফ্রাঁসোয়াজ গিলো'কে বিয়ে করেন জোনাস সল্ক জনগণের চোখে এক অতিমানব হয়ে উঠেছিলেন সল্ক। সম্ভব যক্ষ্মা রোগের জীবানুর আবিষ্কারক ডা. রবার্ট কখ এবং ল্যুই পাস্তুরও সল্কের মতো এতটা জনপ্রিয়তা পান নি। তবে, এভাবে 'সেলিপ্রিটি' হয়ে ওঠাটা মোটেই অভিপ্রেত ছিল না। নিরহঙ্কারী জোনাস সল্কের আধুনিক ইহুদি রাষ্ট্র ইজরায়েলের অন্যতম প্রাণপুরুষ ডেভিড বেন গুইরনও সল্ককে ইজরায়েলি সরকারের একটি গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত করতে চেয়েছিলেন। বলাই বাহুল্য সেই প্রস্তাব সবিনয়ে প্রত্যাখ্যান করেন নির্লোভ সেব্রাব্রতী জেনাস সল্ক।

বিজ্ঞান জনপ্রিয়করণের ক্ষেত্রে একটা রেনেসাঁ বা নবযুগের সূচনা করেছিল তাঁর যুবপ্রবর্তক গবেষণা। আগামী প্রজন্মের জন্য বিজ্ঞান গবেষণার দ্বার উন্মুক্ত করতে দিতে চেয়েছিলেন ডা. জোনাস সল্ক। তাই পাস্তুর ইনস্টিটিউট এবং বসু বিজ্ঞান মন্দিরের মতো তিনিও ক্যালিফোর্নিয়ার সান দিয়াগো নগরীর অনুতিদূরে লা জোল্লাতে গড়ে তুললেন তার স্বপ্নের বিজ্ঞান গবেষণা কেন্দ্র সল্ক ইনস্টিটিউট ফর বায়োলজিক্যাল স্টাডিজ। তিনি চেয়েছিলেন এই প্রতিষ্ঠানে ভবিষ্যতের বিজ্ঞানীরা বিপন্ন মানবতাবাদকে বাঁচানোর জন্য বিজ্ঞানযোদ্ধা হয়ে উঠুন। জ্ঞান এবং মেধার সমন্বয়ক হিসেবে জোনাস সল্কের এই বিজ্ঞানকেন্দ্রকে চিহ্নিত করতে এই কেন্দ্রে পথের দু'দিকে কংক্রিটের পাতের বদলে ব্ল্যাকবোর্ড বসিয়েছিলেন স্থপতি ল্যুইস কান। এই ইনস্টিটিউটেই ২০০৪ সাল পর্যন্ত অধ্যাপনা করেছেন ক্রোমোজোম এবং ডিএনএ নিয়ে গবেষণা করে নোবেল পুরস্কার পাওয়া ডা. ফ্রান্সিস ক্রিক। এই প্রতিষ্ঠানেই ডা. কেভিন কিম্বারলিনের সাথে যৌথভাবে 'এইডস' ব্যাধির ভ্যাকসিন তৈরি করার জন্য আপ্রাণ চেষ্টা করেছিলেন আধুনিক চিকিৎসাযুগের হিপ্পোক্রেতুস ও ধন্বন্তরী-ডা. জোনাস সল্ক। বায়োফিলসজি বা জৈব দর্শন এর জন্ম তাঁরই হাতে। জোনাস সল্ক ১৯৯৫ সালে ৮০ বছর বয়সে মৃত্যু পর্যন্ত বিশ্বাস করতেন, রোগমুক্ত, স্বাস্থ্যবান এক পূর্ণাঙ্গ সমাজ পাবেই ভবিষ্যতের পৃথিবী। সেই পৃথিবীতে জাতি-গোত্র-ভৌগোলিক দূরত্ব ভুলে সবাই সবাইকে সাহায্য করবে (It's much more importante to cooperate and collaborate.we are the authors with nature of our Destiny.') এ যেন স্থান-কাল পেরিয়ে লেখা নারী কবি কামিনী রায়েরই সেই মানবহিতৈষী কবিতারই পূত প্রতিধ্বনি--- 'পরের কারণে মরণেও সুখ! সুখ দুখ কহি কেঁদো না আর— পরিহতব্রতে পার না রাখিতে চাপিয়া আপন হৃদয় ভার? আপনারে ল'য়ে বিব্রত রহিতে আসে নাই কেহ অপনী 'পরে। সকলের তরে সকলে আমরা। প্রত্যেকে আমরা পরের তরে।'(সৌজন্যে-দৈ :স্টেটসম্যান)

# খাবারদাবারের ইতিহাস ও গবেষণা

### সোহিনী সেন

প্রশাসন বা কর্তৃপক্ষের কড়া নজর যে উপান্তে থাকে না, সেখানেই নিয়মভাঙার প্রবণতা সবচেয়ে বেশ। এই যেমন-'নো সেমাকিং জোর্ন-এই সবচেয়ে বেশি ধূমপান হয়;'কিপ দ্য সিটি ক্লিন' প্ল্যাকার্ডের তলায় সবচেয়ে বেশি থুতু, পানের পিক ফেলা;'ইলিসিট অ্যাডল্ট কনটেন্ট'-সমৃদ্ধ ওয়েবসাইট বা লিঙ্কে সবচেয়ে বেশি ক্লিক ইত্যাদি প্রভৃতি। এসব তো মোটামুটি আমরা সকলেই জানি। কিন্তু জানতে কি, যে-মাছের গন্ধে আপনি-আমি নাক সিটকোই, সেই 'মাছ' ব্যাপারটাতেই মোহিত হন সম্রাট বাবর? কেন? না তাঁর মনে হয়েছিল ভারতীয় মাছ 'দুর্গন্ধহীন'। চাউমিন খেয়ে খেয়ে রেস্ত সাফ করে দিচ্ছেন, জানতেন কি, কথাটা আদতে 'চাওমিয়েন' (চাও-ভাঝা, মিয়েন-নুডলস), কস্মিনকালেও 'চাউমিন' না? জানতেন, ইতালির প্রথম পিৎজা বোজনাগারের (পোর্ট আলবা) চুলায় ভিসুভিয়াস আগ্নেয়গিরির প্রস্তারখণ্ড ব্যবহৃত হত জ্বালানিরূপে? আলপনা ঘোষের সম্প্রতি প্রকাশিত বই 'ভোজনবিলাসে কলকাতা'-য় রয়েছে এমনই সব তথ্যের গুপ্তভাণ্ড! লেখক প্রথম -জীবনে সাংবাদিক ছিলেন। পরে দীর্ঘকাল সংযুক্ত থেকেছেন শিক্ষকতার সঙ্গ। তাঁর লেখনশৈলীতেও দুই পেশার স্বভাবজ বৈশিষ্ট্যের মকটেল একদিকে তথ্যনিষ্ঠতা, অন্যদিকে ব্যাখ্যামূলক পারিপাট্য---অনায়াস দ্রবণ ঘটেছে দুয়ের ঠিক যেমন বঙ্গভূমে উৎকলের রন্ধনশিল্প। ওড়িষ্যার দালাম-চুড়চুড়াতেই নাকি মজেন ছাত্রনেতা সুভাচন্দ্র বসু, ঋষি অরবিন্দ-সহ বহু স্বাধীনতা সংগ্রামী।১৯২৭। মানগোবিন্দ পাণ্ডা নামের এক ওড়িয়া পদ, ওড়িয়া হাতের বাঙালি খাবার এমনই সুখখাদ্য ছিল যে, হোটেলটি অচিরেই হয়ে ওঠে তরুণ সুভাষদের লাঞ্চের ঠেক। শুধু খাওয়াদাওয়া নয়, ব্রিটিশ পুলিশের নজর এড়িয়ে গা-ঢাকা দিতেও বহুবার হিন্দু হোটেলের দ্বারস্থ হয়েছেন বীর বঙ্গসন্তানরা। আবার, এই ব্রিটিশরাই নবাবদের থেকে পালিয়ে বাঁচতে আশ্রয় নিত স্থানীয় বাঙালিদের ঘরে। উদরস্থ করত বাঙালি গেরস্থের খাবার। দৃষ্টান্ত খুঁড়ত পিছোতে হবে খানিক। সালটা ১৭৫৬। বাংলার নবাব সিরাজদৌল্লা কাশিমবাজারেরকুঠি দখল করেছেন। বন্দি ইস্ট ইন্ডিয়া কোম্পানির তালেবররা। তাঁদের মধ্যে ছিলেন দোর্দণ্ডপ্রতাপ ওয়ানের হেস্টিংসও। তিনি নাকি কোনও মতে পালান। আশ্রম নেন পূর্ব-পরিচিত রেশন ব্যবসায়ী কৃষ্ণকান্ত নন্দীর ঘরে। সে-যাত্রায় পচা পান্তাভাত খেয়ে খিদে মেটাতে হয়েছিল তাঁকে। রসিক কান্তবাবু নিজেই লিখেছেন—

নবারের ভয়ে কান্ত নিজের ভবনে সাহবেকে রেখে দেয় পরম



গোপনে। কাটিয়া আলি শীঘ্র কান্ত কলাপাত, বিরাজ করিল তাহে পচা পান্তাভাত। পেটের জ্বালায় হায় হেস্টিংস তখন পান্তাভাত দিয়া করেন ভোজন। খাবারদাবারের ইতিহাসের সঙ্গে এভাবেই বিলাতি, দিশি ও আঞ্চলিক সংস্কৃতি মেলবন্ধন, সেই সংক্রান্ত মননশীল গবেষণা বইটির পরতে পরতে। সেই পরতের গহীন থেকেই বেরিয়ে আসে 'চণ্ডীমঙ্গল', 'চৈতন্যভাগবত', 'মনসামহগল'-এর ভাঁড়ারজাত তৎকালীন বাংলার বিবিধ শাক। তোলে, উনটা, নালিতা, বেথুয়ার কথা। শাক দিয়ে মাছ কিন্তু মোটেই ঢাকা দেন না লেখক। রবি ঠাকুরের 'যোগাযোগ', 'নৌকাডুবি', 'চোখের বালি', শরৎ চাটুজ্জের 'মেজদিদি' হয়ে বুদ্ধদেব বসুর পঞ্চাপদী ইলিশ ব্যঞ্জনের স্মৃতি ছুঁয়ে যান। পরিব্রাজন সারেন বাঙালি হিন্দু-মুসলিম হেঁশেলের চিংড়ির ভর্তা, মাচের খাঁটা দিয়ে লাউঘণ্ট থেকে বাঙালি খ্রিস্টান কিচেনের 'ফিশ ভিণ্ডালু', 'মামুর লিভার,' 'গিজার্ড ঝটকা,' 'বাজা-কারি' ছাড়িয়ে দূরে। আর দূরে। কখনও আওয়াধের বিরিয়ানিতে, কখনও পাকিস্তানের বাকরখানিতে, তুরস্ক লেভান্ত-সহ তামাম মধ্যপ্রাচ্যের শাওয়ারমা-ত্যহিনিতে কখনও , কখনও প্যালিস্তিনীয় ম্যাতজোথ-এ , তো কখনও ফ্রান্সের ক্রেপ-এ । তবে এ ঘোরা যাযাবর-ভ্রমণ নয়। ভিন্ন নামের বিবিধ অধ্যায়ে সুশৃঙ্খল নৈপুণ্যে লেখক আলাদা আলাদা কুইজিন-এর ঝাঁকিদর্শন করিয়েছেন। বিশ্বভ্রমণ সারিয়েছেন পাঠককে।

আরকটা ব্যাপার হল, অনেক পরিচ্ছদের মধ্যে লেখক সুকৌশলে ভরে দিয়েছেন একাধিক রন্ধনপ্রণালীর পুর। একটা বা দুটো বাক্যে। এইটাকে যদি ফ্রি-হিটে মারা 'সিক্সার' বলি, তাহলে পরিচেছদ-শেষে লেখা ম্যান্ডেটরি রন্ধনপ্রণালীগুলোকে 'সিক্সথ বল ওভার বাউন্ডারি' বলাই যায়। নিঃসন্দেহ। প্রতিটি পরিচ্ছদে হাঁকিয়েছেন তিনি।

স্টার্টার থেকে মেন কোর্স, সাইড ডিশ থেকে ডেসার্ট—খাদকরূপী পাঠকের সঙ্গে কখনওই যেন কৃতঘ্নতা করে না লেখকের কলম। ভরপেট্টা রসনার কালশনিকভ গানপয়েন্টে ঠেকিয়ে কোনও অদৃশ্য শক্তি যেন একনাগাড়ে পড়িয়ে নেয় আড়াইশোটা পাতা। ঢেকুর ওঠে। তবে চেঁয়া নয়। তৃপ্তির। বলা বাহুল্য, সুপাচকের দক্ষতা তো এখানেই।

(সৌজন্য প্রতিদিন)

সম্পাদকীয় পাতায় প্রকাশিত নিবন্ধ গুলির বক্তব্য সম্পূর্ণ লেখকদের ব্যক্তিগত অভিমত। সম্পাদক এরজন্য দায়ী নন।

# বাসন্তীতে তৃণমূলের বিরুদ্ধে বিজেপি বুথ সভাপতির জমি জোর করে দখল ও মারধরের অভিযোগ

বাসন্তী, ২৭ নভেম্বর (হি. স.) : দক্ষিণ ২৪ পরগনার বাসন্তী ব্লকের অন্তর্গত ঝড়খালি উপকূল থানার ত্রিদিব নগর গ্রামে বাসন্তী-র বিজেপি বুথ সভাপতির জমি জোর করে দখল ও মারধর করার অভিযোগ উঠল তৃণমূলের বিরুদ্ধে। শুধু তাই নয়, আহত অবস্থায় বিজেপি নেতা হাসপাতালে যেতে চাইলে হুমকি দিয়ে অটো ও টোটো চালকদের তাড়িয়ে দেওয়া হয় বলে অভিযোগ। পরে পুলিশের সহায়তায় হাসপাতালে যান বিজেপি নেতা বিশ্বনাথ মণ্ডল।

ঘটনা সূত্রে জানা যায়, ঝড়খালি অঞ্চলের ত্রিদিব নগর গ্রামের সক্রিয় বিজেপি কর্মী এবং বিজেপির বুথ সভাপতি বিশ্বনাথ বাবু। গত বিধানসভা ভোট গণনা পরে থেকেই ঘরছাড়া ছিলেন তিনি বলে খবর। তবে মাস খানেক আগে বাড়ি ফেরেন বিশ্বনাথ। এর পর এলাকা স্থানীয় তৃণমূল কংগ্রেসের কর্মীরা তাঁকে বেধড়ক মারধর করেন বলে অভিযোগ।

এখানেই শেষ নয়, জোর করে তাঁর জমি দখল করে নেওয়া হয়েছে বলে অভিযোগ। তৃণমূল কর্মীদের মারে গুরুতর আহত ওই বিজেপি নেতাকে উদ্ধার করে চিকিৎসার জন্য নিয়ে যাওয়া হয়েছে হাসপাতালে।

আহত বিজেপি নেতার কথায়, "সকালে চারজন লোক নিয়ে নিজের জমিতে কাজ করতে যাই। কয়েকজন এসে বলে এখানে বাঁধ দেওয়া যাবে না। অকথ্য গালিগালাজ করে আমাকে। আমার লোকজন ছিল। আমি জানাই, কেন আমার জমিতে বাঁধ দিতে পারব না? তখন দুম করে এসে আমাকে গালে চড় মারে।

আমার চশমাটা ভেঙে যায়। তার পর ওখানকার লোকজন আমাকে ছাড়িয়ে নিয়ে আসে। ১০ মিনিট পর আবার এসে বেধড়ক মারধর করে আমাকে। প্রথমে তিনজন, পরে আবার আসে অনেকে, তারপর আবার তিন দফায় আমাকে মারধর করল।" তিনি যোগ করেন, ভোট গণনার পর আমাকে বাড়ি ছাড়তে হয়। তখন আমাকে মারতে পারেনি। এখন সুযোগ পেয়ে আমাকে মারল।"

নরেন মণ্ডল, তারক মণ্ডল, গৌরহরি বিশ্বাস প্রমুখ স্থানীয় তৃণমূল নেতার দিকে আঙুল তোলেন তিনি। এই নিয়ে ঝড়খালি কোস্টাল থানায় একটি লিখিত অভিযোগ দায়ের করেছেন ওই আহত নেতা। সেই অভিযোগ পেয়ে তদন্তে নেমেছে পুলিশ। আর এই ঘটনা সরেজমিনে তদন্ত করে উপযুক্ত ব্যবস্থা নেওয়া হবে, জানালেন বাসন্তী বিধানসভার তৃণমূল কংগ্রেস বিধায়ক শ্যামল মণ্ডলও। হিন্দুস্থান সমাচার / সোনালি/ কাকলি

# বিজেপির প্রার্থীতালিকা চূড়ান্ত করার বৈঠকেই গরহাজির অর্জুন সিং এবং রাজু বন্দ্যোপাধ্যায়


কলকাতা, ২৭ নভেম্বর (হি.স) : কলকাতার পুরভোটের আগে বিজেপির প্রার্থীতালিকা চূড়ান্ত করার বৈঠকে অনুপস্থিত দলের পুরভোটের তিন পর্যবেক্ষকের দু'জনই। শনিবার প্রার্থী তালিকা চূড়ান্ত করতে দলের সদর দপ্তরে বৈঠকে বসেন রাজ্য নেতাদের একাংশ। কেন্দ্রের প্রতিনিধি হিসাবে সেই বৈঠকে ছিলেন অমিত মালব্যর মতো পরিচিত মুখও। অথচ, এহেন গুরুত্বপূর্ণ বৈঠকে অনুপস্থিত ছিলেন রাজ্য বিজেপির দুই পর্যবেক্ষক অর্জুন সিং এবং রাজু বন্দ্যোপাধ্যায়। দলের পুরভোটের পর্যবেক্ষকদের মধ্যে উপস্থিত ছিলেন একমাত্র জ্যোতির্ময় সিং মাহাতো। শুধু তাই নয়, এদিনের বৈঠকে বরো স্তরের একাধিক নেতাও অনুপস্থিত ছিলেন। যা নিয়ে দলের দলের অন্দরে রীতিমতো অস্বস্তিকর পরিস্থিতি।

তৃণমূল ইতিমধ্যেই পূর্ণাঙ্গ প্রার্থীতালিকা ঘোষণা করে দিয়েছে। বামেরাও কিছু আসন ছেড়ে বাকি আসনে প্রার্থী ঘোষণা করে ফেলেছে। এমনকী কংগ্রেসও প্রার্থীতালিকা প্রায় চূড়ান্ত করে ফেলেছে। তাঁদেরও আংশিক তালিকা শনিবার ঘোষিত হয়েছে। অথচ, রাজ্যের প্রধান বিরোধী দল বিজেপি এখনও নিজেদের ঘর গোছাতেই ব্যস্ত। দলের প্রার্থী তালিকা নিয়ে বৈঠক। আর সেই বৈঠকেই নেই তিন নির্বাচনী পর্যবেক্ষকের দু'জন। কিন্তু কেন অনুপস্থিত দুই নেতা? রাজু বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন, এই বৈঠকের খবর তিনি জানতেনই না। আবার অর্জুন সিংয়ের ঘনিষ্ঠ সূত্রের খবর, এক নিকটাত্মীয়ের বিয়ের জন্য তিনি রাজ্যের বাইরে আছেন।

বিজেপি সূত্রের দাবি, এদিনের বৈঠকে উত্তর এবং দক্ষিণ কলকাতার জেলা সভাপতিরা নিজেদের মতো প্রার্থী তালিকা জমা দিয়েছেন। বিস্তর আলোচনার পর প্রাথমিক একটি প্রার্থীতালিকা তৈরিও করা হয়েছে। যা রবিবার দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদারের উপস্থিতিতে ঘোষিত হতে পারে। নিদেনপক্ষে তা করা না গেলে, সোমবার প্রার্থীতালিকা ঘোষণা করবে বিজেপি।

# অধিবেশনের শুরুতে মৃত কৃষকদের উদ্দেশে শোক প্রস্তাব আনার দাবি কংগ্রেসের

কলকাতা, ২৭ নভেম্বর (হি.স) : সোমবার থেকে শুরু হচ্ছে সংসদের শীতকালীন অধিবেশন। তার আগে শনিবার কংগ্রেস সংসদীয় দলের নেতা অধীর চৌধুরী লোকসভার স্পিকার ওম বিড়লাকে চিঠি লিখে আরজি জানান, অধিবেশনের শুরুতে কৃষক আন্দোলনের সময় মৃত কৃষকদের উদ্দেশে শোকপালন করা হোক।




চিঠিতে তিনি লিখেছেন, দেশের অন্নদাতাদের উদ্দেশে শ্রদ্ধা প্রদর্শন করতে এই শোকপ্রস্তাব সংক্রান্ত প্রস্তাব পাশ করানো হোক। তাঁর বক্তব্য, এর মাধ্যমে কৃষক ভাইদের আত্মত্যাগের প্রতি শ্রদ্ধা প্রকাশ করা হবে।

উল্লেখ, আরও একটি চিঠিতে লোকসভায় ডেপুটি স্পিকারের শূন্যপদে কাউকে নিয়োগ করার আরজি জানিয়েছেন অধীর। তিনি জানিয়েছেন, ভারতীয় সংবিধানের ৯৩ ধারা অনুযায়ী, স্পিকার কিংবা ডেপুটি স্পিকারের পদ খালি হলেই সেখানে কাউকে নিয়োগ করতে হয়। দিল্লি হাই কোর্টও এর আগে একটি পিটিশনের পরিপ্রেক্ষিতে কেন্দ্রকে এব্যাপারে তাদের মতামত জানাতে বলেছে। অধীরের দাবি, দ্রুত ডেপুটি স্পিকার নিয়োগ করা হোক।

এদিকে শনিবারই কেন্দ্রের সঙ্গে কৃষক নেতাদের বিরোধের বরফ গলার ইঙ্গিত মিলেছে। সোমবার অর্থাৎ ২৯ নভেম্বর সংসদে সরকারের তরফে কৃষি আইন প্রত্যাহার বিল পেশ করার সিদ্ধান্তের পরই পূর্ব নির্ধারিত সংসদ ভবন অভিযান আপাতত প্রত্যাহার করার সিদ্ধান্ত নিয়েছে সংযুক্ত কিষান মোর্চা। আগে ঠিক ছিল, ২৯ নভেম্বর মোট ৬০টি ট্রাক্টর এবং ১ হাজার কৃষক সংসদ ভবন ঘেরাও করবেন। ঘটনাচক্রে ওইদিনই সংসদে কৃষি আইন প্রত্যাহারের আইনি প্রক্রিয়া সম্পূর্ণ হবে। সেকারণেই ওইদিনের আন্দোলন প্রত্যাহারের সিদ্ধান্ত নিয়েছেন আন্দোলনকারীরা।

# পুরভোটও কেন্দ্রীয় বাহিনী দিয়েই হোক : দিলীপ ঘোষ

মেদিনীপুর, ২৭ নভেম্বর (হি. স.) : পুরভোটও কেন্দ্রীয় বাহিনী দিয়েই হোক, তেমনটাই চান তাঁরা। শনিবার এই নিয়ে সরব হলেন বিজেপির সর্বভারতীয় সহ-সভাপতি দিলীপ ঘোষ। তাঁর আরও বক্তব্য, কেন একসঙ্গে সমস্ত পুরসভায় ভোট নয়, বিধানসভা, লোকসভা, পঞ্চায়েত সমস্ত ভোটই তো এক সঙ্গে হয়েছে। তা হলে হঠাৎ পুরসভার ক্ষেত্রে অন্য নিয়ম কেন? এ প্রসঙ্গেই দিলীপের সংযোজন, "তবে কি তৃণমূল ভয় পাচ্ছে? একসঙ্গে ভোট হলে লুঠপাটে সমস্যা হবে?"



এদিন দিলীপ ঘোষ বলেন, "আমরা চাইছিলাম পশ্চিমবাংলার প্রতিটা পুরসভায় একসঙ্গে নির্বাচন হোক। কলকাতার লোকেদের যদি এই সুবিধাটা পাওয়ার অধিকার থাকে, তাহলে বাংলার বাকি জায়গার লোকজনেরও তো তা পাওয়ার অধিকার রয়েছে। বিধানসভা ও লোকসভা ভোট একসঙ্গে হল, পঞ্চায়েতও একসঙ্গে হয়েছিল। তাহলে পুরসভা নির্বাচনের সময় আলাদা আলাদা ভাবে কেন করা হচ্ছে? যদি একসঙ্গে নির্বাচন হয় লুটপাট করতে পারবে না, সরকার কি এই ভয়টাই পাচ্ছে?" তাঁর আরও বক্তব্য, বাংলায় যে কোনও ভোটই কেন্দ্রীয় বাহিনী দিয়ে করানো প্রয়োজন। বাংলায় একেবারেই আইনশৃঙ্খলা নেই। পুলিশের নিরপেক্ষতা নিয়েও প্রশ্নের অবকাশ রয়েছে।

দিলীপ ঘোষের দাবি, পশ্চিমবঙ্গে শান্তিপূর্ণ ভোট হওয়া তো দূরের কথা, মনোনয়ন জমা দেওয়াকে কেন্দ্র করেও হিংসার বাতাবরণ তৈরি করা হয়। 'এখানে মনোনয়ন থেকে ভোট পর্যন্ত সব জায়গায় মারপিট করা হয়, লুঠপাট করা হয়, বিরোধীদের আটকানো হয়', বক্তব্য দিলীপ ঘোষের।

সূত্রের খবর, শনিবারই বিজেপির প্রার্থী তালিকা নিয়ে চূড়ান্ত বৈঠক হতে পারে। এদিন সন্ধ্যায় কিংবা রবিবারই প্রকাশ করা হতে পারে কলকাতা পুরভোটে বিজেপির মুখেদের নাম। তৃণমূল তাদের প্রার্থী তালিকায় ৪৫ শতাংশ মহিলা রেখেছেন। বিজেপিও কি মহিলাদের অগ্রাধিকার দেবে? দিলীপ ঘোষের জবাব, "শুধু মহিলাই নয়, সমাজের সর্বস্তরের প্রতিনিধিরা থাকবেন আমাদের তালিকায়।" হিন্দুস্থান সমাচার / সোনালি

# সংক্রমণ কমলেও মৃত্যু ঊর্ধমুখী ভারতে করোনা-মুক্ত ৯৮.৩৪ শতাংশ

নয়াদিল্লি, ২৭ নভেম্বর (হি.স.): ভারতে ফের নিম্নমুখী দৈনিক করোনা-সংক্রমণ, তবে মৃত্যুর সংখ্যা রোজই চিন্তা বাড়াচ্ছে। শুক্রবার সারাদিনে ভারতে নতুন করে করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন ৮ হাজার ৩১৮ জন। এই সময়ে মৃত্যু হয়েছে ৪৬৫ জনের। বিগত ২৪ ঘন্টায় ভারতে করোনা-মুক্ত হয়েছেন ১০,৯৬৭ জন, ভারতে সুস্থতার হার বেড়ে ৯৮.৩৪ শতাংশে পৌঁছেছে। বিগত ২৪ ঘন্টায় ভারতে চিকিৎসাধীন করোনা-রোগীর সংখ্যা কমে ১,০৭,০১৯-এ পৌঁছেছে, বিগত ২৪ ঘন্টায় চিকিৎসাধীন রোগীর সংখ্যা কমেছে ৩,১১৪ জন।

কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, বিগত ২৪ ঘন্টায় ভারতে নতুন করে করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন ৮,৩১৮ জন, যা বিগত কয়েকদিনের তুলনায় অনেকটাই কম। এই মুহূর্তে শতাংশের নিরিখে ০.৩১ শতাংশ রোগী চিকিৎসাধীন রয়েছেন। ভারতে বিগত ২৪ ঘন্টায় করোনাভাইরাসের টিকা পেয়েছেন ৭৩ লক্ষ ৫৮ হাজার ০১৭ জন প্রাপক, ফলে ভারতে শনিবার সকাল আটটা পর্যন্ত ১,২১,০৬,৫৮,২৬২ জনকে কোভিড টিকা দেওয়া হয়েছে।

কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, বিগত ২৪ ঘন্টায় ৪৬৫ জনের মৃত্যুর পর ভারতে কোভিড-১৯ ভাইরাসে মৃতের সংখ্যা বেড়ে হল ৪,৬৭,৯৩৩ জন (১.৩৫ শতাংশ)। ভারতে সুস্থতার সংখ্যা অনেকটাই বাড়ল, শুক্রবার সারা দিনে ভারতে করোনা-মুক্ত হয়েছেন ১০,৯৬৭ জন। শনিবার সকাল আটটা পর্যন্ত ভারতে মোট সুস্থ হয়েছেন ৩,৩৯,৮৮,৭৯৭ জন করোনা-রোগী, শতাংশের নিরিখে ৯৮.৩৪ শতাংশ।

# তামিলনাড়ুতে বৃষ্টিতে মৃত্যু ৮ জনের, বৃষ্টিতে জলমগ্ন চেন্নাইয়ের নানা স্থান

চেন্নাই, ২৭ নভেম্বর (হি.স.): তামিলনাড়ুতে বৃষ্টি দুর্যোগে প্রাণ হারালেন ৮ জন। ৮ জনের মধ্যে ৩ জনের মৃত্যু হয়েছে শুক্রবারই। এছাড়াও বৃষ্টিতে বিপর্যস্ত চেন্নাইয়ের বিভিন্ন প্রান্ত। চেন্নাইয়ের মোট ২২০টি স্থান জলমগ্ন হয়ে পড়ে বৃষ্টির জলে। শনিবার তামিলনাড়ুর রাজস্ব ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রী কে কে এস এস আর রামচন্দ্রণ জানিয়েছেন, তামিলনাড়ুতে বৃষ্টিজনিত কারণে মৃত্যু হয়েছে ৮ জনের, শুক্রবারই মৃত্যু হয়েছিল ৩ জনের। চিঙ্গেলপেটে এনডিআরএফ-এর দু''টি টিম এবং কাঞ্চিপুরমে এনডিআরএফ-এর একটি টিম মোতায়েন করা হয়েছে।

মন্ত্রী কে কে এস এস আর রামচন্দ্রণ আরও জানিয়েছেন, 'চেন্নাইয়ের ২২০টি স্থানে জল জমে গিয়েছে, ৩৪টি স্থানে ইতিমধ্যেই জল নেমে গিয়েছে। অন্যস্থান থেকে পাম্পিংয়ের সাহায্যে জল নামানোর কাজ চলছে।' বৃষ্টিতে এমনিতেই বেহাল অবস্থা, এমতাবস্থায় আবহাওয়া দফতরের পক্ষ থেকে জানানো হয়েছে, ২৯ নভেম্বর অবধি বৃষ্টি হবে তামিলনাড়ুতে, তাও আবার ভারী বৃষ্টি!

# করোনা-পরিস্থিতি ও টিকাকরণ নিয়ে উদ্বেগ, জরুরি বৈঠক প্রধানমন্ত্রীর

নয়াদিল্লি, ২৭ নভেম্বর (হি.স.): দেশের করোনা-পরিস্থিতি ও টিকাকরণ নিয়ে জরুরি বৈঠক করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। শনিবার স্বাস্থ্য দফতরের শীর্ষ আধিকারিকদের সঙ্গে গুরুত্বপূর্ণ বৈঠক করেছেন প্রধানমন্ত্রী। এই বৈঠকে উপস্থিত ছিলেন মন্ত্রিসভার সচিব রাজীব গৌবা, প্রধানমন্ত্রীর প্রিন্সিপাল সচিব পি কে মিশ্র, কেন্দ্রীয় স্বাস্থ্য সচিব রাজেশ ভূষণ ও নীতি



আয়োগের সদস্য (স্বাস্থ্য) ডাঃ ভি কে পল-সহ অন্যান্যরা।

দেশের কোভিড অতিমারি এবং টিকাকরণ পরিস্থিতি নিয়ে আলোচনার জন্য শনিবার এই জরুরি বৈঠক করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। সকাল সাড়ে ১০টায় শুরু হয় সেই বৈঠক। করোনাভাইরাসের নতুন রূপ বি১.১.৫২৯, যার নাম বিশ্ব স্বাস্থ্য সংস্থা দিয়েছে ওমিক্রন। ভাইরাসের 'ভয়াবহ' এই রূপ যেন দেশে ছড়িয়ে না পড়ে তা নিয়েও আলোচনা হয়েছে বলে মনে করা হচ্ছে এই বৈঠকে। এই রূপ নিয়ে ইতিমধ্যে রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলগুলিকে সতর্ক করেছে কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রক। স্বাস্থ্য মন্ত্রকের সচিব রাজেশ ভূষণ ইতিমধ্যেই চিঠি দিয়েছেন রাজ্যগুলিকে।

# ইঞ্জিনে যান্ত্রিক গোলযোগ, নাগপুরে জরুরি অবতরণ পাটনাগামী বিমানের

নাগপুর, ২৭ নভেম্বর (হি.স.): ইঞ্জিনে যান্ত্রিক গোলযোগের কারণে নাগপুরে জরুরি অবতরণ করল পাটনাগামী গো ফার্স্ট বিমান সংস্থার একটি বিমান। ১৩৯ জন যাত্রীকে নিয়ে বেঙ্গালুরু থেকে পাটনা উড়ে যাচ্ছিল ওই বিমানটি। বিমানের কোনও একটি ইঞ্জিনে ত্রুটি দেখা দেয়। এরপর কোনও রকম ঝুঁকি না নিয়ে নাগপুর বিমানবন্দরে বিমান অবতরণ করেন পাইলট। শনিবার বেলা ১১.১৫ মিনিট নাগাদ সুরক্ষিতভাবে ল্যান্ড করে বিমানটি।

বিমানবন্দরের ডিরেক্টর আবিদ রুহি জানিয়েছেন, পাটনাগামী গো ফার্স্ট বিমানের পাইলট এটিসি-র সঙ্গে যোগাযোগ করেন, তিনি জানান বিমানের কোনও একটি ইঞ্জিনে ত্রুটি দেখা দিয়েছে। নাগপুর বিমানবন্দরে জরুরি অবতরণের আবেদন জানান তিনি। এরপর ১৩৯ জন যাত্রীকে নিয়ে নাগপুর বিমানবন্দরে ল্যান্ড করে বিমানটি। সমস্ত যাত্রী ও ক্রু মেম্বার সুরক্ষিত রয়েছেন।

গো ফার্স্ট-এর মুখপাত্র জানিয়েছেন, নাগপুর বিমানবন্দরে অবতরণের পর সমস্ত যাত্রীদের বিমান থেকে নামানো হয়। এরপর যাত্রীদের জন্য অন্য একটি বিমানের ব্যবস্থা করা হয়েছে। ইঞ্জিনে ত্রুটি দেখা দেওয়া বিমানটি পরীক্ষা করে দেখা হচ্ছে।


# পুরভোটের বিজ্ঞপ্তিতে স্থগিতাদেশ চেয়ে সুপ্রিম কোর্টে মামলা বিজেপির

কলকাতা, ২৭ নভেম্বর (হি.স) : দু'দিন আগে কলকাতা পুরভোটের দিন ঘোষণা করেছে রাজ্য নির্বাচন কমিশন। তার ৪৮ ঘণ্টার মধ্যে পুরভোটের বিজ্ঞপ্তিতে স্থগিতাদেশ চেয়ে সুপ্রিম কোর্টে মামলা করল বিজেপি। আগামী সোমবার ওই মামলার শুনানির সম্ভাবনা রয়েছে। ওই দিন বকেয়া সব পুরসভার ভোট একদিনে করতে চেয়ে বিজেপির দায়ের করা মামলার শুনানি রয়েছে হাইকোর্টে।

যদিও বিজেপির দায়ের করা মামলা নিয়ে কটাক্ষ উড়ে আসছে তৃণমূল শিবির থেকে। দলের নেতাদের একাংশ জানিয়েছেন, পুরভোটের প্রার্থিতালিকা চূড়ান্ত করতে না পেরেই হতাশা থেকে এখন ভোট পিছিয়ে দেওয়ার জন্য উঠে পড়ে লেগেছে বিজেপি। বারবার মামলা করে সেটাই প্রমাণ করছে তারা। তৃণমূলের সমালোচনা গায়ে না মেখে বিজেপির প্রশ্ন, এত পুরসভা-পুরনিগমের নির্বাচন বকেয়া, কেন শুধু কলকাতার ভোট হবে।

# সুস্থ হয়ে উঠছেন করোনা আক্রান্ত কমল হাসান, টুইটে জানালেন কন্যা শ্রুতি

মুম্বই, ২৭ নভেম্বর (হি. স.) : সুস্থ হয়ে উঠছেন করোনা আক্রান্ত কমল হাসান। টুইট করে এমনটাই জানালেন কন্যা শ্রুতি হাসান। সেই টুইটে লিখেছেন, তাঁর বাবা, অর্থাৎ কমল হাসান ধীরে ধীরে সুস্থ হয়ে উঠছেন। সেই সঙ্গে এই সময় পাশে থাকার জন্য সকলকে ধন্যবাদও জানিয়েছেন



শ্রুতি। সোমবার খবর আসে, করোনা আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন কমল হাসান। মার্কিন যুক্তরাষ্ট্র থেকে দেশে ফেরার পথে দুর্বলতা অনুভব করেছিলেন শরীরে। সেই সঙ্গে ছিল সর্দিও। সময় নষ্ট না করে করোনা পরীক্ষা করিয়েছিলেন কমল হাসান। রিপোর্ট পজিটিভ আসায় তৎক্ষণাৎ নিজেকে আলাদা করেন নেন অভিনেতা। তবে বাড়িতে নয়, এই মুহূর্তে চেন্নাইয়ের একটি বেসরকারি হাসপাতালে ভর্তি আছেন কমল। টুইট করে বাবার স্বাস্থ্য সম্পর্কে জানালেন কমলের কন্যা অভিনেত্রী শ্রুতি হাসান। চেন্নাইয়ের হাসপাতালে ভর্তি হওয়ার পর টুইট করে সকলকে সাবধানে থাকতে অনুরোধ করেছিলেন কমল। তাঁর অনুরাগীরাও টুইটের নীচে সুপারস্টারের সুস্বাস্থ্য কামনা করেছেন। আপাতত, হাসপাতালের চার দেওয়ালের মধ্যে বন্দি জীবন কাটাচ্ছেন কমল।

# এ বার 'ওমিক্রন'-এর ভয়! করোনার নতুন প্রজাতি নিয়ে উদ্বিগ্ন হু

জেনেভা, ২৭ নভেম্বর (হি.স.): মারণ করোনাভাইরাস নির্মূল হচ্ছেই না। এবার হাজিরা হয়েছে কোভিডের নতুন প্রজাতি 'বি.১.১.৫২৯' প্রজাতি। নতুন এই প্রজাতির নাম রাখা হয়েছে 'ওমিক্রন'। 'ওমিক্রন'-কে নিয়েই এবার চিন্তায় বিশ্ব স্বাস্থ্য সংস্থা (হু)। করোনাভাইরাসের নতুন 'বি.১.১.৫২৯' প্রজাতিকে উদ্বেগজনক বা 'ভেরিয়েন্ট অফ কনসার্ন'




হিসেবে চিহ্নিত করে সেটিকে 'ওমিক্রন' নাম দিয়েছে বিশ্ব স্বাস্থ্য সংস্থা (হু)। বিশ্ব স্বাস্থ্য সংস্থা জানিয়েছে, নতুন এই প্রজাতির ভাবগতিক বুঝতে আরও কয়েক সপ্তাহ সময় লাগবে। বিবৃতিতে জানানো হয়েছে, এই প্রজাতিতে বিপজ্জনক মিউটেশন ঘটেছে। বস্তুত, সেই কারণেই চিহ্নিত হওয়ার প্রায় সঙ্গে সঙ্গে ঝুঁকির সর্বোচ্চ ধাপে রাখা হল করোনার এই নয়া স্ট্রেনকে। দক্ষিণ আফ্রিকায় প্রথম চিহ্নিত হয়েছিল এই প্রজাতির ভাইরাস। তবে ভারতে এখনও পর্যন্ত এই নয়া ভেরিয়েন্ট পাওয়া যায়নি বলেই কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রক সূত্রের খবর। "ওমিক্রন"-কে নিয়ে ভয়ের অন্যতম কারণ হল কোভিড টিকার কার্যকারিতা রুখে দিতে পারে নতুন স্ট্রেনটি।

# লালুপ্রসাদের শারীরিক অবস্থা স্থিতিশীল, চিন্তার কোনও কারণ নেই

নয়াদিল্লি, ২৭ নভেম্বর (হি.স.): স্থিতিশীল রয়েছেন বিহারের প্রাক্তন মুখ্যমন্ত্রী ও আরজেডি প্রধান লালুপ্রসাদ যাদব। চিন্তার বিশেষ কোনও কারণ নেই বলেই জানা গিয়েছে। এইমস সূত্রের খবর, লালুপ্রসাদ এখন স্থিতিশীল রয়েছেন। শুক্রবার অসুস্থ অবস্থায় দিল্লির এইমস-এ ভর্তি করা হয় বর্ষীয়ান রাজনৈতিক ব্যক্তিত্ব লালুপ্রসাদ যাদবকে। তাঁর শরীরে জ্বর ছিল এবং মাথাটাও ঘুরছিল বলে জানান চিকিৎসকরা। পরীক্ষার জন্য তাঁর রক্ত নেওয়া হয়।



শুক্রবারই চিকিৎসকরা জানান, চিন্তার কিছু নেই। তবে রিপোর্ট পাওয়ার পরই তাঁর শারীরিক অবস্থার কথা বিস্তারিত জানানো সম্ভব হবে বলেই এইমস সূত্রে জানানো হয়। শনিবার সকালে এইমস সূত্রে জানা গিয়েছে, লালুপ্রসাদ যাদব স্থিতিশীল রয়েছেন। চিন্তার কোনও কারণ নেই। আপাতত চিকিৎসকদের পর্যবেক্ষণে থাকবেন আরজেডি প্রধান।

# মেক্সিকোতে বাস দুর্ঘটনায় মৃত ১৯, আহত কমপক্ষে ৩২ জন

মেক্সিকো সিটি, ২৭ নভেম্বর (হি.স.): মেক্সিকোতে নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার ধারে বহুতলে ধাক্কা মারল একটি যাত্রীবোঝাই বাস। ভয়াবহ দুর্ঘটনায় মৃত্যু হয়েছে ১৯ জনের, এছাড়াও কমপক্ষে ৩২ জন কমবেশি আহত হয়েছেন। শুক্রবার (২৬ নভেম্বর) দুর্ঘটনাটি ঘটেছে মেক্সিকোর সান জোসএল গুয়ার্ডায। হাইওয়ের উপর থেকে যাওয়ার সময় নিয়ন্ত্রণ হারিয়ে ফেলেন চালক, মুহূর্তের মধ্যেই বাসটি রাস্তার ধারে একটি বহুতলে ধাক্কা মারে। স্থানীয় প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়েছে, বহুতলে ধাক্কা লাগায় বাসটির সামনের অংশ ভেঙে দুমড়ে মুচড়ে যায়। মৃত্যু হয়েছে ১৯ জনের এবং ৩২ জন আহত হয়েছেন। তাঁদের মধ্যে ৬ জনের শারীরিক অবস্থা অত্যন্ত আশঙ্কাজনক। তাঁদের রাজধানীর একটি হাসপাতালে ভর্তি করা হয়েছে। অ্যাসিস্ট্যান্ট স্টেটঅভ্যন্তরীণ সচিব রিকার্ডো দে লা ক্রুজ জানিয়েছেন, মেক্সিকো সিটির দক্ষিণ-পশ্চিমে জোকিসিংগো শহরে দুর্ঘটনাটি ঘটেছে। বাসটি পশ্চিমাঞ্চলীয় স্টেটমিচোয়াকান থেকে চালমার দিকে যাচ্ছিল, যে শহরটি বহু শতাব্দী ধরে রোমান ক্যাথলিক তীর্থযাত্রীদের গন্তব্যস্থল। হিন্দুস্থান সমাচার। রাকেশ।

# নতুন উচ্চতায় টিকাকরণ, ভারতে ভ্যাকসিন পেলেন ১২১-কোটির বেশি প্রাপক

নয়াদিল্লি, ২৭ নভেম্বর (হি.স.): টিকাকরণে নতুন উচ্চতায় পৌঁছে গেল ভারত। ভারতে ১২১.০৬-কোটির গণ্ডি ছাড়িয়ে গেল করোনাভাইরাসের টিকাকরণ। দেশব্যাপী টিকাকরণ অভিযানে বিগত ২৪ ঘন্টায় করোনার ভ্যাকসিন পেয়েছেন ৭৩ লক্ষ ৫৮ হাজারের বেশি প্রাপক। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক জানিয়েছে, শনিবার সকাল আটটা পর্যন্ত মোট ১,২১,০৬,৫৮,২৬২ জনকে ভ্যাকসিন দেওয়া হয়েছে। বিগত ২৪ ঘন্টায় টিকা দেওয়া হয়েছে ৭৩ লক্ষ ৫৮ হাজার ০১৭ জনকে। ভারতে ৬৩.৮২-কোটির ঊর্ধ্বে পৌঁছে গেল করোনা-পরীক্ষার সংখ্যা। শনিবার সকালে ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চ (আইসিএমআর) জানিয়েছে, ২৬ নভেম্বর সারা দিনে ভারতে ৯,৬৯,৩৫৪ জনের শরীর থেকে নমুনা সংগ্রহ করে করোনা-স্যাম্পেল টেস্ট করা হয়েছে। সবমিলিয়ে ভারতে করোনা-টেস্টের সংখ্যা ৬৩,৮২,৪৭,৮৮৯-এ পৌঁছে গিয়েছে। পরীক্ষিত ৯,৬৯,৩৫৪ জনের মধ্যে বিগত ২৪ ঘন্টায় ভারতে কোভিড-১৯ ভাইরাসে আক্রান্ত হয়েছেন ৮ হাজার ৩১৮ জন।

# কলকাতায় পারদ-পতন হচ্ছেই হালকা শীতের পরশ দক্ষিণবঙ্গে

কলকাতা, ২৭ নভেম্বর (হি.স.): বাধাহীন উত্তুরে হাওয়ায় আগমণে পারদ-পতন হচ্ছে কলকাতায়। তাপমাত্রার পারদ নামছে দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলাতেও। দিঘা থেকে ক্যানিং, শ্রীনিকেতন থেকে আসানসোল-দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় শীতল পরশ। কলকাতায় তাপমাত্রা নামল কুড়ির নীচে। শনিবার মহানগরীর সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৮.২ ডিগ্রি সেলসিয়াস। যা স্বাভাবিকের থেকে ১ ডিগ্রি বেশি হলেও, ভোরে ও রাতে ফিরেছে শীতের আমেজ। আলিপুর আবহাওয়া দফতর জানিয়েছে, আগামী কয়েকদিন অনেকটাই কমবে কলকাতা-সহ গোটা রাজ্যের তাপমাত্রা। আপাতত বৃষ্টির সম্ভাবনা নেই।

পুরুলিয়া, বীরভূম, পশ্চিম বর্ধমানের মতো জেলাগুলিতেও রাতের তাপমাত্রা ১৪ থেকে ১৬ ডিগ্রি সেলসিয়াসের মধ্যে ঘোরাফেরা করছে। আবহবিদেরা জানিয়েছেন, আগামী ২-৩ দিনের মধ্যে রাতের তাপমাত্রা কিছুটা নামতে পারে। নভেম্বর মাস প্রায় শেষ হতে চললেও এ রাজ্যে তাপমাত্রার পতন এখনও সে ভাবে হয়নি। কলকাতা-সহ দক্ষিণবঙ্গে এখনও সর্বনিম্ন তাপমাত্রা স্বাভাবিকের নীচে সে ভাবে নামেনি। তবে গত দু'দিন সর্বনিম্ন তাপমাত্রা কমতেই কলকাতায় ফিরেছে শীত-শীত ভাব। আকাশও পরিষ্কার থাকছে। দিঘায় এদিন সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৭.৬ ডিগ্রি সেলসিয়াস, দক্ষিণ ২৪ পরগনার ক্যানিংয়ে ১৭.৬ ডিগ্রি সেলসিয়াস, শ্রীনিকেতনে ১৪.৪ ডিগ্রি সেলসিয়াস এবং আসানসোলে ১৫.১ ডিগ্রি সেলসিয়াস।

# হরেকরকম

হরেকরকম
হরেকরকম

## রক্তচাপ নিয়ন্ত্রণে রাখে এই সব খাবার গুলি

করোনাকালে শরীরের প্রতি বাড়তি যত্ন নেওয়া প্রয়োজন হয়ে পড়েছে। শরীরে রোগ বাসা বাঁধলে করোনার ঝুঁকি বেড়ে যায় অনেকটাই। এই সময়ে অনেকেই নানা আতঙ্কে কাটান এবং দীর্ঘসময় ধরে বাসাবাড়িতে অবস্থান করেন। এতে করে রক্তচাপ বেড়ে যেতে পারে। তাই পটাশিয়াম সমৃদ্ধ খাবার খেতে হবে। পটাশিয়াম রক্তচাপ নিয়ন্ত্রণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

শরীরের জন্য অন্যতম জরুরি উপাদান হলো পটাশিয়াম। তাই খাবারে রাখতে হবে পটাসিয়াম। ফলের মধ্যে কলা খেলে পটাশিয়াম ঘাটতি নিয়ে চিন্তা থাকে না। মাঝারি আকারের একটা কলায় পটাসিয়াম থাকে প্রায় ৪২২ মিলিগ্রাম। কিন্তু অনেকেই কলা খেতে পছন্দ করেন না। সে ক্ষেত্রে শাক, টমেটো, ফলের রস এবং সব রকমের ডালে মিটবে পটাশিয়ামের ঘাটতি।

এই সময়ে রক্তচাপ নিয়ন্ত্রণে রাখাটা জরুরি। তাই যাদের কলা খেতে সমস্যা নেই, তারা কলা তো খাবেনই এর সঙ্গে আরও যা খেতে পারেন তা জেনে নিন.

ডাবের জল

চিকিতকরা বলেন, পুষ্টির সমাহার রয়েছে ডাবের জলে। এক কাপ ডাবের জলে প্রায় ৪০৫ মিলিগ্রাম পটাশিয়াম থাকে। তাই নিয়মিত ডাবের জল খেলে পটাশিয়ামের ঘাটতি দূর হবে। তাতে আপনার রক্তচাপ নিয়ন্ত্রণে রাখা সহজ হবে।

বেদানা

এই ফলে রয়েছে পর্যাপ্ত পরিমাণে ফাইবার, প্রোটিন, ভিটামিন সি, ভিটামিন কে, ফোলেট। ১০০ গ্রাম বেদানায় পটাশিয়ামের পরিমাণ ২৩৬ মিলিগ্রাম। তাই রক্তচাপ নিয়ন্ত্রণে অত্যন্ত কার্যকর এটি। তাই খাবারের তালিকায় বেদানা রাখার চেষ্টা করুন।

লেবুজাতীয় ফল

পটাশিয়ামের সমাহার রয়েছে মোসাম্বিতে। ১০০ গ্রাম মোসাম্বিতে রয়েছে ৪৯০ মিলিগ্রাম পটাশিয়াম। এছাড়া ১০০ গ্রাম কমলালেবুতে রয়েছে ১৮১ মিলিগ্রাম পটাশিয়াম। যে কোন লেবুতে পাবেন পটাশিয়াম।

তরমুজ

এই ফলে জলের পরিমাণ অনেকটাই বেশি। হৃদযন্ত্রের সমস্যায় উপকারী তরমুজ, এটি রক্তচাপ নিয়ন্ত্রণেও সাহায্য করে। মাত্র এক টুকরা তরমুজে (গোটা তরমুজের ১৬ ভাগের এক ভাগ) ৩২০ মিলিগ্রাম পটাশিয়াম থাকে। যা প্রতিদিনের প্রয়োজনের প্রায় ৭ শতাংশ পূরণ করতে সক্ষম।

আলু

খাবারে আলু থাকে না, এ রকম মানুষ পাওয়া বেশ দুষ্কর। ১০০ গ্রাম আলুতে ৪২১ মিলিগ্রাম পটাশিয়াম রয়েছে। তাই সহজেই অপরিহার্য উপাদানের ঘাটতি মেটায় এই সবজি। মিষ্টি আলুতেও পটাসিয়ামের মাত্রা যথেষ্ট। ১০০ গ্রাম মিষ্টি আলুতে পটাশিয়ামের পরিমাণ ৩৩৭ মিলিগ্রাম।

অ্যাপ্রিকট বা খুবানি

শুকনো অ্যাপ্রিকট যদি দিনে ৬টা খাওয়া যায়, তাহলে সহজেই ৪৮৮ মিলিগ্রাম পটাশিয়াম পাওয়া যেতে পারে। এতে রোগ প্রতিরোধ ক্ষমতাও বৃদ্ধি পাবে, চোখ ভাল থাকবে এবং হাড়ের গঠনও মজবুত হবে।

পালং শাক

এই শাক পুষ্টির সমাহার বললে ভুল হবে না। অপরিহার্য ভিটামিন এ, সি, কে ছাড়াও রয়েছে ফোলিক অ্যাসিড, আয়রন, ক্যালসিয়াম। এক কাপ পালং শাকে প্রায় ৫৪০ মিলিগ্রাম পটাশিয়াম থাকে। ওজন কমাতেও সাহায্য করে পালং।

আপনার প্রতিদিনের খাবারে উপরোক্ত খাদ্যদ্রব্যগুলোকে সংযুক্ত করুন। তাতে করে আপনার রক্তচাপ নিয়ন্ত্রণে থাকবে। রক্তচাপ নিয়ন্ত্রণে থাকলে ভালো থাকবে হৃদযন্ত্র, এর সঙ্গে কিডনিও ভাল থাকবে।

## ঘুমের সমস্যা থেকে রেহাই পাবেন যে ভাবে

বর্তমান সময়ে অনেকেই ঘুমের সমস্যায় ভুগছেন। করোনা নিয়ে নানা দুশ্চিন্তা, যেটা এই সময়ে অনেকটা স্বাভাবিক। একেতো গৃহবন্দী, তারপর আশপাশের করোনাকালীন পরিবেশ আবার নিকটাত্মীয়ের মধ্যে ভাইরাস সংক্রমণের খবর। এজন্যই ঘুমের সমস্যা দেখা দিচ্ছে। এই সমস্যাটি কিন্তু আপনার জন্য ভাল নয়।

বিশেষজ্ঞরা বারবার বলছেন এই সময়ে সুস্থতার দিকে বিশেষ নজর দিতে। কোন রকম শরীরে দুর্বলতা দেখা দিলে তা কিন্তু করোনার ঝুঁকি বাড়িয়ে দিতে পারে। ঘুম না হওয়া মানে আপনার শরীরে নানা রোগের সৃষ্টি। হজমের সমস্যা থেকে শুরু করে মাথাব্যথা, মেজাজ খিটখিটে থাকা, ক্লান্তিবোধ, কাজে অমনোযোগ ও উচ্চ রক্তচাপও হতে পারে। তাই প্রয়োজনীয় ঘুমটুকু যাতে মিটে, তার ব্যবস্থায় মনোযোগী হোন।

ঘুমের সমস্যা কাটাতে আপনার খাদ্যাভ্যাসে কয়েকটি খাবার যোগ করুন। এর মাধ্যমেই ঘুমের সমস্যা দূর হবে। এবার জেনে নিন সেই খাবারের তালিকা.

বাদাম

এই বাদামে প্রচুর পরিমাণে মেলাটোনিন রয়েছে। মেলাটোনিন হলো এক ধরনের হরমোন, যা আমাদের ঘুমচক্র নিয়ন্ত্রণ করে। বাদাম আপনার পেশিতে ক্যালসিয়াম ও ম্যাগনেসিয়ামের ভারসাম্য বজায় রেখে আপনার সুন্দরভাবে ঘুমোতে সাহায্য করে।

চর্বিযুক্ত মাছ

চর্বিযুক্ত মাছে ওমেগা-৩ ফ্যাটি অ্যাসিড থাকে, যা স্যারেটোনিনকে নিয়ন্ত্রণ করে। এছাড়াও মাছে ভিটামিন-ডি থাকে যা ঘুমের জন্য গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

ডুমুর

ডুমুরে প্রচুর পরিমাণে ম্যাগনেসিয়াম রয়েছে এবং ডুমুরে থাকা মিনারেলগুলো আপনারকে ঘুমোতে সাহায্য করবে।

মিষ্টি আলু

ঘুমোতে যাওয়ার আগে মিষ্টি আলু খেয়ে নিলে শরীরে কার্বোহাইড্রেটের পরিমাণ বাড়ে। এর মধ্যে থাকা পটাশিয়াম পেশিকে শিথিল করতে সাহায্য করে, তাই মিষ্টি আলু খেলে ঘুমের সমস্যা দূর হবে।

কলা

কলা ঘুমের জন্য অত্যন্ত উপকারী। কলায় থাকে ম্যাগনেসিয়াম, পটাশিয়াম ও ভিটামিন-বি৬, যা আপনার ঘুমের জন্য অত্যন্ত কার্যকরী।

দুধ-মধু

গরম দুধে মধু মিশিয়ে সেই পানীয় খেলেও ঘুমের সমস্যা মেটে। দুধে থাকা ট্রাইটোফ্যান স্নায়ু ও কোষকে শিথিল করে ঘুম আসতে সাহায্য করে। এর সঙ্গে মধু যোগ হওয়ায় ঘুমের ঘনত্বও বাড়ে।

এই খাদ্যগুলি আপনাকে ঘুমের ক্ষেত্রে অনেকাংশেই সাহায্য করতে পারে। গভীর রাত পর্যন্ত ঘুম না আসা কিংবা চেষ্টা করেও ঘুমোতে না পারার সমাধান হতে পারে এগুলো।

## আপনার হার্ট সুস্থ রাখতে জেনে নিন দেবী শেঠির কিছু জরুরী পরামর্শ

উপমহাদেশের আলোচিত হৃদরোগ বিশেষজ্ঞ ও সার্জন চিকিতক দেবী শেঠি বিশ্বের সেরা ১০ জন সার্জনের একজন। হৃদরোগ এড়ানোর জন্য তিনি জরুরী কিছু পরামর্শ দিয়েছেন। সেগুলো হলো-

১. শর্করা এবং চর্বিজাত খাবার কম খেতে হবে। আর আমিষের পরিমাণ বাড়িয়ে দিতে হবে।

২. সপ্তাহে অন্তত পাঁচদিন আধা ঘণ্টা করে হাঁটতে হবে। লিফটে চড়া এড়াতে হবে। একটানা বেশি সময় বসে থাকা যাবে না।

৩. ধুমপান ত্যাগ করতে হবে।

৪. ওজন নিয়ন্ত্রণে রাখতে হবে।

৫. রক্তচাপ এবং সুগারের পরিমাণ নিয়ন্ত্রণে রাখতে হবে।

৬. শাক জাতীয় নয়, এমন খাবার খাওয়া হৃদযন্ত্রের জন্য উপকারী নয়। ৭. ত্রিশের ওপরে সবার উচিত নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা করা। ৮. জীবনে সব কিছু নিখুঁত হবে এমন ভাবার কোনও কারণ নেই। তাই জীবনের প্রতি দৃষ্টিভঙ্গির পরিবর্তন করতে হবে। ৯. জগিং করার চেয়ে হাঁটা ভালো। জগিং করলে মানুষ দ্রুত ক্লান্ত হয়ে যায় এবং জয়েন্টে ব্যথা হয়। ১০. অনিয়মিত খাদ্যাভাস মানুষকে জাঙ্ক ফুডের দিকে ঠেলে দেয়। আর তখনই হজমের জন্য ব্যবহৃত এনজাইমগুলো দ্বিধায় পড়ে যায়। তাই নিয়ন্ত্রিত খাদ্যাভাস, হাঁটাহাঁটি এবং আখরোট খেতে হবে। ১১. হৃদযন্ত্রের জন্য সবচেয়ে ভালো খাবার ফল এবং সবজি। আর সবচেয়ে খারাপ তৈলাক্ত খাবার। যে কোনও তেলই খারাপ। ১২. নিয়মিত রক্ত পরীক্ষার মাধ্যমে সুগার এবং কোলেস্টেরলের স্বাভাবিক মাত্রা সম্পর্কে নিশ্চিত হতে হবে। তাছাড়া রক্তচাপ পরিমাপও জরুরি। ১৩. হার্ট অ্যাটাক হলে রোগীকে প্রথমে শুইয়ে দিতে হবে। এরপর জিহ্বার নিচে একটি অ্যাসপিরিন ট্যাবলেট রাখতে হবে। যদি পাওয়া যায় তবে অ্যাসপিরিনের পাশাপাশি একটি সরবিট্রেট ট্যাবলেটও রাখতে হবে। এরপর দ্রুত হাসপাতালে নেয়ার ব্যবস্থা করতে হবে। কেননা প্রথম এক ঘণ্টার মধ্যেই সবচেয়ে বেশি ক্ষতি হয়।

## উচ্চ রক্তচাপ ও কিডনির পাথর প্রতিরোধ করে এই খাবার

সবুজ শাক সবজি মতোই উপকারী একটি সবজি হলো বিট। শরীরের নানান রকম রোগ প্রতিরোধ করতে সাহায্য করে এই বিটের জুস। কিডনিতে পাথর জমতে দেয় না এবং রক্তচাপও নিয়ন্ত্রণে রাখে বিটের রস। বিটে রয়েছে প্রচুর পরিমাণে ভিটামিন এ, আয়রন, ক্যালশিয়াম, পটাশিয়াম, ম্যাগনেশিয়াম, কপার যা বিভিন্ন রকম শারীরিক সমস্যা থেকে মুক্তি দেয়। নিয়মিত বিটের জুস খেতে পারলে ত্বক, লিভার, কিডনি-সহ একাধিক সমস্যায় উপকার মিলবে। শুধু যে বিট জুস হিসেবে খেতে হবে তা নয়। কাঁচা বা সালাড হিসেবেও খেতে পারেন বিট। তাহলে এবার জেনে নেওয়া যাক বিটের জুস খেলে কী কী উপকারিতা পাওয়া যাবে. * আপনি যদি নিয়মিত বিটের জুস খান তাহলে ভাল থাকবে চোখ। * ত্বকের উজ্জ্বলতা বাড়াতে ও চুলের বৃদ্ধিতে সাহায্য করে বিটের জুস। * গর্ভাবস্থায় বিটের জুস খেলে প্রসবের সময় কোন রকম সমস্যা হয় না। * আপনার যদি অ্যানিমিয়ার সমস্যা থাকে তাহলে নিয়মিত বিটের জুস খান। কারণ এতে আয়রন ও অ্যান্টি অক্সিডেন্ট থাকে। যা রক্তশূন্যতা রোধ করে। * লিভার সঠির রাখার জন্য খান বিটের জুস। কিডনিতে পাথর জমা থেকে প্রতিরোধে সাহায্য করে এই জুস।

* বিটের জুস খেলে হাই ব্লাড প্রেসারের সমস্যা দূর হবে।

## বন্ধুত্বের চার প্রকার



একজন বন্ধুর জন্য কতটুকু শ্রম, মনযোগ, সময় ব্যয় করতে রাজি আছেন তা থেকেই নির্ধারণ হবে আপনার 'বেস্টফ্রেন্ড'।

দীর্ঘদিন ধরেই রেডিও ও টেলিভিশনে বিভিন্ন অনুষ্ঠার প্রচার করে আসছেন যুক্তরাষ্ট্রের গ্লেন্ডা ডি. শ।

তিনি বলেন, ''প্রায় এক দশক আগে নিজের জন্মদিনের অনুষ্ঠানের বসে আমি অনুভব করলাম আমি সময়টা উপভোগ করছি না। চারপাশের মানুষগুলোর দিকে তাকিয়ে ভাবলাম এই মানুষগুলো আমার ঠিক কাছের মানুষ নয়, আর দিন শেষে আমি একপ্রকার নিঃসঙ্গ।

ওয়েল অ্যান্ড গুড ডটকমে প্রকাশিত প্রতিবেদনে তিনি আরও বলেন "আমি অনুধাবন করলাম, আমার আশপাশে অনেক মানুষ থাকার কারণে অনেক বন্ধুই হয়ত আমার আছে, তবে সেই সম্পর্কগুলো আমি সেচ্ছায় তৈরি করিনি।''

নিজের জীবনের এই উপলব্ধি থেকেই বন্ধুত্ব নিয়ে গবেষণায় নেমে পড়েন গ্লেন্ডা ডি. শ। বিভিন্ন মনস্তাত্তিক গবেষণা ঘেটে বন্ধুদের স্তর বিভাজন করেন তিনি।

শ'য়ের নতুন বই 'বেটার ইউ, বেটার ফ্রেন্ডস: আ হোল নিউ অ্যাপ্রোচ টু ফ্রেন্ডশিপ'য়ে সেগুলো তুলে ধরা হয়।

প্রয়োজনের বন্ধু

শ বলেন, ''এই মানুষগুলো আপনার সবচাইতে কাছের মানুষ, আপনার বন্ধুমহলের প্রধান সদস্য। আমি আমার প্রয়োজনের বন্ধুগুলোকে খুঁজে পেয়েছিলাম একটা কাগজে নিজের জীবনের লক্ষ্যগুলো লেখার মাধ্যমে। শব্দগুলো লিখে আমি ভাবলাম আমার জীবনের কোন মানুষগুলো আমার এই লক্ষ্যগুলো অর্জনের পথে সহায়তা করবে, আমাকে বিশ্বাস করবে। পাঁচজনের কথা মাথায় এলো।''

তিনি আরও বলেন, ''এই মানুষগুলো আপনার সবচাইতে আস্থাভাজন মনে হবে। তাদের সঙ্গে জীবনের গভীরতম মূল্যবোধগুলো নিয়ে আপনি আলোচনা করবেন। তবে তারা সবকিছুতে আপনার সঙ্গে একমত হবে না, আর সেই মতবিরোধ থেকেই একে অপরকে সত্যিকার অর্থে বুঝতে পারবেন।''

আবেগের বন্ধু

এই বন্ধুগুলোর সঙ্গে জীবনের কোনো একটা সময়ে আপনার কিংবা এখনও একটা অনুভূতিগত বা মানসিক যোগাযোগ ছিল বা আছে। সম্পর্কটা তাদের সঙ্গে আবেগতাড়িত। জীবনের কিছু পর্ক্ষোপটে তারা গুরুত্বপূর্ণ আবার কিছু প্রেক্ষাপটে তা নয়।

''স্কুল কিংবা কলেজ জীবনের প্রথম বন্ধু, ছেলেবেলার খেলার সাথী কিংবা আপনার পাশের বাসার বন্ধু। এরা সবাই এই স্তরের। আপনার জীবনের কোনো একটা পর্যায়ের তারা ছিল গুরুত্বপূর্ণ অংশ কিন্তু সময়ের স্রোতে সম্পর্কটা স্তিমিত হয়ে গেছে হয়ত।''

প্রয়োজনীয় বন্ধুদের ক্ষেত্রে কিছু সীমাবদ্ধতা বজায় রাখতে হলেও এই বন্ধুদের সঙ্গে গল্প করার সময় কোনো সীমাবদ্ধতা মেনে চলার প্রয়োজন হয় না। সবকিছু নিয়ে তাদের সঙ্গে গল্পে মেতে ওঠা যায়, যেকোনো প্রয়োজনে আপনার একে অপরের পাশে থাকেন। এমনকি কেউ মুখ ফুটে না ডাকলেও। কিন্তু তাদের সঙ্গে প্রতিদিন আপনার আড্ডা হয় না, একে অপরের জীবনের সব খবর আপনারা রাখেন না। প্রয়োজনও নেই।

কয়েক বছর যোগাযোগ না হলেও তাদের সঙ্গে বন্ধুত্বের গভীরতাটা থেকে যায় আগের মতোই।

সামাজিক বন্ধু

শ' বলেন, ''কাজের সুবাদে, কোনো শখের কাজে গিয়ে যে মানুষগুলোর সঙ্গে আমাদের পরিচয় হয় তাদের মধ্যে কেউ কেউ আমাদের বন্ধু হয়ে ওঠে। দৈনন্দিন সামাজিকতার একটা অংশ তারা এবং যে প্রেক্ষাপটে তাদের সঙ্গে পরিচয় সেই প্রেক্ষাপটেই তারা অবস্থান করেন।''

''যেমন সহকর্মী বন্ধুর সঙ্গে কাজের ফাঁকে টুকটাক আড্ডা তার বিষয়বস্তুও কর্মক্ষেত্রেরই বিভিন্ন ঘটনা। এই মানুষগুলো কাছে আপনি ব্যক্তিগত জীবনের কোনো পরামর্শ চাইতে যান না। আর তাদের সঙ্গে মেশা হয় একটা নির্দিষ্ট গণ্ডি মেনে।'' ''তবে এই মানুষগুলোর সঙ্গে প্রতিদিনের অনেকটা সময় একসঙ্গে পার করা হয়। ফলে তাদেরকে খুব কাছ থেকে দেখা হয় প্রতিদিন, যোগাযোগটা হয় নিয়মিত। তাই এই স্তরের বন্ধুরা ওপরের দুই স্তরে উঠে যেতে পারে।''

## প্রেমের প্রথম সাক্ষাতে যে ভুলগুলো প্রায়ই হয়



প্রথম সাক্ষাতে নিজেকে জাহির করতে গিয়ে বিব্রতকর পরিস্থিতি তৈরি করার কোনো মানে নেই।

হবু সঙ্গী হোক কিংবা প্রেম-প্রথম দেখা করার অভিজ্ঞতাটা বিব্রতকর হতে হবে এমনটা হওয়া জরুরি নয়। প্রথম সাক্ষাৎটা কেমন হলো তা নির্ভর করে দিনশেষে অপরজনের কাছে নিজের কেমন ধারণা রেখে এলেন তার ওপর। আর সেজন্য কিছু সাধারণ ভুল যেন না হয় সেদিকে নজর রাখতে হবে।

'রেডবুক ম্যাগাজিন'য়ে প্রকাশিত প্রতিবেদন অবলম্বনে জানানো হলো সেই ভুলগুলো সম্পর্কে। নিজের সম্পর্কে বেশি বলে ফেলা: কথোপকথনে সবসময়ই দুই পক্ষের অংশগ্রহণ থাকাটা জরুরি। আর নিজের সম্পর্কে বলার সময় এটাও খেয়াল রাখা দরকার, সামনে বসে থাকা মানুষটা সম্পর্কেও জানতে চাওয়া উচিত। তাই চেষ্টা করতে হবে নিজের সম্পর্কে বলা আর অপরজনের সম্পর্কে প্রশ্ন করার মধ্যে ভারসাম্য রাখা। কারণ নিজের সম্পর্কেই যদি কেউ অনর্গল বলে যায় তবে অপরপক্ষ বিরক্ত হতে পারেন, আলোচনা আগ্রহ হারাতে পারেন।

মনযোগ ফোনে: কারও সঙ্গে দেখা করতে গিয়ে যদি খেয়াল করেন ওই মানুষটার মনযোগ ফোনের দিকে তবে সবারই কমবেশি বিরক্তি আসবে। প্রতিটি মানুষেরই উচিত একে অপরের সময়ের প্রতি শ্রদ্ধাশীল হওয়া। কোনো গুরুত্বপূর্ণ বিষয়ের জন্য যদি ফোনে নজর রাখতে হয়ে তবে দেখা করতে আসা মানুষটিকে তা আগেই জানিয়ে রাখুন। আপনি যদি কারও সঙ্গে পরিচিত হতে চান তবে ওই মানুষটা আপনার সম্পুর্ণ মনযোগ পাওয়া উচিত।

প্রশ্ন না করা: দুটি মানুষের মধ্যে সম্পর্ক তৈরি হওয়ার জন্য তাদের মধ্যে আলাপ জমাটা অত্যন্ত জরুরি। আর আলাপ জমানোর জন্য একে অপরকে প্রশ্ন করতে হবে। প্রশ্ন করার মানে হল ওই মানুষটা সম্পর্কে আপনার আগ্রহ আছে। মনে রাখতে হবে আপনি যেমন তার সঙ্গে দেখা করার জন্য সময় বের করেছেন, ওই ব্যক্তিটাও আপনার জন্য সময় বরাদ্দ করেছে।

দেরিতে যাওয়া:— প্রথম সাক্ষাতের দিনে তাকে অপেক্ষায় রাখলে সেটা মোটেও ভালো ধারণা তৈরি করবে না। দেরিতে গেলে আপনার অপেক্ষায় থাকা মানুষটা মনে করবে তার কাছে আপনার সময়ের মূল্য নেই। ফলে শুরুতে আপনার প্রতি নেতিবাচক ধারণা তৈরি হবে। কোনো অনিবার্য কারণে যদি দেরি হয়েই যায় তবে অপেক্ষমান মানুষটাকে জানিয়ে দিন এবং পৌঁছানোর পর ক্ষমা প্রার্থণা করুন।

পুরানো সম্পর্কের গল্প বলা: অতীত সবারই থাকে। তবে কারও সঙ্গে নতুন সম্পর্ক তৈরির উদ্দেশ্যে দেখা করার মানে হলো আপনি অতীতকে পেছনে ফেলে সামনে এগোতে চান। কিন্তু সামনের এগোনোর সেই প্রক্রিয়ায় যদি প্রাক্তনদের গল্প নিয়ে বসেন তবে তা মোটেও সুখের হবে না। প্রাক্তন সম্পর্কের ক্ষত না শুকানো পর্যন্ত নতুন সম্পর্কের চেষ্টা করা উচিত নয়।

## কৌশলের নাম স্কিউয়ার

আগের দুই সংখ্যায় আলোচনা করা হয়েছিল গুরুত্বপূর্ণ ট্যাকটিক পিন নিয়ে। পিনের কাছাকাছি আরেকটি কৌশল স্কিউয়ার। পিন রপ্ত করে ফেলতে পারলে এবার স্কিউয়ারটা দখলে আনার চেষ্টা করা যেতে পারে। তাই এ সংখ্যায় আলোচনা করা হলো স্কিউয়ার নিয়ে।

স্কিউয়ার আর পিনের মধ্যে অনেক সাদৃশ্য রয়েছে। পিনে যেমন একই লাইনে একাধিক ঘুঁটি হুমকিতে পড়ে, স্কিউয়ারেও তা-ই। তবে স্কিউয়ারে যে ঘুঁটিটা মূলত আক্রান্ত হয়, সেটি বেশি শক্তির হয়। আর তার পেছনে যে ঘুঁটি থাকে, তার শক্তি হয় তুলনামূলক কম। একটা উদাহরণ দেখা যেতে পারে ছবি ১-এ। সাদার হাতি কালোর নৌকার ওপর আক্রমণ করে আছে। কালো যদি নৌকা বাঁচাতে চায়, তবে তার ঘোড়া খোয়া যাবে। এ ক্ষেত্রে আক্রান্ত ঘুঁটির মূল্য বেশি (নৌকার পয়েন্ট ৫ এবং ঘোড়ার পয়েন্ট ৩)। এ অবস্থাকেই বলে স্কিউয়ার।

স্কিউয়ারটা কখনো কখনো পিনের মতো মনে হতে পারে। পার্থক্যটা দেখা যেতে পারে ছবি-২ আর ছবি-৩-এ। এখানে যদি সাদার নৌকা চাল দেওয়া হয় -এ, তাহলে ছবি ২-এ প্রধানত আক্রান্ত হয় কালোর নৌকা, আর ছবি ৩-এ আক্রান্ত হয় কালোর ঘোড়া। প্রথম ক্ষেত্রে ব্যাপারটা হবে পিন, আর দ্বিতীয় ক্ষেত্রে ব্যাপারটা হবে স্কিউয়ার। আশা করা যায় স্কিউয়ার আর পিনের পার্থক্য এখান থেকে পরিষ্কার হবে।

সাধারণভাবে কোনো ঘুঁটি স্কিউয়ারে আক্রান্ত হলে অধিকাংশ খেলোয়াড়ই ঘুঁটিটা সরিয়ে নেন কম মূল্যের ঘুঁটি বিসর্জন দিয়ে। তবে সব সময় তা করা সম্ভব হয় না।

স্কিউয়ার ব্যবহার করে শুধু অল্প মূল্যের ঘুঁটি খাওয়া যায় তা নয়, খেলায় খুব গুরুত্বপূর্ণ টার্ন নেওয়াও সম্ভব এই ট্যাকটিকের মাধ্যমে। যেমন দেখানো হয়েছে, ছবি ৪-এ। এখন সাদার চাল। যদিও কালোর রাজা উন্মুক্ত অবস্থানে আছে, তবু পয়েন্টের হিসাবে সাদা এক নৌকা (৫ পয়েন্ট) পিছিয়ে আছে। এখন সাদা যদি তার -এর নৌকা -তে চালে, তাহলে কালোর রাজা চেকে পড়বে। শুধু চেকেই নয়, একই সঙ্গে স্কিউয়ারও হবে। চেক কাটাতে রাজাকে সরতেই হবে। ফলে কাটা পড়বে -এর কালো নৌকা। অপরদিকে লক্ষ করলে দেখা যাবে, শুধু স্কিউয়ারই হচ্ছে না, একই সঙ্গে -এর সাদা হাতি -এর কালো নৌকাকে পিন করে রেখেছে। এখন চাইলেও কালো -এর ঘোড়াকে সরাতে পারবে না। অর্থাতসাদা চালের মাধ্যমে খেলা মোটামুটি নিজের হাতের মুঠোয় নিয়ে আসতে পারে।

ছবি ৫-এ দেখা যেতে পারে স্কিউয়ারের আরেকটা উদাহরণ। সাদা হাতি স্কিউয়ার করেছে। কালো মন্ত্রী বাঁচাতে গেলে কাটা পড়বে তার নৌকা। তবে নৌকা কাটা পড়লেও যাতে সাদার হাতিটা কাটা যায়, সে জন্য এমন কোনো একটা চাল দিতে পারে কালোর মন্ত্রী। তারপরও সাদার উচিত হবে কালোর নৌকা খাওয়া। কারণ, হাতির (৩ পয়েন্ট) বিনিময়ে কালোর কাটা পড়ছে বেশি পয়েন্টের নৌকা (৫ পয়েন্ট)।

স্কিউয়ারের এসব উদাহরণ থেকে একটা ব্যাপার নিশ্চয় বোঝা যাচ্ছে। পিনের সমগোত্রীয় হলেও ব্যবহারিক ক্ষেত্রে স্কিউয়ারের পার্থক্য আছে। পিন করার উদ্দেশ্য থাকে প্রতিপক্ষের ঘুঁটিটা নিষ্ক্রিয় করে রাখা এবং সুবিধামতো সময়ে ঘুঁটিটা কেটে নেওয়া। অপরদিকে স্কিউয়ার করে আসলে তখনই প্রতিপক্ষের সম্ভাব্য ঘুঁটিটা খেয়ে নিতে হয়।

আরেকটা কথা, পিন করতে হলে আক্রান্ত ঘুঁটির চেয়ে পিনড হওয়া ঘুঁটি কমবেশি শক্তির হতে হয়। কিন্তু স্কিউয়ার করতে আক্রান্ত ঘুঁটির পয়েন্ট শুধু বেশি নয়, এমনকি সমানও হতে পারে। উদাহরণ হিসেবে ছবি ৬-এ এমন একটা অবস্থাই দেখানো হলো। এখন সাদার চাল। সাদার জন্য মোক্ষম চাল হলো। এতে কালোর নৌকা স্কিউয়ারে পড়ে। দুটো নৌকাই যেহেতু স্কিউয়ারে আছে, তাই সাদার হাতির বিনিময়ে অন্তত একটা কালো নৌকা কাটা পড়বে।

পরপর কয়েক সংখ্যায় ডাবল অ্যাটাকের নানা রকমফের নিয়ে আলোচনা করা হলো। দাবা খেলার কৌশলে ডাবল অ্যাটাক অত্যন্ত গুরুত্বপূর্ণ। তাই এগুলো আয়ত্তে আনা অত্যন্ত জরুরি। প্রতিটা চাল দেওয়ার সময় এসব কৌশল ব্যবহারের সুযোগ আছে কি না, দেখতে হবে। অভ্যাস হয়ে গেলে প্রতিটি ঘুঁটির সম্ভাব্য সব চাল এবং সেসব চালে এসব কৌশল ব্যবহারের সুযোগ আছে কি না, আপনি খুব সহজেই বুঝতে পারবেন। ভালো দাবাড়ু হতে হলে আপনাকে অবশ্যই কয়েক চাল ভাবতে হবে। তবে শুরুতে কৌশলগুলো ঠিকমতো আয়ত্তে আনতে বারবার এবং প্রতিটি চালেই এগুলো ব্যবহারের চেষ্টা করুন।

# রত্নাকে ফের পর্ণশ্রীর বাড়ি ছাড়ার নোটিস পাঠালেন বৈশাখী



কলকাতা, ২৭ নভেম্বর (হি.স.): ফের বাড়ি ছাড়ার নোটিস পেলেন বেহালা পূর্বের বিধায়ক রত্না চট্টোপাধ্যায়। শনিবার রত্নাকে ফের বেহালার পর্ণশ্রীর বাড়ি ছাড়ার নোটিস পাঠালেন শোভন চট্টোপাধ্যায়ের বান্ধবী বৈশাখী বন্দ্যোপাধ্যায়। তবে বৈশাখীর এ বারের নোটিসকে বেহালা পূর্বের বিধায়ক রত্না আমল দিতে চান না বলেই ঘনিষ্ঠ মহলে জানিয়েছেন। সবে শুক্রবার কলকাতা পুরসভা নির্বাচনের জন্য তৃণমূল কংগ্রেস প্রার্থী তালিকা প্রকাশ করেছে। সেখানে শোভন চট্টোপাধ্যায়ের স্ত্রী রত্না চট্টোপাধ্যায়কে টিকিট দেওয়া হয়েছে। তাও আবার শোভনের ওয়ার্ড থেকেই। আর শনিবার সকালেই রত্নাকে আইনি নোটিশ পাঠালেন বৈশাখী বন্দ্যোপাধ্যায়। কারণ পর্ণশ্রীর বাড়ির মালিক এখন বৈশাখী। তাই সেটা ছেড়ে দেওয়ার জন্য নোটিশ পাঠিয়েছেন তিনি। বাড়িটি তিনি কিনে নিয়েছেন বলে নোটিশে উল্লেখ করা হয়েছে। এই নোটিশের বিষয়ে জিজ্ঞাসা করা হলে রত্না চট্টোপাধ্যায় হাসতে হাসতে বলেন, 'লোটা---কম্বল গোটানো আছে। ভোট শেষ হলেই চলে যাব।' সূত্রের খবর, পর্ণশ্রীর মহারানি ইন্দিরা দেবী রোডের ১৩৯ ডি/৪ নম্বর বাড়িটি বৈশাখী বন্দ্যোপাধ্যায় ১ কোটি টাকায় কিনেছেন। তাই এই বাড়ি এখন ছেড়ে দেওয়ার নোটিশ দিয়েছেন তিনি। আসলে শোভন চট্টোপাধ্যায়কে বৈশাখীকে সামনে রেখে খেলে দিয়েছেন। রত্না চলে গেলেই সেখানে গিয়ে উঠবেন শোভন—বৈশাখী।আগেও নোটিশ দিয়েছিলেন বৈশাখী---রত্নাকে। তখন তাতে বৈশাখী যে বাড়ির মালিক তার প্রমাণ ছিল না। তা নিয়ে রত্না বলেছিলেন, 'যদি বৈশাখী বন্দ্যোপাধ্যায় শোভন চট্টোপাধ্যায়ের কাছ থেকে এই বাড়ি কোটি টাকায় কিনে থাকেন, তা হলে এই বাড়ির মালিক এখন বৈশাখী বন্দ্যোপাধ্যায়। তার প্রমাণ আমাকে দেখাতে হবে। কাগজপত্র দেখাতে হবে। কী ভাবে কেনা হয়েছে তা আমাকে জানাতে হবে। বৈশাখী বন্দ্যোপাধ্যায়ের ক্ষমতা থাকলে আমাকে এবং আমার ছেলে—মেয়েকে এই বাড়ি থেকে বের করে তার পজেশন নিক।' উল্লেখ্য, রত্না চট্টোপাধ্যায় এখন বিধায়ক। আর ১৩১ নম্বর ওয়ার্ড থেকে তিনি পুরনির্বাচনে প্রার্থী হয়েছেন। আগে এখানেই প্রার্থী ছিলেন শোভন চট্টোপাধ্যায়। এই বিষয়ে রত্না বলেন, 'আমি প্রায় চার বছর ধরে এই ওয়ার্ডের হাল ধরেছি। এতটাই আত্মিকভাবে জড়িয়ে গিয়েছি যে আমার কখনও মনে হয়নি আমি কাউন্সিলর নই। আমি ভাবিনি বিধায়ক হবো, সেই সম্মান দেওয়ার জন্য আমি মমতা বন্দ্যোপাধ্যায়ের কাছে কৃতজ্ঞ। তবে আমার আশা ছিল ১৩১ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর হবো।'

# রানিগঞ্জে ভেঙে পড়ল ছাই ভর্তি ট্যাঙ্ক, ৩ শ্রমিকের প্রাণহানির শঙ্কা

রানিগঞ্জ, ২৭ নভেম্বর (হি.স.): পশ্চিম বর্ধমান জেলার আসানসোলের রানিগঞ্জে বেসরকারি কারখানায় ভেঙে পড়ল ছাইভর্তি ট্যাঙ্ক, তিন শ্রমিকের চাপা পড়ার আশঙ্কা করা হচ্ছে। শনিবার ভোররাতে মর্মান্তিক ঘটনাটি ঘটেছে রানিগঞ্জ থানার অন্তর্গত মঙ্গলপুর শিল্প তালুকের একটি বেসরকারি কারখানায়। আচমকাই ভেঙে পড়ে ছাই ভর্তি ট্যাঙ্ক। চাপা পড়ে যান ৩ জন শ্রমিক, তাঁদের উদ্ধার করার জন্য যথাসাধ্য চেষ্টা চালায় পুলিশ, দমকল ও কারখানা কর্তৃপক্ষ।

মঙ্গলপুর শিল্পতালুকে বেশ কিছু স্পঞ্জ আয়রনের কারখানা রয়েছে। এই কারখানাগুলি থেকে যে ফ্লাই অ্যাশ তৈরি হয় তার জন্য একটি স্টোরেজ ট্যাঙ্ক ছিল। সেই স্টোরেজ ট্যাঙ্ক বা ছাই ভর্তি চৌবাচ্চাটি ভেঙে পড়ায় এই দুর্ঘটনা ঘটে। এই ফ্লাই অ্যাশ দিয়ে ইট তৈরি হয়। ধস কবলিত এলাকায় ভরাট বা জলা জমি ভরাটের কাজের জন্য অনেকেই এই ছাই নিতে আসেন। শনিবার ভোররাতে হঠাৎই ডাম্পিং স্টোরেজটি ভেঙে পড়ে। ওই সময় নীচে কাজ করছিলেন বেশ কয়েকজন শ্রমিক। তাঁরা ছাইয়ের নীচে চাপা পড়ে যান বলে শ্রমিকদের একাংশের দাবি। দুর্ঘটনার খবর পেয়ে ঘটনাস্থলে আসে পুলিশ ও দমকল বাহিনী। সঙ্গে সঙ্গে উদ্ধারকাজও শুরু করে দেয় তারা।

পুলিশি তৎপরতায় শিবনাথ রাম নামে এক কর্মীকে উদ্ধার করা সম্ভব হয়। কিন্তু শ্রমিকদের একাংশের দাবি, তন্ময় ঘোষ, দিলীপ গোপ, শিবশঙ্কর ভট্টাচার্য নামে তিনজন ওই ছাইয়ের নীচে চাপা পড়ে রয়েছেন। রানিগঞ্জের বল্লভপুর এলাকার বাসিন্দা তন্ময় ঘোষের বয়স ৪২ বছর। অণ্ডালের হরিশপুরের বাসিন্দা দিলীপ গোপের ৪৩ বছর বয়স বাঁকুড়ার পলাশডাঙার বাসিন্দা শিবশংকর ভট্টাচার্যের বয়স ৩৬ বছর। শ্রমিকদের অভিযোগ কারখানা কর্তৃপক্ষের গাফিলতির কারণেই এই ঘটনা ঘটেছে। পুলিশ ও দমকল বিভাগ যুদ্ধকালীন তৎপরতায় উদ্ধার কাজ চালাচ্ছে।

## নিজেদের দাবিতে ফের রাস্তায় নামলেন এসএসকেএম হাসপাতালের নার্সরা

কলকাতা, ২৭ নভেম্বর (হি.স.): ফের রাস্তায় নামলেন এসএসকেএম হাসপাতালের নার্সরা। বেতন বৈষম্য ও বদলির নির্দেশ প্রত্যাহারের দাবিতে শনিবার হাসপাতালের সামনে থেকে মিন্টো পার্ক পর্যন্ত বিশাল মিছিল করেন তাঁরা। নার্সদের সংগঠনের তরফে জানানো হয়েছে, যতদিন না প্রশাসনের কেউ তাঁদের সঙ্গে আলোচনায় বসছেন ততদিন আন্দোলন চলবে।

নার্সদের অভিযোগ, দীর্ঘদিন ধরে তাঁরা বেতন বৈষম্যের শিকার। তার সঙ্গে নতুন উপদ্রব হিসাবে যুক্ত হয়েছে হঠকারি বদলির নির্দেশ। সরকার কানে তুলে গুঁজে বসে রয়েছে। ওদিকে ১৫ দিন ধরে অবস্থান বিক্ষোভে বসে রয়েছেন নার্সরা। ১৩ দিন ধরে চলছে অনশন। তবু হেলদোল নেই কারও।

এদিনের মিছিলে কোনও বাধা দেয়নি পুলিশ। তবে মিছিলের জেরে মধ্য কলকাতার একাংশে সাময়িক যানজট তৈরি হয়। নার্সদের সংগঠনের পক্ষে জানানো হয়েছে, তাঁদের দাবি শুনতে হবে সরকারকে। নইলে আন্দোলন চালিয়ে যাবেন তাঁরা।-হিন্দুস্থান সমাচার / কাকলি

## বালুরঘাটে প্রায় ২ হাজার বোতল নিষিদ্ধ কাফ সিরাফ উদ্ধার

বালুরঘাট, ২৭ নভেম্বর (হি. স.) : প্রায় ২ হাজার বোতল নিষিদ্ধ কাফ সিরাফ উদ্ধার করল পুলিশ। গোপন সূত্রে খবর পেয়ে এই তল্লাশি অভিযান চালায় তারা। এছাড়া বিভিন্ন ফাঁকা বোতল ও সিল উদ্ধার হয়েছে। উদ্ধার হওয়া নিষিদ্ধ কাফ সিরাফের বাজারমূল্য প্রায় ৪ লাখ টাকা।ঘটনায় প্রশান্ত হালদার নেমে এক যুবককে গ্রেফতার করেছে পুলিশ। বালুরঘাট থানার পুলিশের প্রাথমিক অনুমান ওই বাড়িতেই জাল ফেনসিডিল তৈরি করা হত। এবং তা বাংলাদেশে পাচার করা হত। এদিকে ফেনসিডিল ও নেশার কোন সামগ্রী থাকত কিনা তা জানার জন্য পুলিশের পক্ষ থেকে ফেনসিডিলের নমুনা পাঠানো হচ্ছে ল্যাবরেটরীতে। এদিকে এই ঘটনার মূল চক্রীর খোঁজে পুলিশ তদন্ত শুরু করেছে।জানা গিয়েছে, শনিবার দুপুরে হঠাৎই বালুরঘাট থানার পুলিশের কাছে খবর আসে শহরের বিশ্বাসপাড়া পদ্মপুকুর এলাকায় একটি বাড়িতে নিষিদ্ধ কাফ সিরাপ মজুত রয়েছে। বিষয়টি জানতে পেরে ডিএসপি হেডকোয়ার্টার সোমনাথ ঝাঁ-র নেতৃত্বে ওই বাড়িতে অভিযান চালায় বালুরঘাট থানার পুলিশ। অভিযানে দুই হাজার বোতল নিষিদ্ধ কাফ সিরাপ বাজেয়াপ্ত করেছে পুলিশ। পাশাপাশি একাধিক ফাঁকা বোতল, সিল ও লেবেল উদ্ধার করেছে পুলিশ। এছাড়াও একটি মোটর বাইক বাজেয়াপ্ত করা হয়েছে। এই ঘটনায় এক যুবককে গ্রেফতার করেছে পুলিশ। তার বাড়ি বালুরঘাটে খাদিমপুর বটতলা এলাকায়। পুরো ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

# তৃণমূলের প্রার্থী বদল, ৬০ নম্বরে ফিরলেন কাইজার জামিল

কলকাতা, ২৭ নভেম্বর (হি.স) : প্রার্থী ঘোষণার পরদিনই কলকাতা পুরসভার ৬০ নম্বর ওয়ার্ডের প্রার্থী পরিবর্তন করে ফেলল তৃণমূল। একটি বিবৃতি দিয়ে শনিবার তৃণমূল কংগ্রেসের তরফে জানানো হয়েছে, ৬০ নম্বর ওয়ার্ডে নতুন প্রার্থী হচ্ছেন কাইজার জামিল। এই ওয়ার্ডে আগে প্রার্থী করা হয়েছিল আজিজার রহমানকে। বাদ পড়েছিলেন কাইজার। ২৪ ঘণ্টা পার হতে না হতেই ফের কাইজারকেই প্রার্থী করা হল। এ ক্ষেত্রে বিদায়ী প্রার্থী টিকিট না পেয়ে বিক্ষুব্ধ ছিলেন বলেও অনুমান করা হচ্ছে। প্রার্থী বদলের পাশাপাশি দু'টি ওয়ার্ডের প্রার্থী নাম ঘোষণাও করেছে তৃণমূল। ৩৬ এবং ১১৯ নম্বর ওয়ার্ডের প্রার্থী ঘোষণা বাকি রয়ে গিয়েছিল। এদিন এই দুই কেন্দ্রে যথাক্রমে টিকিট দেওয়া হল যথাক্রমে সচিন সিং এবং কাকলি বাগকে।

শুক্রবার প্রায় তিন ঘণ্টা ধরে বৈঠকের পর পুরসভার ১৪৪টি আসনে প্রার্থী ঘোষণা করে জোড়াফুল শিবির। টিকিট পেয়েছেন বাপ্পাদিত্য দাশগুপ্ত, অনিন্দ্য রাউত, কৃষ্ণা সিং, অনন্যা বন্দ্যোপাধ্যায়, পরেশ পাল, রত্না চট্টোপাধ্যায়রা। প্রাক্তন সিএবি কর্তা বিশ্বরূপ দে পুরভোটে তৃণমূলের হয়ে লড়াই করবেন। এছাড়াও চন্দ্রিমা ভট্টাচার্যের ছেলে, তারক সিংয়ের ছেলে এবং মেয়ে, সুব্রত মুখোপাধ্যায়ের বোন তনিমা চট্টোপাধ্যায়, শশী পাঁজার মেয়ে পূজা পাঁজা, শান্তনু সেনের স্ত্রী কাকলি সেন টিকিট পেয়েছেন। পুরভোটের তৃণমূল প্রার্থীদের মধ্যে পুরুষ ৮০ জন। মহিলা ৬৪ জন। অর্থাৎ ৫৫ শতাংশ পুরুষ এবং ৪৫ শতাংশ মহিলা পুরভোটের যুদ্ধে লড়াই করবেন।

## সল্টলেকে চলন্ত বাস থেকে নামার সময় অন্য বাসের ধাক্কায় মৃত যুবক

কলকাতা, ২৭ নভেম্বর (হি. স.) : সল্টলেক সেক্টর ফাইভে বেনফিশ মোড়ের কাছে চলন্ত বাস থেকে নামার সময় পিছন দিক আসা বাস পিষে দিল যুবককে। ঘটনাটি ঘটে শনিবার সকালে। বিধাননগর মহকুমা হাসপাতালে নিয়ে যাওয়ার পরেও হয়নি শেষরক্ষা। প্রাণ গেল তাঁর। ঘটনার পর পালিয়ে যায় ঘাতক বাসের চারক। ঘাতক বাসটিকে বাজেয়াপ্ত করেছে পুলিশ।

জানা গেছে, মৃত যুবকের নাম মহম্মদ জিসান। তিনি বিহারের গয়ার বাসিন্দা বলে জানা গিয়েছে। ওই যুবক এদিন সকালে চাকরির পরীক্ষা দিতে গিয়েছিলেন। কলকাতার দিকে গিয়েছিলেন তিনি। সেখান থেকে সল্টলেকের বাস ধরে যখন তিনি সেক্টর ফাইভে বেনফিশ মোড়ে বাস থেকে নামতে যান, সেই সময় অপর একটি বাস এসে ধাক্কা মারে। পুলিশ জানিয়েছে, বি গার্ডেন রুটের একটি বাস ছিল সেটি। ঘাতক বাসটি পালিয়ে যায়। সিসিটিভি ফুটেজ খতিয়ে দেখে ইলেকট্রনিক কমপ্লেক্স থানার পুলিশ। পরে বাসটিকে আটক করা সম্ভব হয়েছে। পুলিশ প্রাথমিকভাবে মনে করছে, বেপরোয়া গতির কারণে বাস ধাক্কা মেরে পালিয়ে যায়। হিন্দুস্থান সমাচার /সোনালি

## বেহালায় যুবকের দেহ উদ্ধার ঘিরে চাঞ্চল্য

কলকাতা, ২৭ নভেম্বর (হি. স.) : বেহালায় সখের বাজার এলাকায় ফুটপাত থেকে এক যুবকের মৃতদেহ উদ্ধার।শনিবার সকালে এই ঘটনা ঘিরে চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায়।

জানা গেছে, এদিন সকালে স্থানীয় বাসিন্দারা। প্রাতঃভ্রমণকারীরা সকালে রাস্তার ধারে এক যুবকের দেহ পড়ে থাকতে দেখেন। ফুটপাতে দেহটি পড়ে ছিল। স্থানীয় বাসিন্দারা প্রথমে ঠাকুরপুকুর থানায় খবর দেন। পুলিশ গিয়ে ছেলেটিকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে গেলে চিকিতকরা মৃত ঘোষণা করেন। ছেলেটির জামার পকেট থেকে একটি আধার কার্ড উদ্ধার হয়েছে। তার থেকে জানা গিয়েছে তাঁর নাম ভোলা বাল্মিকী। বয়স ২২ বছর। আধার কার্ডে দেওয়া ঠিকানায় পরিবারের লোকজনের সঙ্গে যোগাযোগ করা হয়েছে। দেহটি ময়নাতদন্তের জন্য বিদ্যাসাগর হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ। হিন্দুস্থান সমাচার / সোনালি

# টানা তিনদিন নিম্নমুখী রাজ্যের করোনা সংক্রমণ, একদিনে আক্রান্ত ৭০১



কলকাতা, ২৭ নভেম্বর (হি.স) : গত ২৪ ঘণ্টায় রাজ্যের করোনা পরিস্থিতির বড় কোনও বদল নেই। শনিবার সামান্য কমেছে দৈনিক সংক্রমণ। তবে বেড়েছে মৃত্যু। বেড়েছে কলকাতায় করোনা আক্রান্তের সংখ্যাও।

রাজ্য স্বাস্থ্যদফতরের তথ্য অনুযায়ী, গত ২৪ ঘণ্টায় আক্রান্ত হয়েছেন ৭০১ জন।

যা শুক্রবারের চেয়ে কম। এনিয়ে টানা তিনদিন নিম্নমুখী রাজ্যের দৈনিক করোনা আক্রান্তের সংখ্যা। সংক্রমণের নিরিখে কলকাতা রাজ্যের শীর্ষে।

শহরে একদিনে আক্রান্ত ২১৪ জন। সংক্রমণের নিরিখে দ্বিতীয় এবং তৃতীয় স্থানে রয়েছে উত্তর এবং হুগলি। দুই জেলায় সংক্রমিতের সংখ্যা যথাক্রমে ১২৪ ও ৬০। এদিন রাজ্যে মোট আক্রান্তের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ১৬ লক্ষ ১৪ হাজার ১৫২ জন।

বাংলায় একদিনে করোনার বলি ১১ জন। তার ফলে রাজ্যে মৃতের সংখ্যা বেড়ে দাঁড়াল ১৯ হাজার ৪৫০ জন। সর্বাধিক মৃত্যুর সাক্ষী রয়েছে উত্তর ২৪ পরগনা (৪)। কলকাতা (২) ও পূর্ব বর্ধমানে (২) মৃত্যু হয়েছে ৪ জনের। দক্ষিণ দিনাজপুর, হুগলি এবং দক্ষিণ ২৪ পরগনায় মোট তিনজনের মৃত্যু হয়েছে।

করোনাকে হারিয়ে এদিন সুস্থ হয়েছেন ৭১৭ জন।

ফলে এখন কোভিডজয়ীর সংখ্যা দাঁড়াল ১৫ লক্ষ ৮৬ হাজার ৮৮২ জন। সুস্থতার হার দাঁড়িয়েছে ৯৮.৩১ শতাংশ।

# পিকআপ ভ্যান উল্টে মৃত্যু ৪ শ্রমিকের

কলকাতা, ২৭ নভেম্বর (হি.স) : ভিন রাজ্যে কাজ যাওয়ার পথে মর্মান্তিক দুর্ঘটনা। পিকআপ ভ্যান উল্টে মৃত্যু হল বাংলার ৪ শ্রমিকের। তাঁদের মধ্যে ৩ জন পুরুলিয়ার বাসিন্দা। একজনের পরিচয় এখনও জানা যায়নি। ঝাড়খণ্ডের পটমদার ঠেঙঠেঙি এলাকায় দুর্ঘটনাটি ঘটে। কী কারণে দুর্ঘটনা তা খতিয়ে দেখছে পুলিশ।

শুক্রবার রাতে একটি পিকআপ ভ্যানে করে ৩২ জন শ্রমিকের একটি দল ঝাড়খণ্ডের টাটানগরের উদ্দেশ্যে রওনা দেন।

তাঁরা বিশাখাপত্তনমে রং মিস্ত্রির কাজ করতেন। টাটানগর থেকে ট্রেন ধরে তাঁদের বিশাখাপত্তনম যাওয়ার কথা ছিল। পুরুলিয়া পেরিয়ে ঝাড়খণ্ডে ঢোকার পরেই নিয়ন্ত্রণ হারায় গাড়িটি। পটমদার ঠেঙঠেঙি এলাকায় পিকআপ ভ্যানটি রাস্তার উপরেই উল্টে যায়। পটমদা থানার পুলিশ তাঁদের উদ্ধার করে স্থানীয় হাসপতালে নিয়ে যায়। সে খানেই ৩ জনকে মৃত বলে ঘোষণা করেন চিকিৎসক। আর এক জনের অবস্থা গুরুতর হওয়ায় তাঁকে টাটা মেন হসপিটালে স্থানান্তরিত করা হয়।

গভীর রাতে তাঁর মৃত্যু হয়। পুলিশ সূত্রে খবর, মৃতদের মধ্যে নির্মল মাহাতো (৩২) দুর্যোধন মাহাতো (২৩) বরাবাজার থানার সিন্ধরি গ্রামের বাসিন্দা ছিলেন। মৃত চারু মাহাতো (২৫) লাকা গ্রামের বাসিন্দা।

আরেক জনের পরিচয় জানার চেষ্টা চালাচ্ছে পুলিশ। তিনি বাঁকুড়ার বাসিন্দা বলে জানিয়েছেন গাড়িতে থাকা শ্রমিকরা।

# পুরুলিয়ায় বিজেপির পঞ্চায়েত সদস্যের বাড়িতে পড়ল মাওবাদী পোস্টার

পুরুলিয়া, ২৭ নভেম্বর (হি.স.): এবার মাওবাদী নামাঙ্কিত পোস্টার দেখা গেল পুরুলিয়ায়। এবার মাওবাদী পোস্টার পড়েছে পুরুলিয়ার ২ নম্বর ব্লকের বিজেপির পঞ্চায়েত সদস্যের বাড়িতে। সকালে এই পোস্টারের খবর প্রকাশ্যে আসতেই হইচই পড়ে গিয়েছে।

পুলিশ সূত্রে খবর, পুরুলিয়া ২ নম্বর ব্লকের পিড়রা অঞ্চলের চাকির বন গ্রামের ভারতীয় জনতা পার্টি গ্রাম পঞ্চায়েতের নির্বাচিত সদস্য অশ্বিনী মাহাতোর বাড়িতে মাওবাদী নামাঙ্কিত পোস্টার উদ্ধার করা হয়েছে। আর লোহার যোল গ্রামের একজন তৃণমূল কংগ্রেস সমর্থক ব্যক্তির বাড়ির দেওয়াল থেকেও মাওবাদী নামাঙ্কিত পোস্টার উদ্ধার করা হয়েছে।

এই ঘটনা প্রকাশ্যে আসতেই ভারতীয় জনতা পার্টির (বিজেপি) গ্রাম পঞ্চায়েত থেকে নির্বাচিত সদস্য অশ্বিনী মাহাতো বলেন, 'শাসকদলের লোকেরা এই কাজ করেছে।' যদিও ঘটনার তদন্ত করে দেখছেন পুরুলিয়া মফস্বল থানার পুলিশ। অন্যদিকে পুরুলিয়া জেলা পরিষদের সভাধিপতিকে ফোন করলে তিনি বলেন, 'বিজেপি লোকেরাই খবরে আসার জন্য এই কাজ করেছে।'

উল্লেখ্য, আগেও এখানে মাওবাদী পোস্টার পড়েছিল। তা নিয়ে শোরগোল কম হয়নি। কিন্তু শাসক—বিরোধী দুই দলের নেতার বাড়ি ও দেওয়াল থেকে মাওবাদী পোস্টার এই প্রথম। পুলিশ এই ঘটনার তদন্তে নেমেছে। কে বা কারা এই পোস্টার ফেলেছে তা খতিয়ে দেখা হচ্ছে। তবে বাড়ির ভেতরে পোস্টার কেউ নিয়ে না গেলে থাকে না বলেই অনুমান পুলিশের।-হিন্দুস্থান সমাচার

## টাকা তুলে দিতে পারিনি বলেই টিকিট দেয়নি তৃণমূল, বিস্ফোরক ৮ নম্বর ওয়ার্ডের বিদায়ী কাউন্সিলর

কলকাতা, ২৭ নভেম্বর (হি.স.): টাকা তুলে দিতে পারিনি বলেই টিকিট দেয়নি তৃণমূল, বিস্ফোরক ৮ নম্বর ওয়ার্ডের বিদায়ী কাউন্সিলরপ্রাক্তন দলের বিরুদ্ধে বিস্ফোরক অভিযোগ সদ্য কংগ্রেসে যোগ দেওয়া ৮ নম্বর ওয়ার্ডের বিদায়ী তৃণমূল কাউন্সিলর পার্থ মিত্রর। শনিবার কলকাতা পুরভোটে কংগ্রেসের মনোনয়ন পেয়েই তিনি বলেন, টাকা তুলে দিতে পারিনি বলেই টিকিট দেয়নি তৃণমূল। পার্থবাবুর এহেন অভিযোগে শোরগোল পড়ে গিয়েছে।

শুক্রবার রাতে তৃণমূলের প্রার্থীতালিকা প্রকাশিত হলে দেখা যায় ৮ নম্বর ওয়ার্ডে পার্থবাবুর জায়গায় মনোনয়ন দেওয়া হয়েছে চন্দ্রিমা ভট্টাচার্যের ছেলে সৌরভ বসুকে। এর পরই কংগ্রেসে যোগ দেন পার্থবাবু। শনিবার কলকাতা পুরসভায় ৬৬টি ওয়ার্ডে প্রার্থী ঘোষণা করে কংগ্রেস। তাতে দেখা যায় ৮ নম্বর ওয়ার্ডে মনোনয়ন পেয়েছেন পার্থবাবু। এরপরই মমতা বন্দ্যোপাধ্যায়ের বিরুদ্ধে ক্ষোভ উগরে দেন পার্থবাবু।তিনি বলেন, 'ববিদা (ফিরহাদ হাকিম) আমার জন্য লড়াই করেছিলেন। কিন্তু তলায় তলায় অনেক খেলা হয়েছে। তাই টিকিট পাইনি। সেসব সংবাদমাধ্যমের সামনে আসুক আমি চাই না। এক সময় মমতা বন্দ্যোপাধ্যায়ের গাড়ি করে ঘুরতাম। আজ খারাপ হয়ে গেলাম? টাকা তুলে দিতে পারিনি বলে টিকিট দেয়নি তৃণমূল।'

## জামুড়িয়ায় কারখানায় ভয়াবহ অগ্নিকাণ্ড, প্রচুর ক্ষয়ক্ষতি

আসানসোল, ২৭ নভেম্বর (হি.স.): জামুরিয়ায় কারখানায় আগুন। শনিবার বিকেলে কারখানার পাওয়ার প্লান্ট বিভাগে আগুন লাগে। প্রায় গোটা কারখানা চত্বরেই তা ছড়িয়ে পড়ে। দমকলের বেশ কয়েকটি ইঞ্জিন ২ ঘণ্টা ধরে আগুন নিয়ন্ত্রণের চেষ্টা করছে বলে খবর। কতটা ক্ষয়ক্ষতি হয়েছে, তা এখনও অজানা।

জামুড়িয়ার এই কারখানায় মূলত বিদ্যুৎ উৎপাদন হয়। অগ্নিকাণ্ডের ঘটনা নিয়ে শ্রমিকদের একাংশের দাবি, ওই পাওয়ার প্লান্টে তেলের ড্রামে বিস্ফোরণ ঘটে এই বিপত্তি। ঘন্টা দুয়েকের প্রচেষ্টা সত্ত্বেও এখনও পর্যন্ত নিয়ন্ত্রণে আসেনি আগুন। তবে কারখানার যে বেশ ক্ষতি হয়েছে, বাইরে থেকে আগুনের লেলিহান শিখাই তা বুঝিয়ে দিচ্ছে। এ নিয়ে এখনও কারখানা কর্তৃপক্ষের মুখে কুলুপ। তাঁরা আগুনে ক্ষয়ক্ষতি সামলাতেই ব্যস্ত।

উল্লেখ্য, সকালে আসানসোলে এই একই সংস্থার রানিগঞ্জের স্পঞ্জ আয়রন কারখানাতেই দুর্ঘটনা ঘটেছিল। কারখানায় ফ্লাই অ্যাশের স্টোরেজ ট্যাংক বা ছাই ভরতি চৌবাচ্চাটি ভেঙে বিপত্তি ঘটে। ছাইয়ের নিচে চাপা পড়েন চারজন শ্রমিক। রানিগঞ্জের মঙ্গলপুরে ব্যাপক চাঞ্চল্য ছড়িয়ে পড়ে। এরপর সন্ধেবেলা সেই সংস্থারই বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের তেলের ড্রাম ফেটে ভয়াবহ অগ্নিকাণ্ড ঘটল। একই দিনে সংস্থার দুই কারখানা জোড়া দুর্ঘটনায় যথারীতি প্রশ্নের মুখে কর্তৃপক্ষ। কর্মীরা আতঙ্কে কাঁটা।-হিন্দুস্থান সমাচার / কাকলি

# বালুরঘাটে কনডাক্টরকে টিফিনবক্স দিয়ে মাথা ফাটানোর অভিযোগ যাত্রীর বিরুদ্ধে

বালুরঘাট, ২৭ নভেম্বর (হি. স.) : হাত দেখিয়ে বাস থামিয়েছিলেন। কিন্তু বাস ড্রাইভার থামায়নি। উল্টে বাস চালিয়ে নিয়ে বেরিয়ে যায়। পরে আর এক বাস স্ট্যান্ডে গিয়ে বাস দাঁড় করালে বাধে বিপত্তি। ছোটো গাড়ি নিয়ে সেখানেও হাজির হন ওই ব্যক্তি। এরপর কোনও কথা নেই সোজা কনডাক্টরের মাথা ফাটিয়ে দেওয়ার অভিযোগ উঠল তার বিরুদ্ধে। শনিবার দুপুরে চাঞ্চল্যকর ঘটনাটি ঘটেছে বালুরঘাট ব্লকের ডাঙ্গা গ্রাম পঞ্চায়েতের ল'কলেজ মোড় এলাকার ৫১২ নম্বর জাতীয় সড়কে। এরপরই অবরোধ করতে থাকেন বাস কর্মীরা। এদিকে পথ অবরোধের খবর পেয়ে ঘটনাস্থলে আসে বালুরঘাট থানার পুলিশ। পরে পুলিশের হস্তক্ষেপে প্রায় আধাঘণ্টা পর পথ অবরোধ ওঠে। শুরু হয় যান চলাচল।

জানা গিয়েছে, এদিন দুপুরে হিলি থেকে বালুরঘাটের উদ্দেশ্যে একটি বাস আসছিল। আসার সময় ল'কলেজ মোড় এলাকার ছোট গাড়ির দুই কর্মী বাসে ওঠার জন্য হাত দেখায়। কিন্তু হাতে সময় কম থাকায় সেখানে বাস না থামিয়ে বালুরঘাট বাস স্ট্যান্ডে চলে আসে। ওই বাসটি আবার কিছু পরে হিলির উদ্দেশ্যে রওনা দেয়। সেই সময় ওই দুই ছোট গাড়ির কর্মী পুনরায় হাত দেখায়। সেই সময় গাড়ি থামান চালক। অভিযোগ, সেই সময় গাড়ির চালক ও কনডাক্টর গাড়ি থেকে নামিয়ে বচসা শুরু করেন। বচসা চলাকালীন বাসের কনডাক্টর বিপুল মালির উপর খাবার টিফিনবক্স দিয়ে সজোরে আঘাত করে ওই দুই যাত্রী। ঘটনায় মাথা ফেটে যায় বিপুলের ।

এরপরই ক্ষুব্ধ হিলি বালুরঘাট রুটের বাস কর্মীরা ল'কলেজ মোড়ে জাতীয় সড়ক অবরোধ করে বিক্ষোভ দেখান। এদিকে বিষয়টি বেগতিক দেখে সরকারের কর্মীরা ঘটনাস্থল থেকে পালিয়ে যায় বলেই অভিযোগ বাসকর্মীদের। পদুচেরি দীর্ঘক্ষণ সব ধরনের যান চলাচল বন্ধ থাকে ৫১২ নম্বর জাতীয় সড়কে। এদিকে পথ অবরোধের খবর পেয়ে ঘটনাস্থলে আসে পুলিশ। পরে পুলিশি হস্তক্ষেপে স্বাভাবিক হয় পরিস্থিতি। এদিকে পুলিশের পক্ষ থেকে জানানো হয়েছে এ নিয়ে লিখিত অভিযোগ পেলে ঘটনার তদন্তে নামবেন তারা। হিন্দুস্থান সমাচার / সোনালি / কাকলি

# কাল সংসদে সদস্যদের উপস্থিত থাকার হুইপ জারি বিজেপির

নয়াদিল্লি, ২৭ নভেম্বর (হি.স) : তিনটি কৃষি আইন বাতিল করার জন্য সোমবার সংসদে কেন্দ্রীয় কৃষিমন্ত্রী নরেন্দ্র সিং তোমর একটি বিল পেশ করবেন। আর সেই বিল পেশের সময় যাতে দলের কোনও সদস্য অনুপস্থিত না থাকেন সেই নিয়ে কড়া মনোভাব নিয়েছে বিজেপি। কেন্দ্রের শাসক দলের পক্ষে হুইপ জারি করে বলা হয়েছে, লোকসভার বিজেপি সাংসদদের উপস্থিত থাকতেই হবে।
সংসদের শীতকালীন অধিবেশন শুরু হতে আর বাকি মাত্র দু’’দিন। শীতকালীন অধিবেশনে পাসের জন্য তালিকাভুক্ত ২৬টির মধ্যে অন্যতম কৃষি আইন বাতিলের বিল। সেই সঙ্গে রয়েছে বিতর্কিত ক্রিপ্টোকারেন্সি বিল এবং পাবলিক সেক্টর ব্যাংকগুলিতে সরকারের অংশীদারিত্বকে ৫১ শতাংশ থেকে মাত্র ২৬ শতাংশে কমিয়ে আনার বিল।
কৃষি আইন বিল গত বছরের (২০২০) বাদল অধিবেশনে পাস করা হয়। আর তিনটি বিতর্কিত কৃষি আইন বিল নিয়ে উত্তাল হয়ে ওঠে গোটা দেশ। তীব্র প্রতিবাদে ফেটে পড়েন কৃষকরা। বিরোধী দলগুলিও ক্রমাগত আক্রমণ চালাতে শুরু করে। শুরু বিক্ষোভ, আন্দোলন। অবশেষে চলতি সপ্তাহে কেন্দ্রীয় মন্ত্রিসভা এই তিন কৃষি বিল বাতিলের অনুমোদন করেছে। এখন সরকারের প্রতিটি পদক্ষেপে নিয়ে জিজ্ঞাসাবাদ করার পাশাপাশি বিরোধী দলগুলি ঘনিষ্ঠভাবে যাচাইও করবে। এ অবস্থায় সংসদে দলের কোনও সাংসদের অনুপস্থিতিই কাম্য নয় কেন্দ্রের শাসক দলের। তাই হুইপ জারি করে বলা হয়েছে, উপস্থিত থাকতেই হবে।

# কাল সংসদ অভিযান বাতিল করল সংযুক্ত কিষান মোর্চা

নয়াদিল্লি, ২৭ নভেম্বর (হি.স) : প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী তিনটি বিতর্কিত কৃষি আইন প্রত্যাহার করার প্রতিশ্রুতি দিলেও বিল আইনত প্রত্যাহার এবং অন্যান্য দাবি পূরণ না হওয়া পর্যন্ত আন্দোলন চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত নিয়েছিলেন কৃষকরা। তবে, সোমবার অর্থাৎ ২৯ নভেম্বর সংসদে সরকারের তরফে কৃষি আইন প্রত্যাহার বিল পেশ করার সিদ্ধান্তের পরই বরফ গলার ইঙ্গিত মিলল। ওইদিন পূর্ব নির্ধারিত সংসদ ভবন অভিযান আপাতত প্রত্যাহার করার সিদ্ধান্ত নিল সংযুক্ত কিষান মোর্চা।
শনিবার সংযুক্ত কিষান মোর্চার তরফে জানিয়ে দেওয়া হল, আগামী ২৯ নভেম্বর পূর্বনির্ধারিত সংসদ ভবন অভিযান তাঁরা প্রত্যাহার করছেন। তবে, কেন এই অভিযান প্রত্যাহার করা হল তা স্পষ্ট করেননি কৃষক আন্দলনের নেতারা। আগে ঠিক ছিল, ২৯ নভেম্বর মোট ৬০টি ট্রাক্টর এবং ১ হাজার কৃষক সংসদ ভবন ঘেরাও করবেন। ঘটনাচক্রে ওইদিনই সংসদে কৃষি আইন প্রত্যাহারের আইনি প্রক্রিয়া সম্পূর্ণ হওয়ার কথা। সম্ভবত, সেকারণেই ওইদিনের আন্দোলন প্রত্যাহারের সিদ্ধান্ত নিয়েছেন আন্দোলনকারীরা।

## ফের ৩৩ হাজারের বেশি সংক্রমণ রাশিয়ায় দীর্ঘ হচ্ছে মৃত্যুর সংখ্যা

মস্কো, ২৭ নভেম্বর (হি.স.): রাশিয়ায় করোনা-সংক্রমণ বেড়েই চলেছে, ক্রমাগত বাড়ছে মৃত্যুর সংখ্যাও। রাশিয়ায় বিগত ২৪ ঘন্টায় মৃত্যু হয়েছে করোনা-আক্রান্ত ১,২৩৯ জন রোগীর। নতুন করে ১ হাজার ২৩৯ জনের মৃত্যুর পর রাশিয়ায় এখনও পর্যন্ত করোনায় মৃত্যু হয়েছে ২ লক্ষ ৭১ হাজার ৫৩১ জনের।মৃত্যুর সংখ্যা যেমন বাড়ছে, তেমনই বাড়ছে নতুন আক্রান্তের সংখ্যাও। রাশিয়ায় বিগত ২৪ ঘন্টায় নতুন করে আক্রান্ত হয়েছেন ৩৩,৯৪৬ জন। ফলে রাশিয়ায় মোট করোনা-আক্রান্তের সংখ্যা বেড়ে হল ৯,৫৩৬,৮২৫ জন। ইতিমধ্যেই রাশিয়ায় করোনার থেকে সেরে উঠেছেন ৮,২৩৭,৪৬৫ জন।

## দিল্লিতে ফের কংগ্রেসে ভাঙন

নয়াদিল্লি, ২৭ নভেম্বর (হি.স.): দিল্লিতে ফের ধাক্কা খেল কংগ্রেস। কংগ্রেসের সঙ্গে সমস্ত ধরনের সম্পর্ক ছিন্ন করে আম আদমি পার্টি (আপ)-তে যোগ দিলেন দিল্লির কংগ্রেস নেতা মুকেশ গোয়েল। শনিবার দিল্লির উপ-মুখ্যমন্ত্রী ও আপ নেতা মণীশ সিসোদিয়ার উপস্থিতিতে আপ-এ যোগ দিয়েছেন মুকেশ গোয়েল। দিল্লির আদর্শ নগর কেন্দ্রের বিধায়ক হলেন মুকেশ গোয়েল।
দিল্লিতে আগামী বছরই এমসিডি নির্বাচন, তার আগে কংগ্রেস ত্যাগ করে মুকেশ গোয়েল আপ-এ যোগ দেওয়ায় বড়সড় ধাক্কা খেল কংগ্রেস। এদিন মুকেশ গোয়েলকে আপ-এর পরিবারের স্বাগত জানিয়েছেন আপ নেতা মণীশ সিসোদিয়া, জাতীয় সম্পাদক পঙ্কজ গুপ্তা ও রাজ্যসভার সাংসদ সুশীল গুপ্তা।

**বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ**

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

**বিজ্ঞাপন বিভাগ**
**জাগরণ**

## জরুরী পরিষেবা



**হাসপাতাল : জিবি :** ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ রিলিভার্স : ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ **(টোলফ্রি : ২৪ ঘন্টা)। ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ **(পি বি এক্স), আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

## কলকাতা পুরসভার মুখ্যপ্রশাসক পদে ইস্তফা ফিরহাদ হাকিমের

কলকাতা, ২৭ নভেম্বর (হি.স) : কলকাতা পুরসভার মুখ্য প্রশাসকের পদ থেকে পদত্যাগ করলেন ফিরহাদ হাকিম। শনিবার নগরান্নয়ন দফতরে গিয়ে পদত্যাগপত্র জমা করেন তিনি। তবে ফিরহাদ একা নন, পদত্যাগ করলেন প্রশাসকমণ্ডলীর আরও ১১ সদস্য। এরা সকলেই কলকাতা পুরভোটে তৃণমূলের প্রার্থী হয়েছেন।
২০২০ সালে কলকাতার পুরভোট হওয়ার কথা ছিল। কিন্তু করোনা পরিস্থিতির জেরে সেই নির্বাচন পিছিয়ে যায়। বদলে পুর প্রশাসক নিয়োগ করে রাজ্য সরকার। এদিন পদত্যাগ করা ১২ জনই রাজ্য সরকার মনোনীত প্রশাসক ছিলেন। এবার ভোটে রাজ্যের শাসক দল তৃণমূলের হয়ে ফের টিকিট পেয়েছেন তাঁরা। তাই প্রশাসনিক নিয়ম মেনেই মেনে মনোনয়ন জমা করার আগে প্রশাসক পদ থেকে ইস্তফা দিলেন তাঁরা। একমাত্র ৯৩ নম্বর ওয়ার্ডের প্রাক্তন কো-অর্ডিনেটর তথা প্রশাসকমণ্ডলীর সদস্য রতন দে এবার পুরভোটের টিকিট পাননি। তাই তিনি এদিন পদত্যাগপত্র পেশ করেননি।
ফিরহাদ হাকিম ছাড়া অতীন ঘোষ. দেবাশিস কুমার, দেবব্রত মজুমদার, তারক সিং, রামপেয়ারে রাম, ইন্দ্রাণী সাহা বন্দ্যোপাধ্যায়, সামসুদ্দিনজামান আনসারি, মনজার ইকবাল, আমিরুদ্দিন ববিরাও ইস্তফাপত্র জমা করেছেন। প্রসঙ্গত, বিধায়ক হয়েও যে চারজন কলকাতা পুরভোটে টিকিট পেয়েছেন, তাঁরা হলেন- ফিরহাদ হাকিম, দেবাশিস কুমার, অতীন ঘোষ এবং রত্না চট্টোপাধ্যায়।

## শৈত্যপ্রবাহ থেকে খানিকটা স্বস্তি, ঠান্ডা কিছুটা কমেছে কাশ্মীর ও লাদাখে

শ্রীনগর, ২৭ নভেম্বর (হি.স.): প্রবল শৈত্যপ্রবাহ থেকে খানিকটা স্বস্তি পেল কাশ্মীর ও লাদাখ। ঠান্ডা কিছুটা কমেছে দুই কেন্দ্রশাসিত অঞ্চলে। তবে জাঁকিয়ে শীত রয়েছে শ্রীনগর থেকে পহেলগাম-কাশ্মীরের সর্বত্রই। লাদাখের দ্রাসে সর্বনিম্ন তাপমাত্রা বেড়ে মাইনাস ৭.৬ ডিগ্রি সেলসিয়াসে পৌঁছেছে। লেহতে সর্বনিম্ন তাপমাত্রা খানিকটা বেড়ে ৪.৫ ডিগ্রি সেলসিয়াসে পৌঁছেছে।
উত্তর কাশ্মীরের হিল রিসর্ট গুলমার্গে তাপমাত্রা বেড়ে মাইনাস ১.০ ডিগ্রি সেলসিয়াসে পৌঁছেছে। শ্রীনগরের তাপমাত্রা বেড়ে হিমাঙ্কের নীচে, ০.৪ ডিগ্রি সেলসিয়াসে পৌঁছেছে। পহেলগামেও রয়েছে শীতের আমেজ, জম্মুতেও রাতের দিকে ঠান্ডা বাড়ছে।

## টিকিট না পেয়ে সিপিএম ছেড়ে তৃণমূলে যোগ দিলেন বিলকিস বেগম

কলকাতা, ২৭ নভেম্বর (হি.স.): কলকাতা পুরভোটের আগে ফের ধাক্কা বামশিবিরে।টিকিট না পেয়ে সিপিএম ছেড়ে তৃণমূলে যোগ দিলেন বিদায়ী কাউন্সিলর বিলকিস বেগম। শনিবার কলকাতা বন্দর বিধানসভা এলাকার খিদিপুরের কার্ল মাকর্স সরণির এক অনুষ্ঠানে বিদায়ী পুরপ্রশাসক তথা স্থানীয় বিধায়ক ফিরহাদ হাকিমের হাত ধরে তৃণমূলে যোগ দিলেন তিনি। তৃণমূলে যোগ দিয়ে তিনি বলেন, ”দিদির কাজ দেখে উদ্বুদ্ধ হয়ে সিপিএম ছাড়ার সিদ্ধান্ত নিয়েছি।”
শুক্রবার সিপিএমই প্রথম পুরভোটের জন্য প্রার্থী তালিকা ঘোষণা করেছে। তাতে নাম নেই ৭৫ নং ওয়ার্ডের বিদায়ী কো-অর্ডিনেটর বিলকিস বেগমের। ওই ওয়ার্ডের প্রাক্তন সিপিএম কাউন্সিলর ফৈয়াজ আহমেদ খানকে ফিরিয়ে আনা হয়েছে। ঘনিষ্ঠ সূত্রে খবর, টিকিট না পেয়ে ক্ষুব্ধ হয়েই দলত্যাগের সিদ্ধান্ত নিয়েছেন বিলকিস। শনিবার কলকাতা বন্দর বিধানসভা এলাকার খিদিপুরের কার্ল মাকর্স সরণির এক অনুষ্ঠানে বিদায়ী পুরপ্রশাসক তথা স্থানীয় বিধায়ক ফিরহাদ হাকিমের হাত ধরে তৃণমূলে যোগ দিলেন তিনি। তাঁর হাতে পতাকা তুলে দিয়ে তৃণমূলের স্বাগত জানান পরিবহণমন্ত্রী। তিনি বলেন, “আমি যখন থেকে কলকাতা বন্দর এলাকার বিধায়ক হয়েছি, তখন থেকেই আমার লক্ষ্য ছিল বিলকিসের মতো কাজের মেয়েকে নিজেদের দলে নিয়ে আসা। আজ আমার সেই ইচ্ছেপূরণ হল। এ বার থেকে বিলকিস আমার প্রতিনিধি হয়ে কাজ করবেন।” ২০১০ ও ২০১৫ সালে তৃণমূলের প্রবল হাওয়াতেও ওই ওয়ার্ডে জয়ী হয়েছিলেন বিলকিস। কাউন্সিলরের দলত্যাগ নিয়ে ফৈয়াজ বলেন, “ওই কাউন্সিলর দুর্নীতির সঙ্গে যুক্ত হয়ে পড়েছিলেন বলেই তাঁকে আর প্রার্থী করা হয়নি। শাসকদলের সঙ্গে যোগসাজশ থেকে শুরু করে বেআইনী নির্মাণ-সহ একঝাঁক অভিযোগ উঠেছিল তাঁর বিরুদ্ধে। এমন কাউন্সিলর যে টিকিট না পেয়ে তৃণমূলে যাবেন, এটাই স্বাভাবিক।”

## মহিলাদের অশালীন ইঙ্গিত

কলকাতা, ২৭ নভেম্বর (হি.স) : মহিলাদের প্রতি কটূক্তি ও অশালীন ইঙ্গিতের অভিযোগের প্রেক্ষিতে গ্রেফতার বহরমপুর পুরসভার প্রাক্তন চেয়ারম্যান নীলরতন আঢ্য। এক মহিলার অভিযোগের ভিত্তিতে শনিবার সকালে নিজের বাড়ি থেকেই নীলরতন আঢ্যকে গ্রেফতার করে বহরমপুর থানার পুলিস। এদিনই তাঁকে আদালতে পেশ করা হবে। প্রসঙ্গত, অন্যান্য পুরসভার ক্ষেত্রে প্রাক্তনদের দায়িত্ব দেওয়া হলেও নীলরতন আঢ্যকে প্রশাসক হিসেবে দায়িত্ব দেওয়া হয়নি। কারণ, নীলরতন আঢ্যের বিরুদ্ধে দুর্নীতি, স্বজনপোষণের অভিযোগ আনে তৃণমূল কংগ্রেসেরই একাংশ।

## করোনার নতুন প্রজাতি ভারতে আসা রুখতে সমস্ত পদক্ষেপ নেওয়া উচিত : কেজরিওয়াল

নয়াদিল্লি, ২৭ নভেম্বর (হি.স.): করোনাভাইরাসের নতুন প্রজাতি ওমিক্রন নিয়ে চিন্তা বাড়ছে গোটা বিশ্বে। উদ্বেগ ও উৎকণ্ঠায় ভারতও। বহু চেষ্টার পর ভারতে ধীরে ধীরে কমছে করোনাভাইরাসের সংক্রমণ। তাই করোনার নতুন এই প্রজাতিকে ভারতে আসা রুখতে সম্ভাব্য সমস্ত পদক্ষেপ নেওয়া উচিত বলে মনে করছেন দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়াল। যে সমস্ত দেশে করোনার নতুন সংক্রমণের হদিশ মিলেছে সেই সমস্ত দেশের সঙ্গে যোগাযোগ বন্ধ করার জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর কাছে কেজরিওয়াল অনুরোধ জানিয়েছেন।
ডেল্টা, ডেল্টা প্লাসের পর এ বার ওমিক্রন। বিশ্ব জুড়ে নতুন করে উদ্বেগ সৃষ্টি করেছে করোনার এই নয়া রূপ। নাম বি.১.১.৫২৯। একে নিয়ে ভয়ের অন্যতম কারণ, বেশির ভাগ বিশেষজ্ঞের মতে কোভিড টিকার কার্যকারিতা রুখে দিতে পারে ভাইরাসের এই নতুন রূপ। দক্ষিণ আফ্রিকায় এই সপ্তাহে প্রথম চিহ্নিত হয়েছে বি.১.১.৫২৯ নামে এই নতুন রূপ।
কেজরিওয়াল দিন জানিয়েছেন, ‘অনেক কষ্টে আমাদের দেশ করোনা থেকে সেরে উঠেছে। তাই ভারতে এই নতুন প্রজাতির প্রবেশ রুখতে আমাদের যথাসাধ্য চেষ্টা করা উচিত।’ যে সমস্ত দেশে করোনার নতুন সংক্রমণের হদিশ মিলেছে সেই সমস্ত দেশের সঙ্গে যোগাযোগ বন্ধ করার জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর কাছে কেজরিওয়াল অনুরোধ জানিয়েছেন।

## কৃষক আন্দোলনের বর্ষপূর্তি পালিত উদয়পুরে

**নিজস্ব প্রতিনিধি, উদয়পুর, ২৭ নভেম্বর।।** মোদী সরকার তিনটি কৃষি আইন ও বিদ্যুৎ বিল সংসদে পাশ করিয়ে ছিলেন।।তিনটি কৃষি আইন ও বিদ্যুৎ বিল বাতিলের দাবীতে দেশব্যাপী কৃষক আন্দোলনের বর্ষপূর্তি অনুষ্ঠান উদযাপনের অঙ্গ হিসেবে এক পথ সভা অনুষ্ঠিত হয় বাগমা বিধান সভা কেন্দ্রের বাগমা বাজারে। সংযুক্ত কিষান মোর্চা বাগমা অঞ্চল কমিটির উদ্যোগে শনিবার বিকেলে বাগমা বাজারে এই পথসভা অনুষ্ঠিত হয়। এই পথসভায় উপস্থিত ছিলেন কৃষক সভার রাজ্য সম্পাদক প্রাক্তন মন্ত্রী পবিত্র কর, সারা ভারত কৃষক সভার সদস্য তথা সিপিএম গোমতি জেলা নেতৃত্ব নিতাই বিশ্বাস, সিপিএম বাগমা অঞ্চল সম্পাদক নারায়ন ঘোষ, সিআইটিইউ উদয়পুর বিভাগীয় সদস্য দিলীপ দত্ত ও অন্যান্য নেতৃবৃন্দ। এই সভায় বক্তব্য রাখতে গিয়ে কেন্দ্রীয় ও রাজ্য বিজেপি সরকারের তীব্র সমালোচনা করে বক্তব্য রাখেন উল্লেখিত নেতৃবৃন্দ। অনেক দিন পর এই সভায় সংযুক্ত কিষান মোর্চা সহ সিপিএম দলীয় কর্মী সমর্থকদের উপস্থিতি ছিলো বেশ লক্ষ্যণীয়। তবে গতকাল কৃষক আন্দোলন বর্ষ পূর্তি উপলক্ষে আয়োজিত কৃষক আন্দোলনে নিহত কৃষকদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানাতে নদীতে অস্তি বিসর্জনের সময় জুতো পায়ে দিয়ে সম্মান জানানোকে মনের দিক থেকে মেনে নিতে পারেননি।

## বিজেপির জনসম্পর্ক অভিযান আর কে পুরে

**নিজস্ব প্রতিনিধি, উদয়পুর, ২৭ নভেম্বর।।** শনিবার উদয়পুর বিজেপি ৩১রাধাকিশোরপুর বিধান সভা মন্ডলের অন্তর্গত ৪৫ নং বুথে জনসম্পর্ক অভিযান অনুষ্ঠিত হয় খিলপাড়া অঞ্চলে। জনসম্পর্ক অভিযানে বের হয়ে স্থানীয় গ্রামবাসীদের একাংশের সাথে কথা বলেন, মতবিনিময় করেন, এলাকা বাসির অভাব অভিযোগ-সমস্যা নিয়েও মত বিনিময় এবং আলোচনা করেন বিজেপি ৩১ রাধাকিশোরপুর মন্ডল মহিলা মোর্চার সভানেত্রী ভ্রমর সোম, মহিলা মোর্চার রাধাকিশোরপুর মন্ডলের সাধারন সম্পাদিকা শুক্লা দেব সরকার, ৪৫ নং বুথের সভাপতি কৃষ্ণ সাহা, বিজেপি রাধাকিশোরপুর মন্ডল সদস্য তথা ১০নং শক্তি কমিটির ইনচার্জ কুলক চক্রবর্তী,মন্ডল সদস্যা তথা মন্ডল মহিলা মোর্চার শক্তি কমিটির ইনচার্জ মঞ্জু চৌধুরী সহ বুথের মহিলা মোর্চার কার্যকর্তাগন। এই জনসম্পর্ক অভিযানে বের হয়ে সাধারন মানুষের ব্যাপক সাড়া পাওয়া যায় বলে মহিলা মোর্চার নেতৃত্ব যারপরনাই খুশি।

## বিলোনীয়ায় যোগা প্রতিযোগীতার নির্বাচন শিবির অনুষ্ঠিত

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৭ নভেম্বর।।** ত্রিপুরা যোগা অ্যাসোসিয়েসনের উদ্যোগে আগামী ডিসেম্বরের ১০/১১ তারিখ রাজ্যভিত্তিক যোগাসন প্রতিযোগিতা ত্রিপুরা যোগা অ্যাসোসিয়েসনের উদ্যোগে অনুষ্ঠিত হবে আগরতলা এগিয়ে চল সংঘে। সে লক্ষ্য কে সামনে রেখে শনিবার বিলোনিয়া সাবডিভিশন লেবেল সিলেকশন শিবির চলছে, পাশাপাাশি সাব জোনের কাজ,এ সাবজোনের মধ্যে দিয়ে মোট আটটি বিভাগে সিলেকশন হবে।সিলেকশন হওয়ার পর আগামী ৫ তারিখ জেলাভিত্তিক যোগাসন প্রতিযোগিতা হবে দক্ষিন ত্রিপুরা যোগাসন অ্যাসোসিয়েসনের উদ্যোগে বিলোনীয়া ব্রজেন্দ্র কিশোর ইনস্টিটিউটের ইন্ডোর হলে।আগামীতে য়ে রাজ্যভিত্তিক যোগাসন প্রতিযোগিতা হবে আমাদের জেলার ছাত্র ছাত্রীরা সফলতা পাবে সে আশা ব্যাক্ত করে পুরো অনুষ্ঠান সম্পর্কে বিস্তৃত ভাবে আলোচনা করেন বিলোনিয়া যোগা অ্যাসোসিয়েসনের সম্পাদক জয়দেব মজুমদার।

## ‘তৃণমূলের প্রধানমন্ত্রী ক্যান্ডিডেট’, বাবুলকে খোঁচা অনুপমের

কলকাতা, ২৭ নভেম্বর (হি.স.) : ‘নিশ্চয়ই এক্কেবারে তৃণমূলের প্রধানমন্ত্রী ক্যান্ডিডেট’। আসন্ন কলকাতা পুরসভা ভোটে কলকাতার মেয়র পদপ্রার্থী হতে পারেন বলে জল্পনার মাঝে প্রকাশিত চনে তৃণমূল কংগ্রেসের প্রার্থী তালিকায় বাবুল সুপ্রিয়র নাম না থাকায় তাকে এভাবেই খোঁচা দিলেন বিজেপি নেতা সাংসদ অনুপম হাজরা।
গণমাধ্যমে তিনি শনিবার সকালে লেখেন, ‘প্লেইং ১১-এ খেলতে চাওয়া ছেলেটা আজও মাঠের বাইরে। ভাবলাম রাজ্যসভায় পাঠাবে...হল না!!!...ভাবলাম উপনির্বাচনে টিকিট দিয়ে মন্ত্রী বানাবে...টিকিট দিল না!!!...ভাবলাম কর্পোরেশন ইলেকশনে টিকিট দিয়ে মেয়র বানাবে...সেটাও করল না!!!...তার মানে নিশ্চয়ই এক্কেবারে তৃণমূলের প্রধানমন্ত্রী ক্যান্ডিডেট।’ যদিও অনুপমের এই মন্তব্যের কোনও প্রতিক্রিয়া পাওয়া যায়নি বাবুলের তরফে।
উল্লেখ্য, বাবুল সুপ্রিয় বিজেপি ছাড়ার সময় বলেছিলেন, একটা বড় সুযোগের জন্য তিনি বিজেপি ছাড়ছেন। তাছাড়া বিজেপিতে তাঁর দমবন্ধ হয়ে আসছিল। তাই সবাই ভেবেছিলেন কলকাতা পুরসভার মেয়র পদপ্রার্থীই হল সেই ভাল এবং বড় সুযোগ। কিন্তু ঘাসফুল শিবিরের প্রকাশিত প্রার্থীতালিকায় নেই বাবুলের নাম। আর তাকে হাতিয়ার করেই বাবুলকে খোঁচা দিলেন অনুপম হাজরার।

## এয়ারসেল ম্যাক্সিস মামলা চিদম্বরম ও তাঁর ছেলেকে সমন দিল্লির আদালতের

নয়াদিল্লি, ২৭ নভেম্বর (হি.স.): এয়ারসেল ম্যাক্সিস মামলায় প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী ও কংগ্রেস নেতা পালানিয়াপ্পন চিদাম্বরকে সমন পাঠাল দিল্লির একটি আদালত। শুধুমাত্র পি চিদম্বরম নন, শনিবার তাঁর ছেলে ও সাংসদ কার্তি চিদম্বরম ও কয়েকজনকে সমন পাঠিয়েছে দিল্লির আদালত। এনফোর্সমেন্ট ডিরেক্টরেট (ইডি) ও সিবিআই-এর মামলায় তাঁদের সমন পাঠিয়েছে আদালত। এই মামলায় তদন্তকারী সংস্থার পক্ষ থেকে দাখিল করা চার্জশিট বিবেচনা করবে আদালত।
অভিযোগ, অর্থমন্ত্রী থাকাকালীন প্রভাব খাটিয়ে বেআইনি ভাবে এয়ারসেল সংস্থায় মালয়েশিয়ার ম্যাক্সিসকে লগ্নি করার ছাড়পত্র পাইয়ে দেন চিদম্বরম। বিনিময়ে তাঁর পুত্র কার্তি চিদম্বরমের সংস্থাকে ঘুষ দেওয়া হয়। সিবিআইয়ের অভিযোগ, অর্থমন্ত্রী হিসেবে নিজের ক্ষমতার অপব্যবহার করেছিলেন চিদম্বরম।

### কোতল

● প্রথম পাতার পর

ছুটে গিয়ে একটি অটোতে হামলা চালিয়েছিলেন তিনি। অটোতে থাকা এক যাত্রী কৃষ্ণ দাস তার আক্রমনে নিহত হন। ওই যাত্রীর ছেলে কর্ণবীর দাসও গুরুতর আহত হয়েছেন। খবর পেয়ে খোয়াই থানার সেকেন্ড অফিসার সত্যজিত মল্লিক ছুটে যান। তাকে লাঠি দিয়ে আটকানোর চেষ্টা করেন। কিন্ত, তার এলোপাথারি আক্রমনে পুলিশ আধিকারিক গুরুতর আহত হন এবং হাসপাতালে নিয়ে যাওয়ার পথে মারা যান। তিনি বলেন, থানার অন্যান্য পুলিশ কর্মীকে তাকে কোনক্রমে আটক করতে সক্ষম হন। বর্তমানে তাকে খোয়াই থানায় রাখা হয়েছে। আজকেই তাকে হাসপাতালে সোপর্দ করবে পুলিশ।

পুলিশ গতকাল আহতদের উদ্ধার করে খোয়াই জেলা হাসপাতালে ভর্তি করেছিল। কিন্ত কর্তব্যরত চিকিতকরা তাঁদের অবস্থা আশঙ্কাজনক দেখে তাঁদের জিবি হাসপাতালে স্থানান্তর করেছেন। এদিকে, শহীদ পুলিশ আধিকারিক সহ নিহতদের খোয়াই হাসপাতালের মর্গে রাখা হয়েছে। তাঁদের ময়নাতদন্ত সম্পন্ন হয়েছে। শহীদ পুলিশ আধিকারিকের মরদেহ আজ দুপুরে আগরতলায় ইন্দ্রনগরস্থিত নিজ বাড়িতে আনা হবে। পূর্ণ রাষ্ট্রীয় মর্যাদায় তাঁর শেষকৃত্ব সম্পন্ন হবে।

ওই ঘটনায় ত্রিপুরার মুখ্যমন্ত্রী সামাজিক মাধ্যমে লেখেন, নিষ্ঠার সঙ্গে নিজের দায়িত্ব পালন করতে গিয়ে উন্মত্ত এক দুর্বৃত্তের হামলায় খোয়াই থানার সেকেন্ড অফিসার সত্যজিৎ মল্লিকের শহীদ হওয়ায় আমি গভীরভাবে মর্মাহত। নিষ্ঠাবান এই পুলিশ অফিসার সহ এই ঘটনায় নিহত প্রত্যেকের আত্মার সদগতি কামনা করছি। পরিবার পরিজনদের প্রতি জানাই আমার গভীর সমবেদনা। ঈশ্বরের কাছে আহতদের দ্রুত আরোগ্য কামনা করছি।

### মুখ্যমন্ত্রীর

● প্রথম পাতার পর

প্রতি সমবেদনা জানাচ্ছি। তাঁর ঘোষণা, প্রত্যেক নিহতদের পরিবারকে আপদকালীন ১ লক্ষ টাকা করে ক্ষতিপূরণ দেওয়া হবে। সত্যজিত মল্লিকের স্ত্রীর বয়স অল্প। এই দুর্দিনে তাঁর চাকুরীর বন্দোবস্ত করবে ত্রিপুরা সরকার। তিনি আরও যোগ করেন, শহীদ পুলিশ আধিকারিকের ছোট কন্যা সন্তান রয়েছে। তাঁর পড়াশুনার দায়িত্ব নেওয়া হবে। ত্রিপুরা পুলিশ এবং ত্রিপুরা সরকার সমস্ত ব্যবস্থা করবে।

প্রসঙ্গত, উন্মত্ত ব্যক্তির নৃশংসতার শিকার হয়েছেন দুই শিশু কন্যা ও পুলিশ আধিকারিক সহ পাঁচজন। বধ্যভূমি ত্রিপুরায় খোয়াই জেলায় উত্তর রামচন্দ্রঘাট এলাকায় ভিড় চৌমুহনীর শেওরাতলি। শুক্রবার গভীর রাতে প্রদীপ দেবরায় তাঁর দুই অবুঝ সন্তান মন্দিরা দেব রায় ও আরতি দেব রায়, বড় ভাই অমলেশ দেব রায়, অটো যাত্রী কৃষ্ণ দাস এবং খোয়াই থানার সেকেন্ড অফিসার সত্যজিত মল্লিককে শাবল দিয়ে এলোপাথারি আঘাত দিয়ে খুন করেছে। তাঁর স্ত্রী মিনা পাল দেব রায় এবং অটো যাত্রী কর্ণবীর দাসকেও খুনের চেষ্টা করেছে। তাঁরা বর্তমানে আশঙ্কাজনক অবস্থায় জিবি হাসপাতালে চিকিতাধীন রয়েছেন।

### সাংবাদিক

● প্রথম পাতার পর

নিয়ে সুপ্রিম কোর্টের দ্বারস্থ হন। তাঁদের বক্তব্য, পুলিশের ওই এজাহারে সংবিধান প্রদত্ত বাক স্বাধীনতা হরণ করা হচ্ছে। ওই এজাহারে তাঁদের বিরুদ্ধে পুলিশ ইউএপিএ-তে মামলা রুজু করেছে। সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি এন ভি রামান্না এবং বিচারপতি ডি ওয়াই চন্দ্রচুর ও বিচারপতি সূর্য কান্তের বেঞ্চে শুনানি হয়েছে। আদালত ত্রিপুরা পুলিশের এজাহার বাতিলের আবেদন মঞ্জুর করেনি। তবে, আবেদনকারীদের গ্রেফতারিতে নিষেধাজ্ঞা জারি করেছিল। সঙ্গে পুলিশের তদন্ত কাজ বন্ধ করারও নির্দেশ দেয়নি আদালত। কিন্ত, ত্রিপুরা সরকার এবং কেন্দ্রীয় সরকারকে নোটিশ পাঠিয়েছে। ধারণা করা হচ্ছে, আগামী ৩ জানুয়ারী ওই আবেদনের উপর পুণরায় শুনানি হবে। তার আগেই ত্রিপুরার মুখ্যমন্ত্রী ওই মামলায় পর্যালোচনা হোক চাইছেন।

ত্রিপুরা পুলিশের মহানির্দেশক ভি এস যাদব বলেন, সামাজিক মাধ্যমে ভুয়ো খবর ছড়ানোর কারণে সারা দেশে ত্রিপুরা বদনাম হয়েছে। শুধু তাই নয়, ত্রিপুরায় কিছুটা অশান্তির পরিবেশ কায়েম হয়েছিল। তাই, বিভিন্ন ধারায় মামলার পাশাপাশি ইউএপিএ ধারাতেও মামলা রুজু হয়েছে। এখন মুখ্যমন্ত্রী নির্দেশ দিয়েছেন সাংবাদিক এবং আইনজীবিদের বিরুদ্ধে ইউএপিএ মামলা পর্যালোচনা করা হোক। তাই, এডিজি ক্রাইম ব্রাঞ্চকে তদন্ত কাজে আরও গতি আনার নির্দেশ দেওয়া হয়েছে। সাথেই, সাংবাদিক এবং আইনজীবিদের বিরুদ্ধে ইউএপিএ ধারায় মামলার পর্যাপ্ত প্রমাণ রয়েছে, তা নিশ্চিত করার নির্দেশ দেওয়া হয়েছে।

### পুলিশে

● প্রথম পাতার পর

দেয়। এলাকার জনগণ ঘটনা জানাজানি হতে দক্ষিণ চড়িলাম কড়ুইমোরা গ্রামের গতকালকে গলার চেইন নিয়ে যাওয়ায় মহিলার পরিবারকে খবর দেয় অন্যদিকে ছেচরীমাই গ্রামের ওই মহিলাকেও খবর দেয় অন্যদিকে বিশালগড় রবীন্দ্রনাথ কলেজের সামনে থেকে এক মহিলার গলার চেইন নিয়ে গিয়েছিল গতকাল। তারা সকলেই ছুটে আসেন ফকিরামুড়া এলাকায়। তিন পরিবারের অভিযোগ ওই যুবক গতকালকে হার নেওয়ার সময় ছিলেন। এলাকার লোকজন জড়ো হয়ে উত্তম-মধ্যম দিয়ে তুলে দেয় বিশালগড় থানার পুলিশের হাতে।

### চন্দ্রপুরে

● প্রথম পাতার পর


না মীমাংসা বৈঠকের জন্য আইএসবিটিতে আসলেও অটো চালকরা মীমাংসা বৈঠকে আসেনি। উপরন্তু বেশ কিছুসংখ্যক অটোচালক আচমকা এসে হামলা সংঘটিত করে। তাতে রণক্ষেত্রে পরিণত হয় আই এস বি টি। ঘটনার খবর পেয়ে পুলিশ ও নিরাপত্তা কর্মীরা ঘটনাস্থলে ছুটে যায়। স্থানীয় বাসিন্দারাও প্রতিরোধ গড়ে তোলার চেষ্টা করেন। স্থানীয় জনগণ এবং নিরাপত্তা কর্মীদের হস্তক্ষেপে পরিস্থিতি নিয়ন্ত্রণে এসেছে।

চালক ও অটোচালকদের মধ্যে বিবাদের জেরে সংঘর্ষের ঘটনায় নিরীহ যাত্রীদেরও হয়রানির শিকার হতে হয়েছে। শুধু তাই নয় বেশ কিছু সংখ্যক যাত্রী আক্রান্ত হয়েছেন বলেও অভিযোগ।

### মারধর

● প্রথম পাতার পর

বাস চালকের অসাবধানতার কারণেই মর্মান্তিক দুর্ঘটনাটি ঘটেছে।পুলিশ এ ব্যাপারে একটি মামলা গ্রহণ করে ঘটনার তদন্ত শুরু করেছে।



# ইন্দোনেশিয়া ওপেনে দৌড় শেষ পিভি সিন্ধুর

নয়াদিল্লি, ২৭ নভেম্বর (হি.স) : আরও একটা টুর্নামেন্ট জেতা হল না ভারতের তারকা পিভি সিন্ধুর। ইন্দোনেশিয়ান ওপেনে মহিলাদের সিঙ্গলস সেমি ফাইনালে সিন্ধু হারলেন তাইল্যান্ড রাতচানোক ইনতানোনের কাছে। সিন্ধু প্রথম গেমটি ২১-১৫ পয়েন্টে জেতার পর, ছন্দ হারান। পরের দুটি গেম হেরে যান, ৯-২১ এবং ১৪-২১ পয়েন্টে।



২৬ বছরের তৃতীয় বাছাই, দু'বারের অলিম্পিক পদক জয়ী সিন্ধু ৫৪ মিনিটের লড়াইয়ে হেরে গেলেন দ্বিতীয় বাছাই রাতচানোকের কাছে। এবারের হার নিয়ে টানা তিনটি টুর্নামেন্টের সেমি ফাইনালের হেরে গেলেন এই ভারতীয় তারকা।গত সপ্তাহে হেরেছিলেন, ইন্দোনেশিয়া মাস্টার্সে। অক্টোবর মাসে হেরেছিলেন, ফ্রেঞ্চ ওপেনে। বিশ্ব র্যাঙ্কিংয়ে ৭ নম্বরে থাকা সিন্ধুর সঙ্গে এই তাইল্যান্ডের প্লেয়ারের সাক্ষাৎকারে শেষ দুটিতেই ভারতীয় প্লেয়ারটি হারলেন। আপাতত সিন্ধু এই দু'জনের নিজেদের লড়ায়েই ৪-৬ ম্যাচে পিছিয়ে রইলেন। দ্বিতীয় গেমে রাতচানোকের দুর্দান্তভাবে ম্যাচে ফেরেন। একটি সময় ১১-৭ পয়েন্টে পিছনে ফেলে দেন সিন্ধুকে।

# স্পিনের ভেল্কিতে ঘুরে দাঁড়িয়েও শুভমনকে হারিয়ে চাপে ভারত

কানপুর, ২৭ নভেম্বর (হি.স) : শনিবার মধ্যাহ্নভোজের পরে কিউয়ি ব্যাটিংয়ের উপর কামাল দেখালেন অক্ষর। পর পর রস টেলর, হেনরি নিকোলসকে আউট করেন তিনি। ৯৫ রানের মাথায় লাথাম আউট হতেই ধসে পড়ে কিউয়ি ব্যাটিং। পরের দিকে কাইল জেমিসন ২৩ রান করলেও বাকিরা রান পাননি। ফলে ১৪২.৩ ওভারে ২৯৬ রানে অলআউট হয়ে যায় নিউজিল্যান্ড। অক্ষর ৫, অশ্বিন ৩ এবং জাডেজা ও উমেশ ১টি করে উইকেট নেন।

দ্বিতীয় ইনিংসে ব্যাট করতে নেমেও শুরুটা ভাল হয়নি ভারতের। দ্বিতীয় ওভারে মাত্র ১ রানের মাথায় কাইল জেমিসনের বলে বোল্ড হন প্রথম ইনিংসে অর্ধশতরান করা শুভমন গিল। দিনের বাকি সময়ে আর উইকেট পড়েনি। শেষ পর্যন্ত ৫ ওভারে ১৪ রানে শেষ হয় তৃতীয় দিনের খেলা। তবে এদিন ভারতকে ম্যাচে ফেরালেন সেই স্পিন ত্রয়ী। অক্ষর পটেল, রবিচন্দ্রন অশ্বিন ও রবীন্দ্র জাডেজা মিলে ৯ উইকেট নিলেন। তার ফলে কানপুরে তৃতীয় দিন ২৯৬ রানে শেষ হয়ে গেল নিউজিল্যান্ডের প্রথম ইনিংস। প্রথম ইনিংসে ৪৯ রানে এগিয়ে থাকল ভারত। তৃতীয় দিনের শেষে ভারতের রান ১ উইকেটে ১৪। সব মিলিয়ে কানপুরে ৬৩ রানে এগিয়ে রহাণেরা।

# ডার্বিতে এসসি ইস্টবেঙ্গলকে ৩-০ গোলে উড়িয়ে দিল এটিকে মোহনবাগান

কলকাতা, ২৭ নভেম্বর (হি.স) : আইএসএল-এ কলকাতা ডার্বিতে শনিবার এসসি ইস্টবেঙ্গলকে ৩-০ গোলে উড়িয়ে দিল এটিকে মোহনবাগান। পর পর তিনটি ডার্বিতে গোল করলেন তিনি।

খেলার শুরু থেকেই দাপট ছিল মোহনবাগানের। ১২ মিনিটের মাথায় গোল করে দলকে এগিয়ে দিয়েছিলেন রয় কৃষ্ণ। সেই গোলের রেশ কাটতে না কাটতেই ফের গোল। এ বার মনবীর সিংহ। যিনি গোল করলে এটিকে মোহনবাগান হারে না। হারেওনি। মুহুর্মুহু আক্রমণে তখন দিশেহারা লাল-হলুদ রক্ষণ।

গত মরসুমে মোহনবাগানে খেলা অরিন্দম ভট্টাচার্য কী করবেন বুঝেই উঠতে পারছেন না। মনবীরের গোলের সময় যে পোস্ট গার্ড নিয়েছিলেন, সেখান থেকেই গোল খেলেন তিনি। ২২ মিনিটে ব্যবধান আরও বাড়িয়ে দেন লিস্টন কোলাসো। হুগো বুমোসের বাড়িয়ে দেওয়া লম্বা থ্রু ধরে নেন লিস্টন। তাঁকে আটকাতে গোল ছেড়ে এগিয়ে আসেন অরিন্দম। লাল-হলুদ অধিনায়ককে ধরাশায়ী করে ফাঁকা গোল খুঁজে নিলেন লিস্টোন। ৩-০ গোলে এগিয়ে যায় মোহনবাগান।

চোটের জন্য মাঠ ছাড়তে হল তাঁকে। কোচ ম্যানুয়েল দিয়াজ নামিয়ে দিলেন তরুণ শুভম সেনকে। প্রথমার্ধে ৩-০ গোলে এগিয়ে থেকেই শেষ করে মোহনবাগান।

দ্বিতীয়ার্ধেও লাল-হলুদকে চাপে রেখেছিল মোহনবাগান। গোটা ম্যাচে গোলমুখী শটই নিতে পারল না ইস্টবেঙ্গল। বার বার আক্রমণে উঠে আসছিলেন রয় কৃষ্ণরা। সুযোগ কাজে লাগাতে পারলে ব্যবধান আরও বাড়িয়ে নিতেই পারতেন তাঁরা। নিজেদের ভুলেই তা হল না।

# কানপুরে কুম্বলে, হরভজনদের টপকে রেকর্ড করে ফেললেন অক্ষর পটেল

কানপুর, ২৭ নভেম্বর (হি.স) : কানপুরে রেকর্ড করলেন ভারতের বাঁ হাতি স্পিনার অক্ষর পটেল। অনিল কুম্বলে, হরভজন সিংয়ের মতো ভারতের সেরা স্পিনারদের টপকে এই রেকর্ড করলেন তিনি। মাত্র চারটি টেস্টে সাত ইনিংস বল করেছেন তিনি। এর মধ্যেই পাঁচবার পাঁচ উইকেট নিলেন অক্ষর। ভারতের হয়ে তিনিই প্রথম বোলার, যিনি এত কম ম্যাচে পাঁচ বার পাঁচ উইকেট নিলেন।



বিশ্ব ক্রিকেটে অক্ষরের আগে রয়েছেন কেবল মাত্র অস্ট্রেলিয়ার চার্লি টার্নার। চার টেস্টে ছ' বার পাঁচ উইকেট নিয়েছিলেন তিনি। অক্ষর ছাড়াও আরও দু'জন ক্রিকেটার চার টেস্টে পাঁচ বার পাঁচ উইকেট নিয়েছেন। তাঁরা হলেন ইংল্যান্ডের জোরে বোলার টম রিচার্ডসন ও অস্ট্রেলিয়ার জোরে বোলার রডনি হগ। কানপুরে নিউজিল্যান্ডের বিরুদ্ধে দ্বিতীয় ইনিংসেও যদি অক্ষর পাঁচ উইকেট পান, তা হলে যুগ্ম ভাবে প্রথম হবেন তিনি।

ভারতীয়দের মধ্যে এর আগে এই রেকর্ড যুগ্ম ভাবে ছিল লক্ষ্মণ শিবরামকৃষ্ণণ ও নরেন্দ্র হিরওয়ানির দখলে। দু'জনেই নিজেদের প্রথম চার টেস্টে তিন বার করে পাঁচ উইকেট নিয়েছিলেন। সেই রেকর্ড ভেঙে দিলেন সবে একটি সিরিজ খেলা অক্ষর।

# জুলাইয়ে রিয়ালের 'বিশাল পরিকল্পনা'

গত কয়েক বছরে তেমন কোনো তারকাকে দলে টানতে দেখা যায়নি রিয়াল মাদ্রিদকে। গত গ্রীষ্মে কিলিয়ান এমবাপেকে কেনার চেষ্টা করলেও সফল হয়নি তারা। তবে আগামী গ্রীষ্মে দলটি আঁটঘাট বেঁধেই নামতে যাচ্ছে বলে আভাস দিলেন কোচ কার্লো আনচেলত্তি।

ইতালিয়ান এই কোচ জানালেন, ২০২২-২৩ মৌসুমের আগের দলবদলে ব্যস্ত সময় পার করতে যাচ্ছেন এর আগে রিয়ালকে তারকার হাট বানিয়ে ফেলা ক্লাবটির সভাপতি ফ্লোরেন্তিনো পেরেস।

ক্লাব ফুটবলে এই শতাব্দীর শুরু থেকেই সেরা তারকাদের দলে ভেড়ানোটা যেন নিয়মে পরিণত করে ফেলেছিলেন পেরেস। দুই দফায় সভাপতি হয়ে ক্লাবে এনেছেন ব্রাজিলের 'দা ফেনোমেনন' রোনালদো, লুই ফিগো, জিনেদিন জিদান, ক্রিস্তিয়ানো রোনালদো, গ্যারেথ বেল, হামেস রদ্রিগেস ও এদেন আজারের মত তারকাদের।

তবে গত কয়েক বছর ধরে সেভাবে বড় তারকা খেলোয়াড়দের দলে টানা থেকে বিরত আছে ইউরোপের সফলতম দলটি। গত বছর বিশ্বজুড়ে করোনাভাইরাস মহামারীর প্রকোপ শুরুর পর থেকে অন্যান্য দলের মতো অর্থনৈতিকভাবে ক্ষতির মুখে পড়ে রিয়ালও। ফলে গত দুইটি গ্রীষ্মে ও একটি শীতকালীন দলবদলে নিরব উপস্থিতি ছিল স্পেনের দলটির।

ইতালিয়ান সংবাদমাধ্যম কোররিয়েরে দেল্লো স্পোর্তের সঙ্গে আলাপচারিতায় আনচেলত্তি বলেন, মহামারীর স্বত্বেও রিয়ালের সেরাদের সেরা হওয়ার লক্ষ্যে কোনো পরিবর্তন আসেনি।'রিয়াল মাদ্রিদে সবকিছু একই এবং অপরিবর্তিত আছে।' 'একমাত্র যা পরিবর্তন হয়েছে তা হলো কোচ। একই ফিজিও, কর্মী, সাংবাদিক, আগের মতোই দৃষ্টিভঙ্গি ও সেরা হওয়ার সেই তীব্র আকাঙ্ক্ষা-মহামারীর কারণে হওয়া অর্থনৈতিক ক্ষতিতেও সেসব বদলে যায়নি।'

গত গ্রীষ্মের দলবদলের শেষ দিন পর্যন্ত পিএসজি ফরোয়ার্ড এমবাপেকে দলে ভেড়ানোর আপ্রাণ চেষ্টা করেও ব্যর্থ হয়েছিল রিয়াল। গুঞ্জন রয়েছে, আগামী বছর ফ্রি ট্রান্সফারে স্পেনের সফলতম দলটিতে যোগ দিবেন তিনি। গণমাধ্যমের খবর, এমবাপে ছাড়াও যোগ দিতে পারেন বরুশিয়া ডর্টমুন্ড ফরোয়ার্ড আর্লিং হলান্ডও।

এই দুজনকেই আগামী মৌসুমে রিয়ালে দেখা যাবে কি-না, এই প্রশ্নের জবাবে কৌশলী উত্তর দিলেন আনচেলত্তি। 'এক বছরের মধ্যে, ২০২২ সালের ডিসেম্বরের শেষের আগে নতুন (সান্তিয়াগো) বের্নাবেউ প্রস্তুত হয়ে যাবে এবং ফ্লোরেন্তিনোর (পেরেস) গ্রীষ্মের দলবদলের জন্য বড় পরিকল্পনা রয়েছে।'

'ফ্লোরেন্তিনোর গুরুত্বপূর্ণ কিছু পরিকল্পনা আছে। এমবাপে ছাড়া (আর্লিং) হল্যান্ডকেও দলে আনা হবে কি-না? এ বিষয়ে পরে কথা বলা যাক।'লা লিগায় ১৩ ম্যাচে ৩০ পয়েন্ট নিয়ে শীর্ষে আছে আনচেলত্তির দল। রোববার ঘরের মাঠে রিয়ালের প্রতিপক্ষ সেভিয়া।

# মোহামেডানকে হারিয়ে শিরোপা মেরিনার্সের

শেষের বাঁশি বাজতেই চয়ন-সোহানদের কেউ উঠলেন লাফিয়ে, কেউ শুয়ে পড়লেন টার্ফে। মুহূর্তেই স্রোতের মতো সমর্থকরা ঢুকে পড়ল মাঠে। মোহামেডানকে হারিয়ে প্রিমিয়ার ডিভিশন হকি লিগের শিরোপা জয়ের উৎসবে মাতল মেরিনার ইয়াংস। শিরোপা জিততে মেরিনার্সের দরকার ছিল মাত্র ১ পয়েন্ট। আবাহনীর বিপক্ষে এই সমীকরণ মেলাতে মেলাতেও শেষ পর্যন্ত পারেনি তারা। মোহামেডানের বিপক্ষে ম্যাচে শুরুতে পিছিয়ে পড়ায় কিছুটা দুর্ভাবনা তাই উঁকি দিয়েছিল। শঙ্কার মেঘ শেষ পর্যন্ত উড়িয়ে দিল মেরিনার্স।মওলানা ভাসানী জাতীয় হকি স্টেডিয়ামে শনিবার ৩-২ গোলে জিতেছে মেরিনার্স। ১৫ ম্যাচে ১৪ জয়ে ৪২ পয়েন্ট নিয়ে মুকুট পরল মেরিনার্স। এ নিয়ে প্রিমিয়ার ডিভিশন হকি লিগে দ্বিতীয় শিরোপার স্বাদ পেল তারা। শিরোপাটির স্বাদ মেরিনার্স প্রথম পেয়েছিল ২০১৬ সালে। প্রথম পিসি (পেনাল্টি কর্নার) নষ্ট করার পর দশম মিনিটে দ্বিতীয় পিসি থেকে গোল তুলে নেয় মোহামেডান। অধিনায়ক রাসেল মাহমুদ জিমির পুশ কামরুজ্জামান পিন্টু স্টপ করার পর আর্জেন্টাইন গনসালো পেইয়াতের হিটে বল জালে জড়ায়। প্রথম কোয়ার্টারে শেষ মিনিটে পিসি থেকে সমতায় ফিরে মেরিনার্স। মিলন হোসেনের পুশ প্রদীপ মোর স্টপ করার পর সোহানুর রহমান সোহান লক্ষ্যভেদ করেন। দ্বিতীয় কোয়ার্টারে মেরিনার্সের তাসিন আলি গোলরক্ষককে কাটানোর পর বাইরে মেরে সুযোগ নষ্ট করার পর ২৫তম মিনিটের পিসি থেকে এগিয়ে যায় তারা। মিলনের পুশ মোর স্টপ করার পর সোহানের হিটে পরাস্ত আল আমিন। এই অর্ধের শেষ দিকে দুটি পিসির কোনোটিই কাজে লাগাতে পারেনি হোয়াকিম মেনিনি-অজিত কুমার ঘোষ-পেইয়াতের কম্বিনেশন। তৃতীয় কোয়ার্টারের শুরুতে মোহামেডানের মেনিনির হিট পোস্টে লেগে প্রতিহত হয়। ৪৩তম মিনিটে প্রিন্স লালের হিট ঠেকিয়ে মেরিনার্সকে জয়ের পথে রাখেন বিপ্লব কুজুর।৫১তম মিনিটে বক্সে ঢুকেই জোরালো হিট নেন প্রদীপ মোর। বল আটকানোর সুযোগই পাননি মোহামেডান গোলরক্ষক। ছয় মিনিট পর মোহামেডানের সারোয়ারি হোসেনের গোলে জমে ওঠে ম্যাচ। শঙ্কাও জাগে আবাহনীর বিপক্ষে আগের ম্যাচে ৩-৩ সমতায় থাকার পর দুই সেকেন্ড বাকি থাকতে গোল হজম করে মেরিনার্সের হেরে যাওয়ার পুনরাবৃত্তি হয় কি-না। কিন্তু শেষ পর্যন্ত সব শঙ্কা দূর করে জিতেই শেষটা রাঙাল তারা।১৫ ম্যাচে ৩৯ পয়েন্ট নিয়ে দ্বিতীয় হয়েছে আবাহনী। ৩৬ পয়েন্ট নিয়ে তৃতীয় মোহামেডান। জয়ের প্রতিক্রিয়ায় মেরিনার্স অধিনায়ক মামুনুর রহমান চয়ন জানালেন, আগের ম্যাচে আবাহনীর কাছে হারের হতাশা ঝেড়ে ফেলার তৃপ্তি।"আবাহনীর কাছে হারের পর একটা শঙ্কা ছিল। মানসিকভাবে একটু বিপর্যস্ত ছিলাম।

# লিভারপুলের আরেকটি বড় জয়

লিভারপুলের আক্রমণাত্মক ফুটবলের জবাব খুঁজে পেল না সাউথ্যাম্পটন। দাপুটে পারফরম্যান্সে আরেকটি বড় জয়ে প্রিমিয়ার লিগের পয়েন্ট টেবিলে দ্বিতীয় স্থানে উঠে এলো ইয়ুর্গেন ক্লপের দল। অ্যানফিল্ডে শনিবার লিগ ম্যাচে ৪-০ গোলে জিতেছে লিভারপুল। জোড়া গোল করেন দিয়োগো জটা, একটি করে থিয়াগো আলকান্তারা ও ভার্জিল ফন ডাইক। গত রাউন্ডে আর্সেনালের বিপক্ষেও একই ব্যবধানে জিতেছিল সবশেষ ২০১৯-২০ মৌসুমে লিগ শিরোপা জেতা লিভারপুল।




বল দখল ও আক্রমণে আধিপত্য করা লিভারপুল দ্বিতীয় মিনিটেই সাফল্য পায়। অ্যান্ড্রু রবার্টসনের কাট-ব্যাকে কাছ থেকে গোলটি করেন পর্তুগিজ ফরোয়ার্ড জটা। দ্বাদশ মিনিটে রবার্টসনের ফ্রি-কিকে সাদিও মানে হেডে বল জালে পাঠালেও অফসাইডের পতাকা তোলেন লাইন্সম্যান।

বিরতির আগে পাঁচ মিনিটের মধ্যে আরও দুই গোল করে ম্যাচের নিয়ন্ত্রণ মুঠোয় নেয় স্বাগতিকরা। ৩২তম মিনিটে মোহামেদ সালাহর পাসে কাছ থেকে ফাঁকা জালে বল পাঠান অরক্ষিত জটা। এরপর ডি-বক্সের বাইরে আলগা বল পেয়ে ভেতরে ঢুকে বাঁ পায়ের শটে স্কোরলাইন ৩-০ করেন আলকান্তারা।

দ্বিতীয়ার্ধের পুরোটা সময়ও আধিপত্য ধরে রাখে লিভারপুল। ৫২তম মিনিটে স্কোরশিটে নাম লেখান ডাচ ডিফেন্ডার ফন ডাইক। ৭২তম মিনিটে কাছ থেকে উড়িয়ে মেরে হ্যাটট্রিকের সুযোগ হাতছাড়া করেন জটা।

শেষ দিকে গোল পেতে পারতেন সালাহ। তার কয়েকটি প্রচেষ্টা ঠেকান সফরকারী ডিফেন্ডাররা।

১৩ ম্যাচে আট জয় ও চার ড্রয়ে ২৮ পয়েন্ট নিয়ে দুইয়ে আছে লিভারপুল। এক ম্যাচ কম খেলে ২৯ পয়েন্ট নিয়ে শীর্ষে চেলসি। তাদের সমান ম্যাচে ২৬ পয়েন্ট নিয়ে তিন নম্বরে শিরোপাধারী ম্যানচেস্টার সিটি। ২৩ পয়েন্ট নিয়ে চারে ওয়েস্ট হ্যাম ইউনাইটেড। দিনের প্রথম ম্যাচে নিউক্যাসল ইউনাইটেডকে ২-০ গোলে হারানো আর্সেনাল ১৩ ম্যাচে ওয়েস্ট হ্যামের সমান পয়েন্ট নিয়ে পাঁচে আছে।

সৃষ্টির প্রেরণায় নতুন প্রতিশ্রুতি
উন্নত মুদ্রণ
সাদা, কালো, রঙিন
নতুন ধারায়
রেণ্‌বো প্রিন্টিং ওয়ার্কস
জাগরণ ভবন, (লক্ষ্মীনারায়ণ মন্দির সংলগ্ন), এন এল বাড়ি লেইন
প্রভুবাড়ী, বনমালীপুর, আগরতলা, ত্রিপুরা পশ্চিম - ৭৯৯০০১
ফোন - ০৩৮১-২৩৮ ৪৯৮৪
ই-মেল ঃ rainbowprintingworks@gmail.com

■ Phone : 0381- 2384984, e-mail : jagarandaily@gmail.com
■ Postal Regd. No. AGT/NE-928/2021- 2023




শনিবার আগরতলায় অনুষ্ঠিত হয়েছে পূর্বোদয় সামাজিক সংস্থার বার্ষিক সাধারণ সভার উদ্বোধনী অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী ও তথ্যমন্ত্রী। ছবি নিজস্ব।

# করোনা-পরিস্থিতি ও টিকাকরণ নিয়ে উৎকণ্ঠা, জরুরি বৈঠক প্রধানমন্ত্রীর

নয়াদিল্লি, ২৭ নভেম্বর (হি.স.): দেশের করোনা-পরিস্থিতি ও টিকাকরণ নিয়ে জরুরি বৈঠক করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। শনিবার স্বাস্থ্য দফতরের শীর্ষ আধিকারিক-সহ অন্যান্য শীর্ষ আধিকারিকদের সঙ্গে গুরুত্বপূর্ণ বৈঠক করেছেন প্রধানমন্ত্রী। এই বৈঠকে উপস্থিত ছিলেন মন্ত্রিসভার সচিব রাজীব গৌবা, প্রধানমন্ত্রীর প্রিন্সিপাল সচিব পি কে মিশ্র, কেন্দ্রীয় স্বাস্থ্য সচিব রাজেশ ভূষণ ও নীতি আয়োগের সদস্য (স্বাস্থ্য) ডাঃ ভি কে পল-সহ অন্যান্যরা। দেশের কোভিড অতিমারি এবং টিকাকরণ পরিস্থিতি নিয়ে আলোচনার জন্য শনিবার এই জরুরি বৈঠক করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। সকাল সাড়ে ১০টায় শুরু হয় সেই বৈঠক। বৈঠক চলে প্রায় ২ ঘন্টা।

করোনাভাইরাসের নতুন রূপ বি১.১.৫২৯, যার নাম বিশ্ব স্বাস্থ্য সংস্থা দিয়েছে ওমিক্রন। ভাইরাসের 'ভয়াবহ' এই রূপ যেন দেশে ছড়িয়ে না পড়ে তা নিয়েও আলোচনা হয়েছে। এই রূপ নিয়ে ইতিমধ্যে রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলগুলিকে সতর্ক করেছে কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রক। স্বাস্থ্য মন্ত্রকের সচিব রাজেশ ভূষণ ইতিমধ্যেই চিঠি দিয়েছেন রাজ্যগুলিকে। প্রধানমন্ত্রীর দফতর থেকে জানানো হয়েছে, করোনার নতুন প্রজাতি ওমিক্রন-এর বৈশিষ্ট্য ও বিভিন্ন দেশে এই প্রজাতির প্রভাব সম্পর্কে প্রধানমন্ত্রীকে অবগত করেছেন আধিকারিকরা। সতর্ক ও প্রয়োজনীয় ব্যবস্থা নিতে বলেছেন প্রধানমন্ত্রী।

প্রধানমন্ত্রীর দফতর থেকে আরও জানানো হয়েছে, ঝুঁকি রয়েছে এমন দেশগুলির প্রতি বিশেষ নজর, আন্তর্জাতিক আগমণ, পরীক্ষা প্রভৃতির প্রয়োজনীয়তা তুলে ধরেন প্রধানমন্ত্রী। রাজ্য ও জেলা পর্যায়ে যথাযথ সচেতনতা নিশ্চিত করতে রাজ্য সরকারগুলির সঙ্গে নিবিড়ভাবে কাজ করার জন্য আধিকারিকদের নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী।

## দক্ষিণ আফ্রিকা থেকে আগত সকলকে কোয়ারেন্টাইনে রাখা হবে

মুম্বই, ২৭ নভেম্বর (হি.স.): দক্ষিণ আফ্রিকায় চলতি সপ্তাহে প্রথম চিহ্নিত হয়েছে বি.১.১.৫২৯ নামে করোনাভাইরাসের নতুন প্রজাতি। কোভিড টিকার কার্যকারিতা রুখে দিতে পারে ভাইরাসের এই নতুন রূপ। তাই দক্ষিণ আফ্রিকা থেকে মুম্বইয়ে আগত সকলকে কোয়ারেন্টাইনে রাখা হবে, শনিবার জানিয়ে দিলেন মুম্বইয়ের মেয়র কিশোরী পেডনেকর। পাশাপাশি দক্ষিণ আফ্রিকা থেকে আগত সংশ্লিষ্ট ব্যক্তিদের নমুনা পরীক্ষার জন্য পাঠানো হবে।

শনিবার মুম্বইয়ের মেয়র কিশোরী পেডনেকর জানিয়েছেন, দক্ষিণ আফ্রিকা থেকে আগত প্রত্যেককে মুম্বই পৌঁছানোর সঙ্গে সঙ্গে কোয়ারেন্টাইন করা হবে এবং তাঁদের নমুনা জিনোম সিকোয়েন্সিংয়ের জন্য পাঠানো হবে। ইতিমধ্যেই প্রস্তুতিও শুরু করে দিয়েছে বৃহন্মুম্বই পৌর নিগম। প্রসঙ্গত, দক্ষিণ আফ্রিকায় যত জন কোভিড সংক্রমিত হয়েছেন তাঁদের মধ্যে ৯০ শতাংশের দেহেই ওমিক্রন মিলেছে। সবচেয়ে বেশি আক্রান্ত হয়েছেন জোহানেসবার্গে। সেখানে সংক্রমিতদের মধ্যে অধিকাংশই স্কুল এবং কলেজ পড়ুয়া।

## কৃষি আইন প্রত্যাহার ঘোষণার পর আন্দোলন চালিয়ে যাওয়ার মানে হয় না : কৃষিমন্ত্রী

নয়াদিল্লি, ২৭ নভেম্বর (হি.স.): তিনটি কৃষি আইন ইতিমধ্যেই প্রত্যাহারের ঘোষণা করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। কেন্দ্র আশ্বস্ত করেছে, সংসদের আসন্ন অধিবেশনেই তিনটি কৃষি বিল বাতিল করে দেওয়া হবে। তা সত্ত্বেও এখনও আন্দোলন চালিয়ে যাচ্ছেন কৃষকরা। কৃষকদের এই আন্দোলন প্রসঙ্গে কেন্দ্রীয় কৃষিমন্ত্রী নরেন্দ্র সিং তোমর জানিয়েছেন, 'তিনটি কৃষি আইন বাতিলের ঘোষণার পরও, কৃষকদের আন্দোলন চালিয়ে যাওয়ার কোনও মানে নেই। আমি কৃষকদের তাঁদের আন্দোলন শেষ করে বাড়ি ফিরে যাওয়ার আহ্বান জানাচ্ছি।'

আন্দোলন চলাকালীন অনেক কৃষকের নামে মামলা হয়েছে, অনেক কৃষকের মৃত্যুও হয়েছে। এ প্রসঙ্গে কেন্দ্রীয় কৃষিমন্ত্রী নরেন্দ্র সিং তোমর বলেছেন, 'আন্দোলনের সময় দায়ের হওয়া মামলার বিষয়টি রাজ্য সরকারের এক্তিয়ারের অধীন। এ বিষয়ে রাজ্য সরকারই সিদ্ধান্ত নেবে। ক্ষতিপূরণের বিষয়টিও রাজ্য সরকার দেখবে।' ন্যূনতম সহায়ক মূল্য (এমএসপি) নিয়ে কৃষকদের আশ্বস্ত করে তোমর বলেছেন, 'শস্য বৈচিত্র্য, শূন্য-বাজেট চাষ এবং এমএসপি ব্যবস্থাকে আরও স্বচ্ছ ও কার্যকর করার বিষয়ে চিন্তাভাবনা করার জন্য একটি কমিটি গঠন করার ঘোষণা করেছেন প্রধানমন্ত্রী। এই কমিটিতে কৃষক সংগঠনের প্রতিনিধি থাকবেন। এই কমিটির গঠনের মাধ্যমে এমএসপি-তে কৃষকদের দাবি পূরণ হবে।'

## শিক্ষকদের জলের ট্যাঙ্কের ওপর পাঠাচ্ছে পঞ্জাবের কংগ্রেস সরকার : কেজরিওয়াল

মোহালি, ২৭ নভেম্বর (হি.স.): পঞ্জাবের কংগ্রেস সরকারকে তীব্র আক্রমণ করলেন দিল্লির মুখ্যমন্ত্রী ও আম আদমি পার্টির জাতীয় আহ্বায়ক অরবিন্দ কেজরিওয়াল। আক্ষেপ প্রকাশ করে কেজরিওয়াল বলেছেন, 'আমরা দিল্লির শিক্ষকদের প্রশিক্ষণের জন্য ইংল্যান্ড, সুইডেনে পাঠাই। আর কংগ্রেস সরকার তাঁদের জলের ট্যাঙ্কের ওপর পাঠাচ্ছে!' শনিবার পঞ্জাবের মোহালিতে পঞ্জাবের শিক্ষকদের ধর্ণা ও আন্দোলনে যোগ দেন দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়াল। চরণজিৎ সিং চান্নি সরকারের বিরুদ্ধে এদিন আন্দোলন করছিলেন শিক্ষকরা। কেজরিওয়াল এদিন বলেছেন, 'সরকারি স্কুলের শিক্ষকদের দাবিকে পূর্ণ সমর্থন করছে আম আদমি পার্টি।' কেজরিওয়াল এদিন বলেছেন, 'দিল্লির সরকারি স্কুলগুলি অরবিন্দ কেজরিওয়াল অথবা মণীশ সিসোদিয়ার জন্য রূপান্তরিত হয়নি। আমাদের সরকারি স্কুলের শিক্ষকরা নিজেদের রূপান্তরিত করেছেন। আমরা দিল্লিতে শিক্ষকদের সমস্ত সমস্যা সমাধান করেছি। এখন পাঞ্জাবেও করব। এটা আপনাদের কাছে আমার প্রতিশ্রুতি।'

পঞ্জাবের শিক্ষামন্ত্রীকে কটাক্ষ করে কেজরিওয়াল বলেছেন, 'পঞ্জাবের শিক্ষামন্ত্রী টুইট করে জানাচ্ছেন পঞ্জাবের সরকারি স্কুল দেশের মধ্যে সবথেকে ভালো। একবার ধর্ণায় বসে থাকা এই শিক্ষকদেরই জিজ্ঞেস করুন, পঞ্জাবের স্কুল কতটা ভালো। পঞ্জাবের শিক্ষকরা বেতন পাচ্ছেন ৬ হাজার টাকা, দিল্লিতে ন্যূনতম পারিশ্রমিক ১৫ হাজার টাকা।'

ওভারহেড জলের ট্যাঙ্কের উপরে ধর্নায় বসে থাকা পঞ্জাবের শিক্ষকদের সঙ্গে এদিন দেখা করেন কেজরিওয়াল। আক্ষেপ প্রকাশ করে কেজরিওয়াল বলেছেন, 'অত্যন্ত দুঃখের বিষয় হল এই যে, আমরা দিল্লির শিক্ষকদের প্রশিক্ষণের জন্য ইংল্যান্ড, সুইডেনে পাঠাই।

# সোয়াইন ফ্লুতে ২০৬টি শূকরের মৃত্যুতে সর্বস্বান্ত অসহায় চাষী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৭ নভেম্বর।।** সোয়াইন ফ্লুতে ২০৬টি শূকরের মৃত্যুতে সর্বস্বান্ত এক শূকর পালক। ঘটনা চরিলাম আর ডি ব্লকের অন্তর্গত চেচুড়ী মাই গ্রাম পঞ্চায়েতের থালা ভাঙ্গা এলাকায়। চরিলাম ব্লকের অন্তর্গত চেচুড়ী মাই গ্রাম পঞ্চায়েতের থালা ভাঙ্গা এলাকায় সোয়াইন ফ্লুর মারাত্মক প্রকোপ প্রকোপ দেখা দিয়েছে।ঘটনার বিবরণে জানা যায় গত কয়েকদিনে সোয়াইন ফ্লুতে২০৬ টি শুকরের মৃত্যু হয়েছে। শুকর পালকের নাম বিক্রম দাস। জন্ম লগ্ন থেকেই শুকর ব্যবসা করে আসছেন পরেশ দাস।বিক্রম দাস ছোটবেলা থেকেই দেখে আসছেন তার পিতা শুকর প্রতিপালন করছে। বিক্রম প্রথম একটি শুকর ক্রয় করেছিল।

তারপর এই একটি শুকর থেকে ধীরে ধীরে বাড়তে থাকে শুকর। বিক্রম উদ্যোগ নেয় একটি শুয়োরের ফার্ম খুলবে। পরিশ্রম করে টাকা জমিয়ে নিজস্ব জুত জায়গায় ১৪ লক্ষ টাকা খরচ করে ৫০ টি শুকরের ঘর করেছেন। তিন বছর হয়েছে ফার্ম তৈরি করেছেন।সেই ফার্মগুলোতে ২০০৬ টি শূকরকে লালন পালন করে বড় করে তুলেছেন। একেকটি শুকর আড়াইশো থেকে ৩০০ কেজি ,এমনকি ৫১০ কেজি পর্যন্ত হয়েছিল। প্রতিটি শুকর এর দাম ছিল প্রায় ৫০থেকে ৬০ হাজার টাকা করে।এই কয়েকদিনের মধ্যে দেখতে দেখতে সব গুলি শুকর মরে যায়। চিকিৎসকের পরামর্শ নিয়েছেন।আগরতলা থেকে এবং মেলাঘর থেকে ভাল চিকিৎসক নিশিকান্ত বাবু এবং গৌরাঙ্গ বাবুকে নিয়ে চিকিৎসা করিয়েছেন। একদিনে ১৪০০০ টাকার ভ্যাকসিন করিয়েছেন। দুই থেকে তিন লক্ষ টাকা চিকিৎসা বাবদ খরচ করেছেন। এরপরেও শুকর গুলিকে বাঁচাতে পারেনি বিক্রম। একদিনে পঁচিশটি পর্যন্ত শুকর মরে যায়। সেই শুকর গুলিকে নিজ নিজ জায়গায় মাটির নিচে কবর দিয়েছেন।প্রায় ৫০ থেকে ৬০ লক্ষ টাকা ক্ষতি হয়েছে বিক্রম দাস এর।

২০৬ টি শূকরের এর মৃত্যু হওয়ায় মানসিকভাবে একেবারে ভেঙ্গে পড়েছেন বিক্রম দাস। এখন অনেকগুলি শূকরের ঘর খালি। বন্ধু থেকে ১০ থেকে১৫ টি শুকর ধার করে এনে এখন প্রতি পালন করছেন। চিকিৎসকরা বিক্রকে বলেছেন আর টাকা খরচ করে লাভ হবে না। সোয়াইন ফ্লু এসেছে তাই সবগুলি শুকরের মৃত্যু হয়েছে। সর্বস্বান্ত শুকর পালন বিক্রম দাস পঞ্চায়েত এর নিকট এবং সরকারের নিকট সাহায্য চেয়েছেন। যাতে কিছু সাহায্য পেয়ে আবার শুকর ক্রয় করে শুকর প্রতিপালন করে স্বাবলম্বী হতে পারেন।

## বিলোনীয়াতেও ভোট গণনার প্রস্তুতি চূড়ান্ত

**নিজস্ব প্রতিনিধি, বিলোনীয়া, ২৭ নভেম্বর।।** ২৮ শে নভেম্বর হবে ভোট গণনা। রাজ্যের অন্যান্য পৌর ও নগর নির্বাচনের ভোট গণনার সাথে বিলোনিয়াতেও চলবে এই ভোট গণনা প্রক্রিয়া। বিলোনিয়া বি কে আই স্কুলে চলবে পৌর পরিষদের নির্বাচনের ভোট গণনার কাজ। কিন্তু প্রধান বিরোধী দল সি পি আই এম পৌরভোট প্রহসনে পরিণত হয়েছে, পুনরায় ভোটের দাবি তুলে ভোট গণনা বয়কট করতে যাচ্ছে। প্রতিটি বুথে সন্ত্রাস ও ছাপ্পা ভোটের অভিযোগ তুলে ভোট গণনার কেন্দ্রে অংশগ্রহণ করবে না সিপিআইএম। সিপিআইএম বিলোনিয়া মহকুমা কমিটির কার্যালয়ে সংবাদ মাধ্যমের প্রতিনিধিদের সামনে জানান বিলোনিয়া পৌর পরিষদের বাম মনোনীত প্রার্থী তথা প্রাক্তন চেয়ারম্যান দীপঙ্কর সেন। সাথে ছিলেন বাম মনোনীত অন্যান্য প্রার্থী মানব রায়, মানিক দাস, মধুসূদন দত্ত। এইদিন বাম মনোনীত প্রার্থী তথা প্রাক্তন চেয়ারম্যান দীপঙ্কর সেন, আরো বলেন বিলোনিয়া পৌর পরিষদের নির্বাচনের দিন বহিরাগত দের দিয়ে ভোটারদের হুমকি থেকে শুরু করে ভয়ভীতি প্রদর্শন, প্রার্থী ও পোলিং এজেন্টদের মারধর , ভোট কেন্দ্রে যেতে বাঁধা। বিভিন্নভাবে পৌর নির্বাচনকে প্রহসনে পরিণত করে , অবাধ ভাবে ছাপ্পা ভোট পরেছে। এই ভোট বিলোনিয়া শহর বাসীদের ভোট নয়, এই ভোট পঞ্চায়েতের বহিরাগতদের ভোট তাই তিনি মনে করেন ভোট গণনায় অংশগ্রহণ কোন ভাবেই উচিত হবে না।

## বাগমায় বাইক দূর্ঘটনায় গুরুতর আহত দুজন

**নিজস্ব প্রতিনিধি, উদয়পুর, ২৭ নভেম্বর।।** একের পর এক পথ দুর্ঘটনায় উদ্বিগ্ন সাধারন জনগণ ও পথ চলতি মানুষ। দুর্ঘটনা পিছু ছাড়ছেনা। আজ এ রকমই একটি পথ দুর্ঘটনা সংগঠিত হয় বাগমা এলাকার জাতীয় সড়কে। দ্রুতগামী একটি বাইক দুর্ঘটনায় গুরুত্বর আহত হয়েছেন দুই জন। শনিবার বিকেল আনুমানিক সাড়ে তিনটে নাগাদ রাধাকিশোরপুর থানাধীন বাগমা পুলিশ ফাঁড়ির বারভাইয়া গ্রাম পঞ্চায়েতের পাশে জাতীয় সড়কে। টিআর ০১- এ এইচ ৭২০৪ নাম্বরের একটি বাইক উদয়পুর থেকে আগরতলার উদ্যশ্যে যাচ্ছিলো। বাগমা বারভাইয়া পঞ্চায়েত অফিসের সামনে আসতেই রাস্তায় থাকা ট্রাফিক দপ্তরের বালির ড্রামে মধ্যে সজোরে ধাক্কা মেরে চালক সহ আরোহী রাস্তায় লুটিয়ে পরে। সড়ক দুর্ঘটনার খবর পেয়ে ঘটনা স্থলে ছুটে আসেন বাগমা ফাঁড়ি থানার ওসি খোকন সাহা সহ পুলিশ বাহিনী। বাগমা ফাঁড়ির ওসি খোকন সাহা সাথে সাথে দুর্ঘটনাগ্রস্ত আগরতলা অভয় নগর বাসিন্দা কৃপা শীল এবং লক্ষণ ডেপা নিবাসী সুকান্ত দত্ত দুজনকে নিজের গাড়িতে উঠিয়ে গোমতি জেলা হাসপাতালে পৌঁছে দেন। বর্তমানে জেলা হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় আছেন। তাদের মধ্যে কৃপা শীলের অবস্থা আশঙ্কাজনক বলে চিকিৎসকরা জানিয়েছেন। এলাকাবাসী পথ দুর্ঘটনা বৃদ্ধি পাওয়ায় উদ্বিগ্ন ও চিন্তার মধ্যে দিন কাটাচ্ছেন।

# গৃহবধূকে ধর্ষণ, মহিলাদের সুরক্ষার দাবীতে তিপ্রা মথার মিছিল মনপাথর বাজারে

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৭ নভেম্বর।।** মুড়াসিং পাড়ায় আয়োজিত ঐতিয্যবাহী রাস মেলা থেকে বাড়ি ফেরার পথে উদয়পুর টেপানিয়া ইকোপার্ক সংলগ্ন এলাকায় কিল্লা এলাকার এক গৃহবধূকে অপরহরন করে ধর্ষণের ঘটনায় জড়িতদের কঠোর শাস্তির দাবিতে মন পাথর বাজারে বিক্ষোভ মিছিল সংঘটিত করল তিপ্রামথা। গনধর্ষনের প্রতিবাদ জানিয়ে তিপ্রামথা দলের উদ্দ্যোগে মনপাথর বাজারে এক বিক্ষোভ মিছিল সংগঠিত করা হয়।

ঘটনার বিবরনে জানা যায় ,গত ১৯শে নভেম্বর শান্তির বাজার মহকুমার মুড়াসিং পাড়ায় আয়োজিত ঐতিয্যবাহী রাস মেলা থেকে বাড়ি ফেরার পথে উদয়পুর টেপানিয়া ইকোপার্ক সংলগ্ন এলাকায় কিল্লা এলাকার এক গৃহবধূকে অপরহরন করে নিয়ে গিয়ে সারা রাতব্যাপী ধর্ষন করে বলে অভিযোগ। জানা যায়, গৃহবধূর স্বামীর উপর আক্রমন করে গৃহবধূকে নিয়ে পালিয়ে যায় দুস্কৃতিকারিকা। এই ধর্ষনকান্ডে জড়িত তিনজনকে আটক করেছে পুলিশ। এই ধর্ষন কান্ডের সাথে জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে ও রাজ্যে নারীদের সুরক্ষা প্রদানে রাজ্যসরকারকে বিশেষ ব্যাবস্থা গ্রহনের জন্য মনপাথর বাজার কাপিয়ে এক বিশাল বিক্ষোভ মিছিল সংগঠিত করলো তিপ্রামথা। বিক্ষোভ মিছিলে উপস্থিত ছিলেন জোনালের ভাইস চেয়ারম্যান হরেন্দ্র রিয়াং, তিপ্রামথা দলের সাব্রুম ডিভিশনাল কমিটির সভাপতি পরিমল রিয়াং, তিপ্রামথা দলের দক্ষিন জেলার মেম্বার জুয়েল রিয়াং, শান্তির বাজার ব্লক প্রেসিডেন্ট প্রতাপ রিয়াং সহ তিপ্রামথা দলের অন্যান্য নেতৃত্ববৃন্দ। তিপ্রামথা দল কতৃক আয়োজিত এই বিক্ষোভ মিছিলে মহিলাদের উপস্থিতির হার ছিলো লক্ষ্যনীয়।

# বিশালগড় বাইপাসে যান দূর্ঘটনায় গুরুতর আহত দু'জন

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৭ নভেম্বর।।** শনিবার সাত সকালে পথদুর্ঘটনায় গুরুতরভাবে আহত হয়েছে দুজন।ঘটনা বিশালগড়ের বাইপাস রোডে লকডাউন বাজার সংলগ্ন এলাকায়। শনিবার সাতসকালে একটি লরি নিয়ন্ত্রণ হারিয়ে দুর্ঘটনার কবলে পরে। তাতে আহত হয় ২ জন। ঘটনা বিশালগড় বাইপাসের লকডাউন বাজার সংলগ্ন এলাকায়। ঘটনার বিবরণে জানা যায়, শনিবার সাত সকালে আগরতলা থেকে বিলোনিয়ায় মাল নিয়ে যাওয়ার সময় এএস০১এফ৫৭৩৯ নম্বরের লরিটি বিশালগড় লকডাউন বাজার এলাকায় আসতেই দুর্ঘটনাগ্রস্ত হয়ে পড়ে। প্রত্যক্ষদর্শীদের অভিমত মাত্রাতিরিক্ত গতিতে ছিল লরিটি। তাছাড়া লরির চালক কৃষ্ণধন ভৌমিকও মদমত্ত অবস্থায় ছিল। যার দরুণ রাস্তার ডান দিকে গিয়ে নিয়ন্ত্রণ হারিয়ে দুর্ঘটনাগ্রস্ত হয় গাড়িটি। এতে আহত হয় গাড়ির ভিতরে থাকা গাড়ির চালক কৃষ্ণধন ভৌমিক ও জামাতা পরিমল ভান্ডারী। প্রত্যক্ষদর্শীরা খবর দেয় বিশালগড় অগ্নিনির্বাপক দপ্তরে। ঘটনাস্থলে পৌঁছে অগ্নিনির্বাপক দফতরের কর্মীরা পরিমল ভাণ্ডারিকে উদ্ধার করে বিশালগড় মহকুমা হাসপাতালে নিয়ে যায়।পুলিশ এ ব্যাপারে একটি মামলা গ্রহণ করে ঘটনার তদন্ত শুরু করেছে। প্রাথমিক তদন্তে জানা গেছে পরিচালকের অসাবধানতার কারণেই দুর্ঘটনাটি ঘটেছে।

# কুড়ি দিন ধরে বিশালগড় থেকে নিখোঁজ এক ব্যক্তি

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৭ নভেম্বর।।** বিশালগড়ের জাঙ্গালিয়া এলাকা থেকে :এক ব্যক্তি নিখোঁজ হয়েছে। নিখোঁজ ব্যক্তির নাম নিতু চক্রবর্তী। বিশালগড় থানাধীন জাঙ্গালিয়া এলাকা থেকে এক ব্যক্তি নিখোঁজ হওয়ার ঘটনাকে কেন্দ্র করে এলাকার জনমনে তীব্র চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে।ঘটনার বিবরণে জানা যায়, ২০ দিন ধরে জাঙ্গালিয়া নিজ বাড়ি থেকে নিখোঁজ হয়ে যায় নিতু চক্রবর্তী নামে এক ব্যক্তি। তার বয়স ৪০ বছর। নিতু চক্রবর্তী পেশায় বাদ্যযন্ত্রের শিল্পী হিসেবে কাজ করতো।

পরিবারের সদস্যদের কাছে কোন কিছু না বলে বাড়ি থেকে চলে যায় নিতু চক্রবর্তী। পরবর্তী সময়ে পরিবারের লোকজনরা অনেক খোঁজাখুঁজি করার পর কোন হদিস পাননি নিতু চক্রবর্তীর। পরিবারের লোকজনরা দ্বারস্থ হয়েছেন বিশালগড় থানার। আনার দ্বারস্থ হয়ে কাজের কাজ কিছুই হয়নি। অভিযোগ আবারো ব্যর্থতার পরিচয় দিল বিশালগড় থানার পুলিশ বাবুরা। শেষ পর্যন্ত শনিবার নিতু চক্রবর্তীর পরিবার দ্বারস্থ হয়েছে সংবাদমাধ্যমের। এখন দেখার বিষয় নিখোঁজ ব্যক্তিকে উদ্ধার করতে কী ভূমিকা গ্রহণ করে পুলিশ। সেদিকে তাকিয়ে রয়েছে বিশালগড় জাঙ্গালিয়া এলাকার নিতুর পরিবার সহ এলাকার লোকজন।

# কৃষক আন্দোলনের বর্ষপূর্তিতে বিলোনীয়ায় কৃষক সভার মিছিল

**নিজস্ব প্রতিনিধি, বিলোনীয়া, ২৭ নভেম্বর।।** কৃষক আন্দোলনের বর্ষপূর্তিতে সারা ভারত কৃষক সভা বিলোনিয়া মহকুমা কমিটির উদ্যোগে শনিবার বেলা ১১ ঘটিকায় সিপিআইএম বিভাগীয় কমিটির কার্যালয়ে কৃষক আন্দোলনে শহীদ দের প্রতি শ্রদ্ধা জানিয়ে এক কর্মসূচি পালন করা হয়। এদিনের শহীদদের প্রতি শ্রদ্ধার্ঘ প্রদান অনুষ্ঠানে শহীদ বেদিতে পুষ্পার্ঘ্য অর্পণ এবং নীরবতা পালনের মধ্য দিয়ে শুরু হয় এ দিনের কর্মসূচি। উক্ত কর্মসূচিতে উপস্থিত ছিলেন কৃষক সভার বিলোনিয়া বিভাগীয় কমিটির সম্পাদক বাবুল দেবনাথ, সিপিএম জেলা কমিটির সম্পাদক বাসুদেব মজুমদার, খেতমজুর ইউনিয়নের কেন্দ্রীয় নেতৃত্ব দীপঙ্কর সেন, , যুব নেতৃত্ব মধুসূদন দত্ত সহ বিভিন্ন গন সংগঠনের নেতৃত্ব ও কর্মী সমর্থক। কর্মসূচি শেষে সারা ভারত কৃষক সভা বিলোনিয়া মহকুমা কমিটির সম্পাদক বাবুল দেবনাথ আলোচনা রাখতে গিয়ে বলেন , যারা এই কৃষক আন্দোলনের মারা গেছেন তাদের পরিবারের সেখানে ক্ষতিপূরণের ব্যবস্থা করতে হবে, বিদ্যুৎ বিল বাতিল করতে হবে, এই দাবিগুলি নিয়ে সারাদেশে কৃষাণ সংযুক্ত মোর্চা ঘোষণা করেছেন এ আইন গুলি যতদিন কার্যকর না হচ্ছে এবং কৃষি আইন যতক্ষণ না বাতিল হচ্ছে ততক্ষণ এ আন্দোলন জারি থাকবে, এর পাশাপাশি তিনি আরো বলেন বিভিন্ন গণসংগঠন গত এক বছর যাবত এ আন্দোলনকে সফল করার ক্ষেত্রে সমস্ত অংশের জনগণকে সংগঠিত করার জন্য বিভিন্নভাবে যারা সাহায্য করেছেন তাদের প্রতি কৃতজ্ঞতা জানান কৃষক সভার নেতৃত্ব বাবুল দেবনাথ।




রাজ্যের আইন শৃঙ্খলা নিয়ে এআইজি'র সাথে সাক্ষাৎ করেছেন বামপন্থী যুব সংগঠনের নেতৃত্বরা। ছবি নিজস্ব।

স্বত্বাধিকারী পরিতোষ বিশ্বাস কর্তৃক রেন্‌বো প্রিন্টিং ওয়ার্কস আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল এন বাড়ী লেইন, আগরতলা ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক-পরিতোষ বিশ্বাস।